
উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

# উত্তরবঙ্গ সংবাদ

JAL

‘এত শুল্ক চাপাব যে তোমাদের মাথা ঘুরে যাবে’ » ৭

**ইআরও-এইআরও নিয়োগের নির্দেশ**
রাজ্যে বিধানসভা ভিত্তিক ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার (ইআরও) এবং অ্যাসিস্ট্যান্ট ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার নিয়োগ করতে রাজ্যকে চিঠি পাঠালেন মুখ্য নির্বাচনি আধিকারিক। » ৫

আজকের সম্ভাব্য তাপমাত্রা

| | শিলিগুড়ি | জলপাইগুড়ি | কোচবিহার | আলিপুরদুয়ার |
|---|---|---|---|---|
| সর্বোচ্চ | ৩২° | ৩২° | ৩২° | ৩২° |
| সর্বনিম্ন | ২৬° | ২৬° | ২৬° | ২৬° |

অনামী দলের মোটা টাকা, কমিশনকে প্রশ্ন রাহুলের » ৭




১১ ভাদ্র ১৪৩২ বৃহস্পতিবার ৫.০০ টাকা 28 August 2025 Thursday 12 Pages Rs. 5.00 ইন্টারনেট সংস্করণ www.uttarbangasambad.in Vol No. 46 Issue No. 101


# চিতাবাঘের শিকার ছাত্র

## গ্রাম থেকে টুঁটি কামড়ে তুলে নিয়ে গেল বুনো

**শুভজিৎ দত্ত**

**নাগরাকাটা, ২৭ অগাস্ট :** ভরসন্ধ্যায় গ্রামে ঢুকে ১২ বছরের স্কুল পড়ুয়ার টুঁটি কামড়ে তুলে নিয়ে গেল চিতাবাঘ। কিছুক্ষণ পরেই তার খোবলানো নিথর দেহ উদ্ধার হয়। হাড়হিম করা এমন ঘটনা ঘটেছে বুধবার সন্ধ্যায় নাগরাকাটার আংরাভাসা ২ গ্রাম পঞ্চায়েতের উত্তর আংরাভাসা মৌজার খুটাবাড়িতে। এলাকাটি বানারহাটের মোগলকাটা চা বাগান লাগোয়া। ওই ছাত্রের নাম মহম্মদ করিমুল হক (১২)। সে কলাবাড়ি টিই হাইস্কুলের ষষ্ঠ শ্রেণির ছাত্র ছিল। এমন বীভৎস ঘটনায় এলাকায় আতঙ্কের পাশাপাশি তীব্র ক্ষোভ ছড়িয়েছে। বিক্ষোভের মুখে পড়তে হয় বন দপ্তরকে। গরুমারা বন্যপ্রাণ ডিভিশনের এডিএফও রাজীব দে বলেন, ‘অত্যন্ত দুঃখজনক ঘটনা। পরিবারটির পাশে আমরা রয়েছি।’

খুটাবাড়ি এক কথায় বস্তি এলাকা। পূর্ব দিকে কলাবাড়ি চা বাগান। পশ্চিমে মোগলকাটা চা বাগান। খুটামারির পাশ দিয়ে বইছে রাঙাতি নদী। অনুমান করা হচ্ছে চিতাবাঘটি লাগোয়া কোনও চা বাগান থেকেই এসেছিল। মৃত ছাত্রের বাবা খলিল রহমান স্থানীয় মসজিদের মোয়াজ্জিন। সংসার চালাতে দিনমজুরিও করতে হয় তাঁকে। মা আমিনা খাতুন গৃহবধূ। সন্তানকে হারিয়ে ওই দম্পতি এদিন আর কথা বলার পরিস্থিতিতে ছিলেন না। নাগরাকাটা পঞ্চায়েত সমিতির সভাপতি সঞ্জয় কুজুর বলেন, ‘এই শোকের কোনও ভাষা নেই। দ্রুত পরিবারটির সঙ্গে দেখা করব। ওঁদের সমস্ত রকম সহযোগিতা করা হবে।’

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, করিমুল সন্ধ্যাবেলা বাড়ির সামনে ঘোরাফেরা করছিল। বাড়ির চারপাশে চা বাগান। গ্রামবাসীদের অনুমান, ওই বাগান থেকে বেরিয়েই পূর্ণবয়স্ক চিতাবাঘটি তার উপর ঝাঁপিয়ে পড়ে। তার গলা কামড়ে রাস্তা ধরে ১০০ মিটার টেনে নিয়ে যাওয়ার পর লাগোয়া একটি বেগুন খেতে ঢুকে পড়ে। ওই সময় কয়েকজন দেখতে পেয়ে চিৎকার চ্যাঁচামেচি করে ওঠেন। বুনোটি করিমুলকে সেখানেই ফেলে পালিয়ে যায়। পরে তার রক্তাক্ত নিথর দেহ উদ্ধার করে বাড়ির দাওয়ায় এনে রাখা হয়। ঘটনার খবর চাউর হতেই বহু মানুষ সেখানে ভিড় জমান। আসে বানারহাট থানার পুলিশ সহ বন দপ্তরের বিন্নাগুড়ি ও ডায়না রেঞ্জের কর্মীরা।



মৃত নাবালকের বাড়িতে স্থানীয়দের জটলা।

কলাবাড়ি টিই হাইস্কুলের শিক্ষক ও উত্তর আংরাভাসার বাসিন্দা রাজু ছেত্রী বলেন, ‘গ্রামে যত্রতত্র চিতাবাঘ ঘুরে বেড়ায়। এককথায় প্রাণ হাতে করে বাসিন্দারা বেঁচে রয়েছেন। শিশুর এমন মৃত্যুর ঘটনা কোনওভাবেই মেনে নেওয়া যাচ্ছে না।’ খুটাবাড়ির বাসিন্দা ও মৃত শিশুটির পরিবারের এক প্রতিবেশী নুর মহম্মদ বলেন, ‘এমন ঘটনা যে কখনও ঘটবে তা কেউ কল্পনাও করতে পারিনি। গ্রামজুড়ে এখন শুধু শোক আর আতঙ্ক।’

*এরপর দশের পাতায়*



**হামলা**


- গত ১ বছরে ৪ বার চিতাবাঘের হামলায় মৃত্যু
- গত ১৯ অক্টোবর আংরাভাসা গ্রাম পঞ্চায়েতে খেরকাটা থেকে ১ শিশুকে তুলে নিয়ে যায় চিতাবাঘ
- গত বছর ৫ জুলাই তোতাপাড়া চা বাগানে ৮ বছরের শিশুকে তুলে নিয়ে যায় চিতাবাঘ

# চাকরি বিক্রিতে জীবনের রেট চার্ট

**রিমি শীল ও অরূপ দত্ত**

**কলকাতা, ২৭ অগাস্ট :** ঘুষেরও রেট থাকে। জীবনকৃষ্ণ সাহা গ্রেপ্তার না হলে হয়তো এই তথ্য অজানা থেকে যেত। গ্রেপ্তারের পর তৃণমূল বিধায়ককে লাগাতার জেরা ও প্রাথমিক অনুসন্ধানে ইডি’র হাতে এখন একের পর এক বিস্ফোরক তথ্য। মারাত্মক সব অভিযোগের অন্যতম হল চাকরি দেওয়ার নাম করে তোলাবাজির রেট চার্ট। ওই রেট বেঁধে দিয়েছিলেন জীবনকৃষ্ণই।

বড়ঞার বিধায়কের বেঁধে দেওয়া ওই রেটে নবম-দশম শ্রেণির শিক্ষকের চাকরি পেতে গুনতে হত ১৫ লক্ষ টাকা। একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক পদে নিয়োগপত্র পাওয়ার দর ছিল ২০ লক্ষ টাকা। হাই ও হায়ার সেকেন্ডারি স্কুলে গ্রুপ-সি কর্মী ও গ্রুপ-ডি কর্মীর চাকরি পেতে রেটটা একটু কম। যথাক্রমে ১০ ও ৮ লক্ষ টাকা। ইডি জানতে পেরেছে, বিপুল পরিমাণ এই টাকা তোলার জন্য বেশ কিছু এজেন্ট ছিল জীবনকৃষ্ণের।




সেরকম কয়েকজন এজেন্টের কাছ থেকে প্রায় ৪ হাজার চাকরিপ্রার্থীর তালিকা পেয়েছেন তদন্তকারীরা। টাকা আদায়ের ব্যাপারে আরও বিস্তারিত জানতে সেই এজেন্টদেরও জিজ্ঞাসাবাদ করার কথা ভাবছে ইডি। জীবনকৃষ্ণের সঙ্গে মুখোমুখি বসিয়ে তাঁদের জিজ্ঞাসাবাদ করা হতে পারে। কার কার থেকে ওই এজেন্টরা টাকা হাতিয়ে বিধায়ককে দিয়েছিলেন, সেই তালিকাও এখন ইডি’র হাতে।

এমনকি, বিধায়ক হিসাবে বিধানসভা থেকে বেতন ও ভাতা জমা পড়ার তাঁর ব্যাংক অ্যাকাউন্টের দিকেও নজর রয়েছে তদন্তকারীদের। তাঁরা জানতে পেরেছেন, পরিবারের বিভিন্ন লোকের নামে ঢালাও সম্পত্তি করেছিলেন জীবনকৃষ্ণ। একের পর এক সেইসব সম্পত্তিরও খোঁজ মিলছে। বোলপুরের জামবুনি বাসস্ট্যান্ডের কাছে তিন কামরার একটি ফ্ল্যাট রয়েছে তাঁর। সেটার সংলগ্ন পাঁচ কাঠা জমির মালিকও তিনি। জমি অবশ্য তাঁর স্ত্রীর নামে।

পরিবারের সঙ্গে দুর্নীতির যোগের সূত্রে বিধায়ককে গ্রেপ্তারের দিন সাঁইথিয়ায় তাঁর পিসির বাড়িতেও তল্লাশি চালানো হয়েছিল।

*এরপর দশের পাতায়*



বুধবার ময়নাগুড়ি গ্রামীণ হাসপাতালে ইমার্জেন্সি বিভাগে ডাক্তারের চেয়ার ফাঁকা। রোগীদের ভিড়।

# ডাক্তারের দেখা মিলল ১ ঘণ্টা পরে

**বাণীব্রত চক্রবর্তী**

**ময়নাগুড়ি, ২৭ অগাস্ট :** ময়নাগুড়ি গ্রামীণ হাসপাতালে চিকিৎসকের সংকট মারাত্মক আকার নিয়েছে। ইমার্জেন্সি বিভাগের একমাত্র ডাক্তারকে ইন্ডোরে রাউন্ডে যেতে হচ্ছে। ফলে হাসপাতালের ইমার্জেন্সিতে দেখাতে এসে সংকটজনক রোগীদের অপেক্ষা করতে হচ্ছে ঘণ্টাখানেক। বুধবার এমন ঘটনায় উত্তেজনা ছড়াল ময়নাগুড়ি গ্রামীণ হাসপাতালে।

তখন সকাল আটটা বেজে কয়েক মিনিট। ইমার্জেন্সিতে ডাক্তারের চেয়ার ফাঁকা। ডাক্তার দেখানোর জন্য অপেক্ষা করে রয়েছেন অন্তত কুড়িজন রোগী। এর মধ্যে ছিলেন ৭৪ বছর বয়সের এক হৃদরোগী। প্রবল শ্বাসকষ্টজনিত যন্ত্রণায় কাতরাচ্ছেন। প্রায় এক ঘণ্টা পর ইন্ডোর রাউন্ড সেরে ডাঃ শ্রীজিতা সাহা এসে বসেন ইমার্জেন্সি বিভাগের চেয়ারে। তাঁকে দেখেই ক্ষিপ্ত হয়ে ওঠেন দীর্ঘ সময় ধরে অপেক্ষা করা রোগীর পরিজনরা। বাস্তব পরিস্থিতি সম্পর্কে ডাক্তারই উত্তেজিত জনতাকে বুঝিয়ে বলেন। তারপর পরিস্থিতি স্বাভাবিক হয়।

**সংকটে হাসপাতাল**

- ময়নাগুড়ি হাসপাতালে ৬ জন চিকিৎসক রয়েছেন
- ৩ জন চিকিৎসককে ওপিডিতে ডিউটি দিতে হয়
- ইমার্জেন্সির চিকিৎসকের উপর ইন্ডোরে রাউন্ড দেওয়া এবং লেবার ওয়ার্ড দেখার দায়িত্ব থাকে
- ২০১১ সালে স্বাস্থ্যকেন্দ্র থেকে গ্রামীণ হাসপাতাল হলেও পরিকাঠামো কোনও উন্নতি হয়নি

হাসপাতাল সূত্রে খবর, এমন ঘটনা নতুন কিছু নয়। মাঝেমধ্যেই এই ধরনের ঘটনা ঘটছে। ডাঃ সাহা বলেন, ‘মঙ্গলবার নাইট ডিউটি করে বুধবার ডিউটি চালিয়ে যেতে হচ্ছে। এর মধ্যে রয়েছে ইন্ডোর রাউন্ড দেওয়ার কাজ। প্রয়োজনে লেবার ওয়ার্ডেও ডিউটি দিতে যেতে হচ্ছে একইসঙ্গে।’ ব্লক স্বাস্থ্য আধিকারিক ডাঃ সীতেশ বর বলেন, ‘ময়নাগুড়ি হাসপাতালে ছয়জন চিকিৎসক রয়েছেন। তিনজনকে ওপিডিতেই থাকতে হয়। ইমার্জেন্সিতে যিনি থাকেন তাঁকেই ইন্ডোর রাউন্ড এবং লেবার ওয়ার্ড দেখতে হয়। ১৯৯১ সালের সরকারি নির্দেশনামা অনুযায়ী চলছে ময়নাগুড়ি গ্রামীণ হাসপাতাল। সেই নির্দেশনামা অনুযায়ীও পরিকাঠামো নেই। কর্মী সংখ্যা অনেকটাই কম।’

স্বাস্থ্যকেন্দ্র থেকে ২০১১ সালে ময়নাগুড়ি গ্রামীণ হাসপাতাল হয়। কিন্তু পরিবর্তন কেবলমাত্র সাইনবোর্ডেই হয়েছে।

*এরপর দশের পাতায়*

# বৈষ্ণোদেবীর পথে ধসে নিহত ৩৬

**শ্রীনগর, ২৭ অগাস্ট :** বিপর্যস্ত উত্তর ভারত। প্রবল বর্ষণে পাহাড়ি রাজ্য জম্মু ও কাশ্মীর ভয়ানক বিপদের মুখে। বৈষ্ণোদেবীর পথ ধসে বুধবার রাত পর্যন্ত অন্তত ৩৬ জনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। ধসে আরও অনেকে আটকে রয়েছেন বলে আশঙ্কা করা হচ্ছে। উদ্ধারের কাজ চললেও মাত্র ২৩ জন আহতের হদিস পাওয়া গিয়েছে। মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে মনে করছে প্রশাসন।

সবচেয়ে দুশ্চিন্তার কারণ, রাস্তা ধসে কোথাও কোথাও নিশ্চিহ্ন হয়ে যাওয়ায় পুজোয় পর্যটনে বড় ধাক্কা খাবে। ওই পথ দিয়ে বৈষ্ণোদেবীতে পর্যটকদের যাওয়া সম্ভব নাও হতে পারে। এই প্রাকৃতিক বিপর্যয়ে সবচেয়ে বেশি বিপদে পড়ছেন পর্যটক ও তীর্থযাত্রীরাই। কাশ্মীর প্রশাসনের হিসেব অনুযায়ী, গত ১২ দিনে পাহাড় ধসের কারণে যে ১৩৬ জনের মৃত্যু হয়েছে, তাঁদের মধ্যে ১২৯ জনই তীর্থযাত্রী।

**দুর্যোগ পঞ্জাবেও**

দুর্ঘটনাগুলি ঘটেছে পাহাড়ি রাজ্যটির কিস্তোয়ার, কাঠুয়া ও রিয়াসি জেলায়। এজন্য প্রশাসনকেই দোষারোপ করছে পুলিশের একাংশ। স্থানীয় এক পুলিশ আধিকারিকের কথায়, ‘আবহাওয়ার পূর্বাভাস ঘনঘন জানানো সত্ত্বেও মাচাইল মাতা ও বৈষ্ণোদেবী যাত্রা বন্ধ না রেখে ক্ষমার অযোগ্য অপরাধ করেছে প্রশাসন।’ কেবল জম্মুতেই গত ২৪ ঘণ্টায় ২৯৬ মিমি বৃষ্টি রেকর্ড হয়েছে, যা ৫০ বছরের রেকর্ড ভেঙে দিয়েছে। উধমপুরে ৬২৯ মিমি রেকর্ড বৃষ্টি হয়েছে।

দুর্যোগ পরিস্থিতির এখনই বদল হওয়ার সম্ভাবনা নেই বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। আপাতত আরও দু-তিনদিন আবহাওয়া এমনই থাকবে। আরও ভারী বৃষ্টির পূর্বাভাস থাকায় কোনও কোনও জায়গায় লাল সতর্কতা জারি করা হয়েছে। কাটরা, জম্মু, সাম্বা, রিয়াসি, উধমপুর, ডোডা এবং কিস্তোয়ার জেলায় ধস এবং হড়পার সতর্কতাও দেওয়া হয়েছে। বেশ কয়েকটি সেতু ছাড়াও বিদ্যুৎ ও টেলিকম পরিষেবা ভেঙে পড়ায় প্রচুর মানুষ জম্মু শহর সহ বিভিন্ন জায়গায় যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে রয়েছেন। ৩,৫০০-এরও বেশি মানুষকে বুধবার রাত পর্যন্ত উদ্ধার করে নিরাপদ জায়গায় সরিয়ে নিয়ে গিয়েছেন উদ্ধারকারীরা। যৌথভাবে উদ্ধারের কাজ চালাচ্ছে প্রশাসন, সেনা, এনডিআরএফ ও স্বেচ্ছাসেবী সংগঠনগুলি।

ঝিলম নদীর জল বিপদসীমার ওপর দিয়ে বইছে। ফলে একাধিক এলাকা প্লাবিত। অতিরিক্ত বৃষ্টি ও বজ্র-ঝড়ে ট্রেন ও উড়ান চলাচল ব্যাহত হয়েছে। অনেক স্কুল বন্ধ রাখা হয়েছে। এত মানুষের মৃত্যু ও দুর্ভোগে শোকপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রমুখ। মোদি বলেন, ‘বৈষ্ণোদেবী মন্দিরের কাছে জীবনহানি অত্যন্ত মর্মান্তিক। প্রশাসন ক্ষতিগ্রস্তদের পাশে রয়েছে।’

*এরপর দশের পাতায়*



মা আসছেন
**৩১**
দিন পর

**এডিশন স্পেশাল**

**প্রসূতির মৃত্যু বৃদ্ধিতে উদ্বেগ**

» *পাঁচের পাতায়*

**বিকল্প বাজার খুঁজছে দিল্লি**

# ৮৭ বিলিয়নের বাণিজ্যে কোপ

**নয়াদিল্লি, ২৭ অগাস্ট :** আটকানো গেল না। বুধবার থেকে ভারতীয় পণ্যের ওপর মার্কিন শুল্ক চেপে বসেছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষিত সেই ৫০ শতাংশ হারেই। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে মার্কিন প্রেসিডেন্টের ‘ব্যক্তিগত’ বন্ধুত্ব, সাড়ম্বরে ভারতে ডেকে এনে নমস্তে ট্রাম্প কর্মসূচি ইত্যাদি কোনওকিছুই শুল্কের বোঝা ঠেকাতে পারল না।

যার জেরে প্রাথমিক হিসাবেই আমেরিকায় ভারত থেকে রপ্তানি হওয়া পণ্যের প্রায় ৮৭ বিলিয়ন ডলারের বাজার হাতছাড়া হওয়ার আশঙ্কা প্রবল হয়েছে। বিদেশমন্ত্রকের বক্তব্য অনুযায়ী, বড় ধাক্কা খাবে পোশাক রপ্তানির বাণিজ্য। এছাড়া রত্ন, গয়না, চর্মজাত দ্রব্য, চিংড়ি সহ সামুদ্রিক খাবার, সিমেন্ট, জুতো, রাসায়নিক এবং যন্ত্রাংশের বিপুল রপ্তানি ছিল আমেরিকায়। শুল্ক কমানোর বোঝাপড়া না হলে সেই রপ্তানিও ক্ষতিগ্রস্ত হবে।

ওইসব পণ্যের চাহিদা ইউরোপ ও এশিয়ার বিভিন্ন দেশে থাকলেও আমেরিকার সঙ্গে দ্বিপাক্ষিক বোঝাপড়া মজবুত থাকায় এতদিন সেদিকে তেমন নজর দেওয়া হয়নি বলে বিদেশমন্ত্রক এখন স্বীকার করছে। অন্য দেশের বাজারের দিকে এখন নজর দেওয়া হচ্ছে এবং নতুন বাজার খোলার জন্য মরিয়া চেষ্টা চলছে বটে। কিন্তু আমেরিকার বাজার হাতছাড়া হলে সেই ধাক্কা অন্যান্য দেশে পণ্য রপ্তানি করে সামাল দেওয়া যাবে কি না, তা নিয়ে সংশয় আছে।

পরিস্থিতি এতটাই স্পর্শকাতর যে, আমেরিকায় রপ্তানিতে মন্দার পূর্বাভাস স্পষ্ট হলেও বণিকসভাগুলি সংঘাতের বার্তা বা বিরূপ প্রতিক্রিয়া দিচ্ছে না। ফিকির ডিরেক্টর জেনারেল জ্যোতি ভিজের বক্তব্য, ‘মার্কিন শুল্ক আমাদের জন্য বড় চ্যালেঞ্জ, তবে আমরা কাটিয়ে উঠতে পারব।’ হিরে ব্যবসায়ী জয়েশ প্যাটেলের কথায়, ‘আমেরিকা নিশ্চয়ই বড় বাজার। তাই আমাদের কিছু চ্যালেঞ্জের মুখোমুখি হতে হবে বটে।’

ধাক্কা সামলাতে মরিয়া কেন্দ্রীয় সরকার এখন বিকল্প বাজারের খোঁজে হন্যে হয়ে চেষ্টা করছে। ভারতীয় পণ্য রপ্তানি করার জন্য অন্তত ৪০টি দেশের সঙ্গে আলোচনা শুরু করেছে নয়াদিল্লি। সেই দেশগুলির তালিকায় ব্রিটেন, জাপান, দক্ষিণ কোরিয়ার পাশাপাশি রয়েছে জার্মানি, ফ্রান্স, ইতালি, স্পেন, নেদারল্যান্ডস, পোল্যান্ড, কানাডা, মেক্সিকো, রাশিয়া, বেলজিয়াম, অস্ট্রেলিয়া, সংযুক্ত আরব আমিরশাহি ইত্যাদি।

*এরপর দশের পাতায়*

**ধাক্কা কীসে**

- ভারতের পোশাক শিল্পের বড় বাজার আমেরিকা। বছরে ১০৮০ কোটি ডলারের ব্যবসা হয়
- বছরে ১০০০ কোটি ডলারের গয়না ও অলংকার যায় আমেরিকায়। কর্মহীনতার আশঙ্কা কারিগরদের
- চিংড়ি ও বিভিন্ন জলজ প্রাণী রপ্তানির সাড়ে ৩২ শতাংশই যায় আমেরিকায়। চিন্তায় চিংড়িচাষিরা
- ১২০ কোটি ডলারের কার্পেট রপ্তানি হয়। এই শিল্পের সঙ্গে যুক্তরা চিন্তিত
- ভারতীয় জুতো ও অন্যান্য চামড়ার পণ্যের বড় বাজার আমেরিকা
- বাসমতী চাল, চা, মশলা ইত্যাদি খাদ্যপণ্য আমদানি করে আমেরিকা। এই সমস্ত দ্রব্যের রপ্তানি নিয়ে চিন্তা






# গরুমারায় অতিথি ২ গন্ডার শাবক

**পূর্ণেন্দু সরকার**

**জলপাইগুড়ি, ২৭ অগাস্ট :** পুজোর মুখে পর্যটকদের জন্য সুখবর নিয়ে এল গরুমারা জাতীয় উদ্যান। দুই গন্ডারের দুই শাবকের জন্ম হয়েছে দিন দশেক আগে। তাই জঙ্গল সাফারিতে গিয়ে মা গন্ডারের সঙ্গে এবার দুই ছোট্ট ছানার দেখা পেতেই পারেন পর্যটকরা।

১৬ সেপ্টেম্বর থেকে জঙ্গল খুলছে। পুজো পর্যটনের কথা মাথায় রেখে এবার হাতিকে স্নান করানোর সুযোগ থাকছে সাধারণ পর্যটকদের জন্যও। এতদিন ধূপঝোরায় রাত কাটাতেন যাঁরা শুধু তাঁদের জন্যই এই ব্যবস্থা ছিল।

পুজোর মুখে জঙ্গল খুলে যাওয়ার আগেই গরুমারার জঙ্গলে দুই নতুন অতিথির আবির্ভাবে বন দপ্তরে শোরগোল পড়ে গিয়েছে। জঙ্গলের কোর এলাকায় দুই মা গন্ডারের সঙ্গে গুটিগুটি পায়ে দুটি শাবককে ঘুরতে দেখে উচ্ছ্বসিত টহলরত বনকর্মীরা। দুই মা এবং তাদের সন্তানদের উপর কড়া নজর রাখছেন তাঁরা। জঙ্গলের দরজা খুললে গরুমারায় নতুন অতিথিদের দেখতে পর্যটকরা ভিড় জমাবেন বলেই মনে করছে বন দপ্তর। খুশির জোয়ার এসেছে স্থানীয় পর্যটন মহলেও।

গরুমারা জাতীয় উদ্যানে সাম্প্রতিক শুমারিতে ৬১টি গন্ডারের হদিস মিলেছিল। নতুন দুই শাবকের জন্ম হওয়ায় এবার সংখ্যাটা বেড়ে দাঁড়াল ৬৩। গরুমারা বন্যপ্রাণ বিভাগের ডিএফও দ্বিজপ্রতিম সেন জানান, তিন মাস জঙ্গলে পর্যটকদের প্রবেশ বন্ধ রাখা হয় বন্যপ্রাণীদের প্রজনন ও জঙ্গলের বেড়ে ওঠাকে লক্ষ রেখে। আমাদের বনকর্মীরা গরুমারার সংরক্ষিত বনাঞ্চলে টহল দেওয়ার সময় নতুন দুই শাবককে তাদের মায়েদের সঙ্গে দেখতে পান। গরুমারার ক্ষেত্রে নতুন শাবকের জন্ম হওয়ার খবর গন্ডারের বংশবৃদ্ধির দিক থেকে খুবই তাৎপর্যপূর্ণ। তবে গরুমারার কোন কম্পার্টমেন্টে নতুন অতিথিরা রয়েছে অভ্যন্তরীণ নিরাপত্তার জন্য সেই এলাকার নাম এখনই জানাতে চাইছে না বন্যপ্রাণ বিভাগ।

গরুমারা জাতীয় উদ্যানের যাত্রাপ্রসাদ ওয়াচ টাওয়ারে ডে ভিজিট এবং ধূপঝোরা এলিফ্যান্ট ক্যাম্পে হাতি সাফারির চাহিদা পর্যটকদের কাছে সবচেয়ে বেশি।

*এরপর দশের পাতায়*



গরুমারায় শাবকের সঙ্গে মা গন্ডার। -ফাইল চিত্র

রাজগঞ্জ হোক বা ধূপগুড়ি- দুই ব্লকের গ্রামীণ রাস্তায় দাপিয়ে বেড়াচ্ছে ডাম্পার। ভারী যানবাহনের যাতায়াতে ভেঙে যাচ্ছে রাস্তা। এমন অভিযোগ তুলে বুধবার দক্ষিণ আলতাগ্রামে বিক্ষোভ দেখান স্থানীয়রা। ডাম্পার নিয়ে ক্ষোভ শিকারপুরেও।

# ডাম্পারের দাপাদাপি

## রাস্তা নিয়ে আতঙ্কে থাকেন গ্রামবাসী

সুভাষচন্দ্র বসু



বাগডোগরা মোড় থেকে চেউলিবাড়ি হাট গ্রামীণ রাস্তায় ডাম্পার।

**বেলাকোবা, ২৭ অগাস্ট :** গ্রামের রাস্তায় ভারী যানবাহন চলাচল করতে পারবে না। রাস্তাগুলি ঠিকঠাক রাখতে এমন নির্দেশ রয়েছে নবান্নের তরফে। এমনকি বিভিন্ন প্রশাসনিক সভায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে বেশ কয়েকবার সরকারি আধিকারিকদের এবিষয়ে ধমক দিতে দেখা গিয়েছে। কিন্তু তারপরেও অবস্থার বিশেষ পরিবর্তন হয়নি।

রাজগঞ্জ ব্লকের শিকারপুর গ্রাম পঞ্চায়েতের বাগডোগরা মোড় থেকে চেউলিবাড়ি হাট হয়ে হরি মন্দির পর্যন্ত প্রায় ৫ কিলোমিটার রাস্তা ২০২১ সালে প্রধানমন্ত্রী সড়ক যোজনা প্রকল্পে পাকা করা হয়েছিল। কিন্তু নিয়মিত ওই রাস্তা দিয়ে ভারী যানবাহন চলাচল করার ফলে রাস্তাটি ক্ষতিগ্রস্ত হচ্ছে। গ্রামবাসীর অভিযোগ, বিশেষ করে রাত সাড়ে আটটা থেকে ভোর প্রায় পাঁচটা পর্যন্ত ওই রাস্তা দিয়ে ১২ এমনকি ১৬ চাকার বালিবোঝাই ডাম্পার চলাচল করে। ফলে একদিকে যেমন রাস্তাটির অবস্থা খারাপ হয়ে যাচ্ছে তেমনি দুর্ঘটনার ঘটনাও বাড়ছে।

জলপাইগুড়ি জেলা পরিষদের সদস্য রণবীর মজুমদার এবিষয়ে বলেন, 'এলাকাবাসীর স্বাক্ষরিত একটি চিঠি জেলা পরিষদে জমা পড়েছে। বেলাকোবা পুলিশ ফাঁড়িতে ইতিমধ্যে বিষয়টি জানানো হয়েছে। ভারী যানবাহন যাতে ওই রাস্তা দিয়ে চলাচল না করে সেজন্য পুলিশ অভিযান চালাচ্ছে।' বেলাকোবা ফাঁড়ির ওসি অরিজিৎ কুণ্ডু অবশ্য বলেন, 'গত ২১ অগাস্ট বালিবোঝাই একটি ডাম্পার আটক করে চালককে গ্রেপ্তার করা হয়েছে। এখন যেসব ডাম্পার ওই রাস্তা দিয়ে চলাচল করছে সেগুলির বৈধ কাগজ রয়েছে এবং সেগুলি ওভার লোড নয়।'

### কী ঘটনা

- প্রশাসনের বারণ থাকা সত্ত্বেও বাগডোগরা মোড় থেকে চেউলিবাড়ি হাট হয়ে হরি মন্দির পর্যন্ত ৫ কিমি গ্রামীণ রাস্তা দিয়ে ভারী ডাম্পার যাতায়াত করছে
- রাত থেকে ভোর পর্যন্ত এই ধরনের যানবাহন বেশি চলাচল করে
- ভারী যানবাহন চলাচলের ফলে রাস্তার অবস্থা দিন দিন খারাপ হয়ে যাচ্ছে
- ওই রাস্তায় দুর্ঘটনার সম্ভাবনা বাড়ছে

যেভাবে বড় বড় গাড়ি যাতায়াত করে তাতে ওই রাস্তা দিয়ে হাঁটতে রীতিমতো ভয় লাগে বলে জানান মনা রায়, রেখা রায়ের মতো গ্রামবাসী।

গত ৬ অগাস্ট গ্রামবাসী নিজেদের সমস্যার কথা জানিয়ে বেলাকোবা পুলিশ ফাঁড়ি, রাজগঞ্জ থানা, জলপাইগুড়ি জেলা পরিষদ এবং রাজগঞ্জ বিডিও-র কাছে একটি অভিযোগপত্র জমা দিয়েছিলেন। তা সত্ত্বেও গ্রামীণ রাস্তায় ডাম্পার চলাচল বন্ধ হয়নি। উলটে ডাম্পারের দৌরাত্ম্য যেন আরও বেড়ে গিয়েছে বলে অভিযোগ স্থানীয় বিশ্বজিৎ রায়ের।

এই রাস্তা দিয়ে কুন্দরদিঘি, কান্তিভিটা, পানাসগুড়ি, হাঁটুর বাড়ি, বাগডোগরার মতো একাধিক গ্রামের মানুষ রোজ যাতায়াত করেন। এছাড়া কুন্দরদিঘি জুনিয়ার হাইস্কুল, বাগডোগরা বিএফপি বিদ্যালয়, বাগডোগরা এমএসকে, আমবাড়ি ফালাকাটা চিন্তামোহন উচ্চবিদ্যালয়, আমবাড়ি ফালাকাটা বালিকা বিদ্যালয়ের পড়ুয়ারা এই রাস্তা দিয়ে যাতায়াত করে। স্থানীয় এক পড়ুয়া রাজদীপ রায়ের মতে, 'এই রাস্তা দিয়ে যেভাবে দ্রুতগতিতে বড় বড় গাড়ি চলাচল করে যে কোনও সময় দুর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে।'

## বালির গাড়ি আটকে বিক্ষোভ

শুভাশিস বসাক

**ধূপগুড়ি, ২৭ অগাস্ট :** গ্রামীণ রাস্তা দিয়ে ভারী যানবাহনের যাতায়াতে ভেঙে যাচ্ছে রাস্তা। এমনই অভিযোগ তুলে বুধবার দক্ষিণ আলতাগ্রামে বালিবোঝাই একটি ডাম্পার আটকে বিক্ষোভ দেখালেন স্থানীয়রা। আটক ডাম্পারের সামনে সাঁটা ছিল 'অন ডিউটি, ফর এয়ার ফোর্স' লেখা কাগজ। বায়ুসেনার নামে লেখা পোস্টারে বিক্ষোভকারীরা সন্দেহ প্রকাশ করেন। তাঁদের দাবি, গ্রামীণ এই রাস্তা দিয়ে ভারী গাড়ি চলাচল বন্ধের পাশাপাশি, অবৈধভাবে বালি পরিবহণ তথা পাচার হচ্ছে কি না, তা দেখতে হবে প্রশাসনকে।

স্থানীয় সূত্রের খবর, দীর্ঘদিন ধরে জলঢাকা সহ একাধিক নদী থেকে বালি তুলে গ্রামীণ রাস্তা দিয়ে ভারী গাড়িগুলি চলাচল করছে। এতে রাস্তার হাল ক্রমশ খারাপ হচ্ছে। গ্রামবাসীদের বক্তব্য, দীর্ঘ আন্দোলনের পর পাকা রাস্তা হয়েছে। এখন ভারী গাড়ি চলাচলের জেরে রাস্তা খারাপ হয়ে গেলে ফের কবে সংস্কার হবে তার ঠিক নেই। তাই এদিন ভারী যানবাহন চলাচলে বাধা দেওয়া হয়েছে। এদিন বিক্ষোভ চলার কিছুক্ষণ পর ঘটনাস্থলে পুলিশ আসে এবং ডাম্পারের নথি বাজেয়াপ্ত করে। চালক চাপে পড়ে ওই পথে আর ডাম্পার না আনার কথা দেন এবং বালি আনলোড করে গাড়ি নিয়ে চলে যান।

স্থানীয় বাসিন্দা আবদুল লতিফ বলেন, 'অনেক আন্দোলনের পর রাস্তা ঠিক হয়েছে। কিন্তু বর্তমানে ভারী যানবাহন চলাচল করায় রাস্তা ক্রমশই ভেঙে যাচ্ছে। সেই কারণেই আমরা একত্রিত হয়ে ডাম্পার আটকে বিক্ষোভ দেখিয়েছি।' আরেক বাসিন্দা রাজু আলমের কথায়, 'গ্রামীণ রাস্তা দিয়ে ভারী যানবাহন চলাচলে নিষেধাজ্ঞা রয়েছে। তবুও নিষেধাজ্ঞা অমান্য করা হচ্ছে। এতে গ্রামের একমাত্র পাকা রাস্তা খারাপ হচ্ছে। আমাদের দাবি, অবিলম্বে এই রাস্তায় ভারী যান চলাচল বন্ধ করতে হবে।' এদিকে ডাম্পারে বায়ুসেনার নামে পোস্টার লাগানো হলেও ওই রাস্তা ব্যবহার করে বায়ুসেনার কোন জায়গায় বালি নিয়ে যাওয়া হচ্ছিল, তার উত্তর দিতে পারেননি ডাম্পারচালক।

### কী অভিযোগ

- জলঢাকা সহ একাধিক নদী থেকে বালি তুলে গ্রামীণ রাস্তা দিয়ে ভারী গাড়ি চলছে
- এতে রাস্তার হাল ক্রমশ খারাপ হচ্ছে
- গ্রামবাসীদের বক্তব্য, দীর্ঘ আন্দোলনের পর পাকা রাস্তা হয়েছে
- রাস্তা খারাপ হয়ে গেলে ফের কবে সংস্কার হবে তার ঠিক নেই
- সে কারণে ভারী যানবাহন চলাচলে বাধা দেওয়া হয়েছে

ধূপগুড়ি থানার পুলিশ জানিয়েছে, ডাম্পারচালক পুনরায় ওই এলাকায় ভারী গাড়ি আনবেন না বলে জানাতেই বিক্ষোভ তুলে নেন গ্রামবাসী।

তবে ডাম্পার খালি করলেও পুলিশ বালি পরিবহণের নথি যাচাই করে দেখছে। নথি ঠিক না থাকলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে পুলিশ।


এই রাস্তা দীর্ঘদিন বেহাল, চলাচলের অযোগ্য। সে কারণে কান্নায় ভেঙে পড়েন সনকা (ইনসেটে)। বারোঘরিয়ায়।

### রাস্তা তৈরির দাবিতে শিবিরে কান্না মহিলার

## উন্নয়নের দাবি আদায় চোখের জলে

শুভাশিস বসাক

**ধূপগুড়ি, ২৭ অগাস্ট :** রাস্তা তৈরির দাবিতে 'আমাদের পাড়া, আমাদের সমাধান' শিবিরে কান্নায় ভেঙে পড়লেন এক মহিলা। গ্রামবাসী আগেই পঞ্চায়েত কর্তৃপক্ষকে রাস্তার বেহাল অবস্থার কথা জানিয়েছিল। কিন্তু এদিন শিবিরে গিয়ে তাঁরা জানতে পারেন রাস্তাটি পাকা করার অনুমোদনই এখনও মেলেনি। শুনে শিবিরে বসেই কেঁদে ফেলেন সনকা বিশ্বাস নামে ওই মহিলা।

বুধবার বারোঘরিয়া গ্রাম পঞ্চায়েতের মধ্য বোরাগাড়ি প্রাইমারি স্কুলে 'আমাদের পাড়া, আমাদের সমাধান' শিবির বসে। মহিলাকে কান্নায় ভেঙে পড়তে দেখে শিবিরে উপস্থিত ব্লক প্রশাসনের আধিকারিকরা অস্বস্তিতে পড়ে যান। সঙ্গে সঙ্গে তাঁরা দ্রুত রাস্তা তৈরির আশ্বাস দেন। গ্রামবাসীর সঙ্গে আলোচনাও করেন। স্থানীয়দের অবশ্য বক্তব্য, সনকা কেঁদে না ফেললে প্রশাসন রাস্তা তৈরির বিষয়টিকে কতটা গুরুত্ব দিত তা নিয়েও সন্দেহ রয়েছে। তবে শেষপর্যন্ত রাস্তা পাকা হবে জেনে তাঁরা খুশি।

### সমস্যা যেখানে

- বারবার জানানো সত্ত্বেও মাত্র ২০০ মিটারের রাস্তা তৈরিতে প্রশাসন উদ্যোগ নেয়নি বলে অভিযোগ
- বারোঘরিয়া গ্রাম পঞ্চায়েতে আয়োজিত একটি সরকারি শিবিরে রাস্তা তৈরির দাবিতে কান্না এক স্থানীয় মহিলার
- শেষমেশ প্রশাসনের তরফে দ্রুত রাস্তাটি পাকা করা হবে বলে প্রতিশ্রুতি দেওয়া হয়
- ঘটনাটি নিয়ে গ্রাম পঞ্চায়েতকে কটাক্ষ করেন বিরোধী দলনেতা আশিস কর্মকার

সরকারি পরিষেবা প্রদান শিবিরে গ্রামের বাসিন্দাদের একাংশ মাত্র ২০০ মিটারের ওই রাস্তাটি তৈরির অনুমোদন হয়েছে কি না তা প্রশাসনের আধিকারিকদের কাছে জানতে চান। রাস্তা তৈরির বিষয়টি তালিকায় নেই জানতে পেরে তাঁরা স্বাভাবিকভাবেই হতাশ হয়ে পড়েন। তখনই চোখের জল আটকাতে পারেননি সনকা। তিনি বলেন, 'বর্ষায় ওই রাস্তা দিয়ে চলাচল করা যায় না। বাচ্চারা কাদা পার হয়ে স্কুলে যেতে পারে না। বাইক কেন, সাইকেল নিয়ে বাড়ি থেকে বেরোনোটাও সমস্যা। বারবার রাস্তাটি পাকা করার বিষয়ে জানানো হয়েছিল। শিবিরে গিয়ে যখন শুনি রাস্তাটি তালিকায় নেই। তখন কষ্টকর জীবনের কথা চোখের সামনে ফুটে ওঠে। তাই কান্না পেয়ে গিয়েছিল।'

বারোঘরিয়া গ্রাম পঞ্চায়েতের বিরোধী দলনেতা আশিস কর্মকারের কথায়, 'কান্নায় ভেঙে পড়বেন নাই বা কেন? দীর্ঘদিন ধরে জানিয়েও রাস্তা তৈরির কোনও উদ্যোগ নেওয়া হচ্ছে না। গ্রাম পঞ্চায়েত প্রধান ও ব্লক কার্যালয়ে রাস্তা তৈরির জন্য আবেদন জানানো হয়েছিল। সেটাও নাকি বাতিল করে দিয়েছে।'

তৃণমূল কংগ্রেস নেতৃত্ব বারোঘরিয়া গ্রাম পঞ্চায়েতের কিছু এলাকায় রাস্তা খারাপ রয়েছে বলে স্বীকার করে নিয়েছে। দলের ধূপগুড়ি গ্রামীণ কমিটির সভাপতি মলয় রায় বলেন, 'মহিলার কষ্টের কথা অবশ্যই গুরুত্বপূর্ণ। প্রয়োজনে প্রশাসনিক আধিকারিকদের কাছে ওই রাস্তা দ্রুত নির্মাণের জন্যও আবেদন করা হবে।'

## সোনার দোকানে চুরিতে ধৃত ২

**ধূপগুড়ি, ২৭ অগাস্ট :** অভিযোগ দায়েরের ২৪ ঘণ্টার মধ্যে সোনার দোকানে চুরিতে দুজনকে গ্রেপ্তার করল পুলিশ। চুরি যাওয়া সামগ্রীর কিছুটা উদ্ধারও হল। ধৃতদের নাম রমজান আলি ও হৃদয় রায়। তাঁদের বাড়ি মাগুরমারির জুম্মারপার এলাকায়। পুলিশের প্রাথমিক জেরায় তাঁরা চুরির কথা স্বীকার করে নেন। সোমবার গভীর রাতে জুম্মারপার এলাকার একটি সোনার দোকানে চুরি হয়। অনুমান, অনেক আগে থেকেই ধৃতদের চুরির ছক কষা ছিল। চুরি যাওয়া বাকি সামগ্রীগুলোও ধৃতদের কাছ থেকে শীঘ্রই উদ্ধার করা হবে বলে দাবি পুলিশের।

## অবরোধ

**ময়নাগুড়ি, ২৭ অগাস্ট :** দুর্ঘটনায় শিশুমৃত্যুকে কেন্দ্র করে মঙ্গলবার সন্ধ্যায় আমগুড়ির দুটি জায়গায় ময়নাগুড়ি-রামশাই সড়কে অবরোধ হল। ২২ অগাস্ট ময়নাগুড়ি-রামশাই রোডে একটি মোটর সাইকেলের ধাক্কায় গুরুতর আহত হয় নন্দিনী রায় নামে পাঁচ বছরের এক শিশু। মঙ্গলবার উত্তরবঙ্গ মেডিকেলে তার মৃত্যু হয়। শিশুটির বাড়ি পূর্ব বড়গিলা ও অভিযুক্ত মোটর সাইকেল আরোহীর বাড়ি চাপগড়ের সামনে। ওই দুই স্থানেই এলাকার বাসিন্দারা অবরোধ শুরু করেন। পানবাড়ি পুলিশ ক্যাম্পের কর্মীরা ঘটনাস্থলে যান। এরপর ময়নাগুড়ি থানা থেকে ভারপ্রাপ্ত আইসি অক্ষয় পালের নেতৃত্বে পুলিশকর্মীরা এলাকায় আসেন। ঘণ্টাখানেক পর পুলিশ অবরোধ তুলে দেয়।

### দেড় মাস পর তদন্তে পর্দা ফাঁস

## খুনের নেপথ্যে ছেলে, ভাইপো

### বানারহাট

**বানারহাট, ২৭ অগাস্ট :** পুলিশি তদন্তে উঠে এল চাঞ্চল্যকর তথ্য! বাবার মৃত্যুতে অভিযুক্ত ছেলে। সঙ্গে জড়িত ভাইপোও। ধামাচাপা দিতে দেহ কবর দিয়ে দিলেও মৃতের বোনের অভিযোগের ভিত্তিতে প্রায় দেড় মাস পর খুঁড়ে তোলা হয় দেহ। ঘটনায় দুই অভিযুক্তকে গ্রেপ্তার করছে পুলিশ। নতুন করে ময়নাতদন্তের পর বুধবার দেহ ফের কবর দেওয়া হয়।

জানা গিয়েছে, ১৫-১৬ জুলাই মাঝরাতে বানারহাট ব্লকের গ্যান্দ্রাপাড়া চা বাগানে টিন লাইনের বাসিন্দা করমজিৎ ওরাওঁ নামের ৩৫ বছর বয়সি এক তরুণের মৃত্যু হয়। পরদিন সকালে তাঁকে কবর দেওয়া হয়। তাঁর বোন শিলবন্তী ওরাওঁ বেঙ্গালুরুতে থাকতেন। তিনি জানতে পারেন, দাদার মৃত্যু স্বাভাবিক নয়।

ফিরে এসে ১৮ অগাস্ট বানারহাট থানায় লিখিত অভিযোগ করেন, দাদাকে তাঁর ছেলে ও ভাইপো পিটিয়ে মেরেছে।

শিলবন্তী জানান, তাঁর দাদা সেই রাতে মদ খেয়ে বাড়িতে গণ্ডগোল করছিলেন। দাদার ছেলেও মদ খেয়েছিল। বাবাকে শাসন করতে গিয়ে মারধর করে বাড়ির উঠোনে বেঁধে ফেলে রাখে সে। এর জেরেই দাদার মৃত্যু হয়। অভিযোগ পেয়ে বানারহাট থানার পুলিশ হত্যার মামলা রুজু করে তদন্ত শুরু করে। ঘটনায় অভিযুক্ত করমজিতের ছেলে ও তার খুড়তুতো ভাইকে গ্রেপ্তার করা হয়।

জেরার মুখে, মারধর ও বেঁধে রাখার ঘটনা স্বীকার করে নেয় দুই অভিযুক্ত। এরপর আদালতের নির্দেশে বিডিওর উপস্থিতিতে ২৫ তারিখ মৃতদেহ কবর খুঁড়ে তোলা হয়। মঙ্গলবার দেহটি ময়নাতদন্তের জন্য জলপাইগুড়ি পাঠানো হয়। বুধবার ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে দেহটি গ্যান্দ্রাপাড়া চা বাগানে ফের কবরস্থ করা হয়।

বানারহাট থানার আইসি বিরাজ মুখোপাধ্যায় জানান, অভিযুক্ত দুজন জেল হেপাজতে রয়েছে। আদালতের নির্দেশে দেহ কবর থেকে তুলে ময়নাতদন্ত করা হয়েছে। মামলা চলছে।

এলাকার পঞ্চায়েত সদস্য এবং বানারহাট-১ গ্রাম পঞ্চায়েতের প্রধান প্রবিকা বিশ্বকর্মা বলেন, 'বিষয়টি প্রশাসন দেখছে। আশা করি, বিষয়টি গুরুত্ব দিয়ে দেখা হবে।'

## বাইকে ঝাঁপাল চিতাবাঘ

**ক্রান্তি ও ওদলাবাড়ি, ২৭ অগাস্ট :** বাইক নিয়ে বাড়ি ফেরার পথে চিতাবাঘের আক্রমণে আহত হলেন এক ব্যক্তি। মহম্মদ রহিম নামে বছর চল্লিশের ওই ব্যক্তি রাজাডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের তাঁতিপাড়ার বাসিন্দা।

বুধবার রাত ৮টা নাগাদ রহিম ক্রান্তি থেকে তাঁর বাড়িতে বাইকে ফিরছিলেন। পথে সুবর্ণপুর চা বাগানে তাঁর ওপরে একটি পূর্ণবয়স্ক চিতাবাঘ ঝাঁপিয়ে পড়ে। ঘটনার আকস্মিকতায় বাইক থেকে পড়ে যান রহিম। শরীরের একাধিক জায়গায় চোট লাগে। স্থানীয়রা তাঁকে দেখতে পেয়ে মাল সুপারস্পেশালিটি হাসপাতালে নিয়ে যান। তাঁর অবস্থা স্থিতিশীল। অন্যদিকে, বুধবার ভোরে মানাবাড়ি চা বাগানে খাঁচাবন্দি হল একটি পূর্ণবয়স্ক মাদি চিতাবাঘ। মাল বন্যপ্রাণ শাখার রেঞ্জ অফিসার অঙ্কন নন্দী বলেন, 'চিতাবাঘটিকে সম্পূর্ণ সুস্থ অবস্থায় গরুমারার জঙ্গলে ছেড়ে দেওয়া হয়েছে।'

## কচ্ছপ উদ্ধার

**জলপাইগুড়ি, ২৭ অগাস্ট :** তিস্তা নদীতে মাছ ধরার সময় বুধবার মৎস্যজীবীর জালে ধরা পড়ল একটি কচ্ছপের ছানা। ঘটনাস্থল জলপাইগুড়ি সদর ব্লকের কাদোবাড়ি সংলগ্ন সাহেবের কামাত এলাকা। সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় পরিবেশপ্রেমী অঙ্কুর দাসকে। তিনি গিয়ে ওই কচ্ছপটি উদ্ধার করেন। অঙ্কুর বলেন, 'তিস্তা-করলার সংযোগস্থলে কচ্ছপের ছানাটিকে ছেড়ে দেওয়া হয়েছে।'

## ঘরে বাবার কবর, আশ্রয় চায় ২ কন্যা

মোস্তাক মোরশেদ হোসেন


আর্থমুভার দিয়ে ঘরে কবর খোঁড়া হচ্ছে। -ফাইল চিত্র

**রাঙ্গালিবাজনা, ২৭ অগাস্ট :** বাবার মৃত্যুর পর সপ্তাহ পেরিয়ে গিয়েছে। এখন সদ্য পিতৃহারা দুই কন্যার দুঃখের বড় কারণ হয়ে দাঁড়িয়েছে আশ্রয়। কোথায় থাকবে তারা? আপাতত রয়েছে মামাবাড়িতে। কিন্তু তা আর কতদিন? বাবার বাড়িতে ফেরার উপায় নেই। কারণ, সেই বাড়ি ভেঙেই তো কবর দেওয়া হয়েছে মমিনুলকে। বাধ্য হয়ে তাই মাথার ওপর ছাদের খোঁজে মুখ্যমন্ত্রীর দ্বারস্থ হয়েছে মৃত মমিনুলের কন্যারা। চিঠি লিখেছে অষ্টম শ্রেণির ছাত্রী বড় মেয়ে। ছোটটি তো এখনও দুগ্ধপোষ্য। তাদের মায়ের খোঁজ নেই।

গত ১৯ অগাস্ট মাদারিহাটের ইসলামাবাদ গ্রামে মমিনুল ইসলামের অস্বাভাবিক মৃত্যু হয়। তাঁকে বিষপান করিয়ে খুনে অভিযুক্ত স্ত্রী এবং শাশুড়ি এখনও পলাতক। ২০ অগাস্ট মমিনুলের বাড়ির দেওয়াল এবং ছাদের একাংশ ভেঙে তাঁকে নিজের বাড়িতেই কবর দেওয়া হয়। বাবাকে ঘরের ভেতর কবর দেওয়ার প্রতিবাদে মমিনুলের নাবালিকা মেয়ে তার জেঠুদের বিরুদ্ধে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে ই-মেল মারফত নালিশ জানায়। সেইসঙ্গে রাজ্য মানবাধিকার কমিশন, শিশু সুরক্ষা কমিশন, রাজ্য পুলিশের ডিআইজি, আলিপুরদুয়ারের জেলা শাসক, পুলিশ সুপার, জয়গাঁর অতিরিক্ত পুলিশ সুপারকে নালিশ জানিয়েছে মমিনুলের মেয়ে। অতিরিক্ত পুলিশ সুপার মানবেন্দ্র দাসের বক্তব্য, 'এবিষয়ে তদন্ত করে পদক্ষেপ করা হবে।' ঘরের ভেতর দেহ কবরস্থ করা নিয়ে স্থানীয়দের কেউ কেউ আমত-আমতা করলেও মমিনুলের ক্ষুব্ধ পরিজনদের সিদ্ধান্তের বিরোধিতা করার সাহস পাননি।

মমিনুলের মেয়ে ঘর ভাঙা, সামগ্রী লুঠ ও ভয় দেখানোর অভিযোগ করেছে তার জেঠু অর্থাৎ মমিনুলের দুই দাদা হবিবর রহমান, মোতালেব হোসেন এবং মমিনুলের দুই তুতো দাদা নুরজামাল হোসেন এবং মোস্তাফিজার রহমানের বিরুদ্ধে। অভিযোগের উত্তরে মোস্তাফিজার বলেন, 'আমাদের বিরুদ্ধে হুমকি দেওয়া এবং লুটপাটের অভিযোগ মিথ্যা।'



## টুকরো খবর

### সাহায্যপ্রার্থী

**বেলাকোবা, ২৭ অগাস্ট :** মেয়ের দুরারোগ্য ব্যাধির চিকিৎসার জন্য সাহায্যপ্রার্থী অসহায় মা। বেলাকোবা অঞ্চলের মোহিতনগরের মধ্য কুমারপাড়ার বাসিন্দা লাবণি দাস দেড় বছর ধরে দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত। তার দুটি হিপ জয়েন্ট অকেজো হয়ে গিয়েছে। চলাফেরা করতে পারে না। অস্ত্রোপচার করতে খরচ হবে ৬ লক্ষ টাকা। এই প্রসঙ্গে লাবণির মা লক্ষ্মী দাস বলেন, 'চার বছর হল আমার স্বামী প্রদীপ দাসের মৃত্যু হয়েছে। বাড়ি বাড়ি পরিচারিকার কাজ করে সংসার চালাই। অষ্টম শ্রেণিতে পড়ার সময়ে মেয়ে দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়। যদি কেউ সাহায্যের হাত বাড়িয়ে দেন, তাহলে উপকৃত হব।'

### কাজের সূচনা

**রাজগঞ্জ, ২৭ অগাস্ট :** রাজগঞ্জ ব্লকে কুকুরজান গ্রাম পঞ্চায়েতের সারিয়ামে বুধবার রাস্তার কাজের সূচনা করেন রাজগঞ্জের বিধায়ক খগেশ্বর রায়। নতুন ওই রাস্তাটি তৈরি হবে ২৭ নম্বর জাতীয় সড়কের সারিয়াম মোড় থেকে ফকিরটিপ প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত। সাড়ে ৫ কিলোমিটার দীর্ঘ ওই রাস্তাটি পাকা করতে খরচ হবে প্রায় ২ কোটি ৫ লক্ষ টাকা। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের তত্ত্বাবধানে রাস্তাটি তৈরি করবে ওয়েস্ট বেঙ্গল স্টেট রুরাল ডেভেলপমেন্ট এজেন্সি।

### সংবর্ধনা

**জলপাইগুড়ি, ২৭ অগাস্ট :** সরকারি গ্রন্থাগারে আসা পাঠকদের এবার সংবর্ধনা দেবে জেলা জনশিক্ষা দপ্তর। আগামী ৩১ অগাস্ট জলপাইগুড়ি জেলা পরিষদ হলঘরে গ্রন্থাগার দিবসে জেলার ৭৩টি গ্রন্থাগারের বাছাই করা পাঠকদের সংবর্ধিত করা হবে। গ্রন্থাগারে পাঠকের সংখ্যা কমতে শুরু করেছে। তবু অনেক পাঠকই গ্রন্থাগারে বই পড়তে আসছেন। মানুষের মধ্যে বইয়ের প্রতি আগ্রহ বাড়াতেই এই সংবর্ধনার আয়োজন করা হয়েছে বলে জেলা জনশিক্ষা দপ্তরের আধিকারিক ইমরান শেখ জানিয়েছেন।

### চোখ পরীক্ষা

**ওদলাবাড়ি, ২৭ অগাস্ট :** 'মিশন রোশনি' প্রকল্পে ওদলাবাড়ির লায়ন্স ক্লাবের উদ্যোগে বুধবার ওদলাবাড়ি উচ্চমাধ্যমিক স্কুলের ছাত্রছাত্রীদের বিনামূল্যে চোখ পরীক্ষা করা হয়। শিলিগুড়ির গ্রেটার লায়ন্স আই হাসপাতালের সহযোগিতায় আয়োজিত এদিনের শিবিরে মোট ২০২ জন ছাত্রছাত্রীর চোখ পরীক্ষা করা হয়। ৫ জনকে চশমা দেওয়া হয়েছে। ৮ জনকে উন্নত চোখের চিকিৎসার জন্য গ্রেটার লায়ন্স আই হাসপাতালে নিয়ে যাওয়া হবে বলে জানান প্রকল্পের চেয়ারম্যান উদয়ন সেন।

### বিজয় মিছিল

**রাজগঞ্জ, ২৭ অগাস্ট :** মাদ্রাসা ভোটে জয়ী হওয়ায় বুধবার বালাবাড়ি থেকে বানিয়াপাড়া পর্যন্ত বিজয় মিছিল করে তৃণমূল কংগ্রেস। রবিবার অনুষ্ঠিত রাজগঞ্জের সন্ন্যাসীকাটা গ্রাম পঞ্চায়েতের বালাবাড়ি এক্রামিয়া হাই মাদ্রাসার পরিচালন সমিতি নির্বাচনে জয়ী হয় তৃণমূল।

### অভিযান

**ক্রান্তি, ২৭ অগাস্ট :** বুধবার মালবাজার থানার পুলিশ, জলপাইগুড়ি জেলা পুলিশ ও আবগারি দপ্তরের যৌথ উদ্যোগে আপালচাঁদ মেচবস্তি এলাকায় বিশেষ অভিযান হয়। এই অভিযানে প্রায় ১৪০০ লিটার বেআইনি মদ উদ্ধার করা হয়। পুলিশের এই উদ্যোগে খুশি স্থানীয়রা।



পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

*আলো ঝলমলে।। জয়গাঁর ভুটান গেটে ছবিটি তুলেছেন অনুপম চৌধুরী।*

প্রশাসনিক স্তরে চরম ব্যস্ততা

# উচ্চমাধ্যমিক নিয়ে চূড়ান্ত প্রস্তুতি

**শুভজিৎ দত্ত**

**নাগরাকাটা, ২৭ অগাস্ট :** দ্বাদশ শ্রেণির তৃতীয় সিমেস্টারের পরীক্ষা ঘিরে জলপাইগুড়ি জেলায় প্রস্তুতি এখন শেষ পর্যায়ে। মোট ১৭টি সেন্টারের ৭৪টি ভেনুতে পরীক্ষা নেওয়া হবে। আগামী ৮ তারিখ থেকে শুরু হওয়া পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ পরিচালিত ওই পরীক্ষা শেষ হবে ২২ সেপ্টেম্বর। তবে জলপাইগুড়ি জেলা থেকে মোট কতজন পরীক্ষার্থী তৃতীয় সিমেস্টারের এই পরীক্ষায় বসছে তা এখনও পর্যন্ত চূড়ান্ত নয়। যদিও পরিসংখ্যান বলছে, ছাত্রদের তুলনায় ছাত্রীদের সংখ্যা বেশি। পরীক্ষা ঘিরে বুধবার নাগরাকাটায় একটি প্রশাসনিক বৈঠক করা হয়। পাশাপাশি সেন্টার কমিটির বৈঠক হয় ময়নাগুড়ির ভুজারিপাড়া হাইস্কুল ও রাজগঞ্জের সন্ন্যাসীকাটা হাইস্কুলে। জেলা উচ্চমাধ্যমিক পরীক্ষা কমিটির যুগ্ম আহ্বায়ক ভৈরব বর্মন বলেন, 'দ্বাদশের তৃতীয় সিমেস্টারের পরীক্ষা হবে ওএমআর-ভিত্তিক পদ্ধতিতে। সকাল ১০টা থেকে শুরু হবে পরীক্ষা। সময় দেওয়া হবে ১ ঘণ্টা ১৫ মিনিট। পরীক্ষার্থীরা যাতে নির্বিঘ্নে পরীক্ষাকেন্দ্রে পৌঁছোতে পারে সেইজন্য সবরকম প্রস্তুতি চূড়ান্ত করে ফেলা হচ্ছে।

জানা যাচ্ছে, প্রতিটি ভেনুতে ৩-৪টি করে সিসিটিভি ক্যামেরার নজরদারি থাকছে। পরীক্ষাকেন্দ্রের ভেতর মোবাইল, স্মার্টওয়াচ-এর মতো নানা ধরনের বৈদ্যুতিন সামগ্রী নিয়ে যাওয়া নিষিদ্ধ। এবার ক্যালকুলেটর নিয়ে যাওয়ার অনুমতিও নেই। জলপাইগুড়ি জেলা চা বাগান ও বনবস্তি অধ্যুষিত। রয়েছে একাধিক প্রত্যন্ত এলাকা। পরীক্ষার্থীদের যাতে যাতায়াতের ক্ষেত্রে কোনও অসুবিধা না হয়, সেই কারণে বিশেষ পরিবহণের ব্যবস্থা করা হচ্ছে। বিষয়টি নিয়ে বৃহস্পতিবার আঞ্চলিক পরিবহণ আধিকারিকের দপ্তরে সংশ্লিষ্ট সমস্ত মহলকে নিয়ে একটি বৈঠক ডাকা হয়েছে। এবার জঙ্গল লাগোয়া এলাকার পরীক্ষার্থীদের যাতায়াতের জন্য বন দপ্তরের পক্ষ থেকে বিশেষ ব্যবস্থা করা হচ্ছে।

নাগরাকাটার বৈঠকে বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষক, সেন্টার সেক্রেটারি, ভেনু সুপারভাইজার, ব্লক স্বাস্থ্য আধিকারিক, নাগরাকাটা পঞ্চায়েত সমিতির সভাপতি, জয়েন্ট বিডিও সহ বিভিন্ন চা বাগানের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। নাগরাকাটার অবর বিদ্যালয় পরিদর্শক বিজয়চন্দ্র রায় বলেন, 'পরীক্ষার্থীদের যাতায়াতে যাতে কোনও অসুবিধা না হয় তা নিশ্চিত করা হচ্ছে। চা বাগানগুলিও গাড়ি দেবে বলেছে।'



*দ্বাদশের তৃতীয় সিমেস্টারের পরীক্ষা নিয়ে নাগরাকাটায় প্রশাসনিক বৈঠক।*

**নির্ঘণ্ট**

- মোট ১৭টি সেন্টারের ৭৪টি ভেনুতে পরীক্ষা নেওয়া হবে
- ৮ তারিখ থেকে শুরু হয়ে পরীক্ষা শেষ হবে ২২ সেপ্টেম্বর
- সকাল ১০টা থেকে শুরু হবে পরীক্ষা। সময় দেওয়া হবে ১ ঘণ্টা ১৫ মিনিট

ঘটনায় অভিযুক্ত রাজগঞ্জ ব্লক ভূমি দপ্তর

# ১০০ কোটির জমি হাতবদল

**রাহুল মজুমদার**

**শিলিগুড়ি, ২৭ অগাস্ট :** রাজগঞ্জের ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের বিরুদ্ধে বেসরকারি জমির নকল কাগজ তৈরি করে হাতবদলে সাহায্য করার ভূরিভূরি অভিযোগ আগেই ছিল। এবার শিলিগুড়ি পুরনিগমের জমি অন্যের নামে করে দেওয়ার অভিযোগ উঠেছে ওই দপ্তরের বিরুদ্ধে। শিলিগুড়ি পুরনিগমের প্রায় ১০০ কোটি টাকার জমির হাতবদলে অভিযুক্ত রাজগঞ্জের ভূমি ও ভূমি সংস্কার দপ্তর। অভিযোগ, শিলিগুড়ির ডাম্পিং গ্রাউন্ডের কাছে একটি বেসরকারি স্কুলের পাশে থাকা পুরনিগমের প্রায় ৮৫ কাঠা জমি দখল হয়ে এলআর শিটে নাম পরিবর্তন হয়ে গিয়েছে। ওই জমির প্লট নম্বর ৭১২/৭৬১, মৌজা ডাবগ্রাম, থানা ভক্তিনগর। ২০১০ সালে যে জমি শিলিগুড়ি পুরনিগমের নামে ছিল ২০১৬ সালে সেই জমির এলআর শিট থেকে পুরনিগমের নাম বাদ চলে যায়। ২০২০ সালে আবার ওই জমি অন্য এক ব্যক্তির নামে হয়ে গিয়েছে। ১৯৫৫ সালে কেনা পুরনিগমের ওই জমির বর্তমান দাম প্রায় ১০০ কোটি টাকা। এভাবে পুরনিগমের জমি হাতবদল হয়ে গেলেও কেন আগের বোর্ডের নজরে আসেনি, তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে।

বিষয়টি সামনে আসতেই শিলিগুড়ি পুরনিগমের তরফে জলপাইগুড়ির জেলা শাসককে চিঠি দিয়ে বিষয়টি জানানো হয়েছে। এরপরই বিষয়টি নিয়ে নড়াচড়া শুরু করেছে রাজগঞ্জের ভূমি ও ভূমি সংস্কার দপ্তর। বিষয়টি নিয়ে রাজগঞ্জের ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক গোপাল বিশ্বাসের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করা হলে তিনি ফোন ধরে জানান, ব্যস্ত আছেন, কথা বলতে পারবেন না। শিলিগুড়ির মেয়র গৌতম দেবের বক্তব্য, 'আমাদের নজরে বিষয়টি আসার পরেই জেলা শাসককে চিঠি দিয়ে জানিয়েছি। তিনি সবটা দেখছেন।' জলপাইগুড়ির জেলা শাসক শামা পারভিন বলেন, 'ঘটনায় তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে।'

বিরোধীরা রাজগঞ্জের তৎকালীন ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের বিরুদ্ধে এফআইআর করার দাবি জানিয়েছে। শিলিগুড়ি পুরনিগমের বিরোধী দলনেতা অমিত জৈন প্রথম বিষয়টি তুলে ধরেছিলেন। তাঁর বক্তব্য, 'তৎকালীন ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের মদতেই পুরো কাজ হয়েছে। ওই আধিকারিকের বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ করার দাবি জানাচ্ছি।' এই প্রসঙ্গে গৌতমের বক্তব্য, 'জলপাইগুড়ির জেলা শাসকের দিক থেকে কোনও উত্তর পেলেই আমরা রাজ্য সরকারকে বিষয়টি জানিয়ে দেব।'

শিলিগুড়ি পুরনিগমের ৪১ নম্বর ওয়ার্ডে ডাম্পিং গ্রাউন্ডের কাছে পুরনিগমের প্রায় ১.৪৭ একর জমি রয়েছে। ওই জমি ১৯৫৫ সালে শিলিগুড়ি পুরনিগম কিনেছিল। ২০১০ সাল পর্যন্ত জমির এলআর খতিয়ানে শিলিগুড়ি পুরনিগমেরই নাম ছিল। কিন্তু ২০১৬ সালে হঠাৎ করে এলআর খতিয়ান থেকে পুরনিগমের নাম বাদ দেওয়া হয়। ২০২০ সালে এলআর খতিয়ানে ওই জমি প্রকাশচন্দ্র চৌধুরীর নামে নথিভুক্ত হয়ে যায়। তার কয়েক মাস বাদে আবার জমিটি একটি বেসরকারি সংস্থার নামে নথিভুক্ত হয়।

অভিযোগ, খতিয়ানের পূর্ণ বিবেচনা করার সময় ২০১৬ সালে পুরনিগমের নাম রেকর্ড থেকে সরিয়ে দেওয়া হয়। দীর্ঘদিন পুর বোর্ড সেই বিষয়টিতে নজর না দেওয়ায় ২০২০ সালে ফের খানাপুরি বুঝারাটের সময় সেখানে অন্য ব্যক্তির নাম তুলে দেওয়া হয়। বর্তমানে এলআর খতিয়ানে যাদের নাম রয়েছে সেই সংস্থা মাসখানেক শিলিগুড়ি পুরনিগমের ওই জমি বিক্রি করার জন্যে কলকাতা থেকে শিলিগুড়িতে এসেছিল। অভিযোগ, খালপাড়ার এক প্রোমোটার ওই জমি কিনতে টাকা বায়নাও করেছিলেন। কিন্তু পরবর্তীতে জমির কাগজ নিয়ে পুরনিগম নাড়াচাড়া শুরু করতেই ওই প্রমোটার পিছিয়ে যান।

**পুনরুদ্ধারে প্রশ্ন**

- শিলিগুড়ি পুরনিগমের জমি অন্যের নামে করে দেওয়ার অভিযোগ উঠেছে রাজগঞ্জের ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের বিরুদ্ধে
- পুরনিগমের প্রায় ৮৫ কাঠা জমি দখল হয়ে এলআর শিটে নাম পরিবর্তন হয়ে গিয়েছে
- ২০১০ সালে যে জমি শিলিগুড়ি পুরনিগমের নামে ছিল ২০১৬ সালে সেই জমির এলআর শিট থেকে পুরনিগমের নাম বাদ চলে যায়
- প্রশ্ন উঠছে এতদিন ধরে কেন জমি পুনরুদ্ধারে কোনও পদক্ষেপ করা হয়নি

### ফ্লাইওভারে সাইনেজ

**ওদলাবাড়ি, ২৭ অগাস্ট :** ওদলাবাড়ি ফ্লাইওভারে সড়ক দুর্ঘটনা রোধে বুধবার সাইনেজ বসাতে শুরু করল মাল ট্রাফিক পুলিশ। চার লেনের ওই ফ্লাইওভারের মাঝে পর্যাপ্ত সাইনেজের অভাবে মাঝে মাঝেই ভিনরাজ্য বা বহিরাগত যানচালকরা ভুল করে অন্য লেনে ঢুকে পড়ছিলেন। গত ২৫ অগাস্ট মাত্র আধ ঘণ্টা সময়ের ব্যবধানে ভুল লেনে ঢুকে যাওয়ার কারণে পরপর দু'দুটো মুখোমুখি সংঘর্ষে মোট ৮ জন জখম হওয়ার পর নড়েচড়ে বসল মাল ট্রাফিক পুলিশ।

ট্রাফিক ওসি দেবজিৎ বসু বলেন, 'শুধু ওদলাবাড়ি ফ্লাইওভার নয়, মাল থানার অধীন দুর্ঘটনাপ্রবণ অন্য সব এলাকাতেও চালকদের সতর্ক করতে কোথাও গতি নিরোধক স্পিডব্রেকার, কোথাও রোড ব্যারিয়ার ও সতর্কীকরণ বোর্ড লাগানো হয়েছে। দুর্ঘটনা এড়াতে চালকদের আরও বেশি সতর্ক হতে হবে।'



*ধূপগুড়ি শহরে নামহীন পথ।*

# বেনামী রাস্তার নাম দেবে পুরসভা

**সপ্তর্ষি সরকার**

**ধূপগুড়ি, ২৭ অগাস্ট :** বিগত পুর বোর্ডের আমলে শহরের নামহীন পথের নামকরণ প্রক্রিয়া শুরুর উদ্যোগ নেওয়া হয়। তবে কীভাবে তা বাস্তবায়ন হবে তা নিয়ে পুর বোর্ডের বৈঠকে মতানৈক্য হওয়ায় চাপা পড়ে ফাইল। সাত বছর পর বুধবার ধূপগুড়ি পুর প্রশাসক বোর্ডের সভায় ফের আলোচনায় উঠে এল বেনামী পথের নামকরণ ইস্যু। শহরের মূল সড়ক এবং গলিপথের নামকরণ নিয়ে পুর প্রশাসকরা একমত হয়েছেন বলে খবর। প্রাথমিকভাবে মিহিরচন্দ্র চট্টোপাধ্যায় এবং হরিহর বন্দ্যোপাধ্যায়ের নামে দুটি পথের নামকরণ করার বিষয়ে চার পুর প্রশাসক ঐকমত্যে পৌঁছেছেন। এ বিষয়ে ধূপগুড়ি পুর প্রশাসক বোর্ডের ভাইস চেয়ারম্যান রাজেশকুমার সিং বলেন, 'এই দুজনের নাম ধূপগুড়ির মাটি, মানুষ এবং ইতিহাসের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। আগামী প্রজন্মের কাছে তাঁদের তুলে ধরা আমাদের লক্ষ্য।'

জানা গিয়েছে, সূর্য সেন কলোনি মোড় থেকে যে পথ পাঁচ নম্বর ও দুই নম্বর ওয়ার্ড হয়ে গিলান্ডি সেতুতে মিশেছে তার নাম 'মিহির চট্টোপাধ্যায় সরণি' করতে চাইছে পুরসভা। একইভাবে লিচুতলা, মিলনি মোড় হয়ে যে পথ মাস্টার কোয়ার্টারপাড়া হয়ে দক্ষিণায়ন মোড়ে বিডিও রোডে মিশেছে তা হরিহর বন্দ্যোপাধ্যায়ের নামে করতে চাইছে পুরসভা। সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট পক্ষের সঙ্গে আলোচনার পরে দ্রুত নির্দেশিকা জারি এবং আনুষ্ঠানিক ঘোষণা করবে পুর কর্তৃপক্ষ।

চিকিৎসক থেকে আধ্যাত্মিক গুরু হিসেবে মিহির চট্টোপাধ্যায়ের অনুগামীর সংখ্যা লক্ষাধিক। একইভাবে হরিহর বন্দ্যোপাধ্যায় ধূপগুড়ি শহরের অন্যতম আদি বাসিন্দা এবং নামী ব্যবসায়ী। জাতীয় কংগ্রেস নেতা হিসেবে তিনি ছিলেন সবার শ্রদ্ধেয়।

পুরসভার এই উদ্যোগকে স্বাগত জানিয়ে ধূপগুড়ি মহকুমা নাগরিক মঞ্চের সম্পাদক অনিরুদ্ধ দাশগুপ্ত বলেন, 'ইট-কাঠ-বালি-পাথরে পরিকাঠামো গড়ে উঠলেও শহর যে গড়ে ওঠে না, দেরিতে হলেও পুরকর্তারা তা বুঝতে পেরেছেন। এই সিদ্ধান্ত অনেক আগে নেওয়া হলে ভালো হত। এবার দ্রুত বাস্তবায়ন হবে বলে আমরা আশাবাদী।'



**ছোট্ট তারা**

মাটিয়ালি ব্লকের নীচ চালসা প্রাথমিক বিদ্যালয়ের প্রাকপ্রাথমিক শ্রেণির পড়ুয়া কৃতিকা রাই পড়াশোনার পাশাপাশি অঙ্কন ও নৃত্যে পারদর্শী।

### ক্রেতা সুরক্ষা বার্তা

**জলপাইগুড়ি, ২৭ অগাস্ট :** ক্রেতা সুরক্ষা দপ্তরের তরফে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের জলপাইগুড়ি ক্যাম্পাসে একটি সচেতনতা শিবির অনুষ্ঠিত হয় বুধবার। ছাত্রছাত্রীদের সামনে ক্রেতা সুরক্ষা বিষয়ের পাশাপাশি সাইবার ক্রাইম থানার তরফে আধিকারিকরা সচেতনতামূলক বার্তা দেন। এবিষয়ে জেলার কনজিউমার অ্যাফেয়ার্স অ্যান্ড বিজনেস প্র্যাকটিসের অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর দেবাশিস মণ্ডল বলেন, 'পুজো আসছে। এসময় এই পড়ুয়ারা অফলাইন থেকে অনলাইনে একটু বেশি কেনাকাটা করবে। সোশ্যাল মিডিয়ায় বিজ্ঞাপন দেখে কিনতে গিয়ে ঠকে যান অনেকেই। এছাড়াও অনলাইনে কেনার পর কিছু ফেরত দিতে ইন্টারনেটে সার্চ করে কাস্টমার কেয়ারের নম্বর খুঁজতে গিয়ে প্রতারকদের খপ্পরে পড়েন। তাই সবকিছু দেখেশুনে রেজিস্টার্ড সাইট দেখে কেনাকাটার বার্তা দেওয়া হল।' থানার তরফে জানানো হয়, প্রতারণার শিকার হলে সাইবার ক্রাইম থানায় যোগাযোগ করার জন্য।

# ছাত্রীকে শাসন নিয়ে থানা-পুলিশ

**কোচবিহার, ২৭ অগাস্ট :** স্কুল চলাকালীন এক ছাত্রীকে বকাঝকা করেছিলেন এক শিক্ষিকা। সেই ঘটনার জল গড়িয়েছে থানা পর্যন্ত। ছাত্রীর অভিভাবক আর সেই শিক্ষিকা, একে অপরের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছেন। শুধু থানা নয়, অভিযোগ পৌঁছে গিয়েছে রাজ্যের শিক্ষামন্ত্রী, শিক্ষা কমিশনার ও চাইল্ড কেয়ার পর্যন্ত। আর এই ঘটনায় নাম জড়িয়েছে সুনীতি অ্যাকাডেমির। কোচবিহারের ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠানের এই ঘটনায় শোরগোল পড়ছে শিক্ষক এবং অভিভাবক মহলে।

দু'পক্ষের সঙ্গে কথা বলে জানা গেল, বকা দেওয়ার ঘটনাটি গত ২১ অগাস্ট ঘটেছে। ক্লাসের মধ্যেই দশম শ্রেণির সেই ছাত্রীকে বকা দেন এক শিক্ষিকা। ওই শিক্ষিকার বক্তব্য, ছাত্রীটি ক্লাসে তাঁর কথা শুনছিল না। উলটে মুখে মুখে তর্ক ও বেয়াদপি করছিল। আর ওই ছাত্রীর অভিভাবকের দাবি, ওই শিক্ষিকা তাঁর মেয়েকে বকাঝকা করার সঙ্গে শিক্ষিকাদের কমন রুমে নিয়ে গিয়ে মারধরও করেছেন। সেই ঘটনার পর ওই ছাত্রীর অভিভাবককে স্কুলে ডাকা হয়েছিল। ঘটনার পর থেকে ওই ছাত্রী আর স্কুলে আসছে না। শিক্ষিকার অভিযোগ, ঘটনার দিন রাত ১২টা নাগাদ ওই ছাত্রীর অভিভাবক ফোন করে তাঁকে নানারকমের হুমকি দেন এবং কটু কথা বলেন। তার পরিপ্রেক্ষিতে পরেরদিন ওই অভিভাবকের বিরুদ্ধে কোচবিহার কোতোয়ালি থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন ওই শিক্ষিকা। একথা জানার পর ওই অভিভাবকও শিক্ষিকার বিরুদ্ধে থানায় পালটা অভিযোগ দায়ের করেছেন। বিষয়টি নিয়ে স্কুলে চাপানউতোর চলছে। কোতোয়ালি থানার পুলিশ জানিয়েছে, ঘটনার তদন্ত শুরু হয়েছে।

বিষয়টি নিয়ে সুনীতি অ্যাকাডেমির টিচার ইনচার্জ মৌমিতা রায় কিছু বলতে চাননি। তবে সুনীতি অ্যাকাডেমির পরিচালন সমিতির সভাপতি তথা জেলা শাসক অরবিন্দকুমার মিনা বলেন, 'খবর পেয়েছি। বিষয়টি খোঁজ নিয়ে দেখছি।'

সেই ছাত্রীর বাবা নিজেও পেশায় শিক্ষক। তিনি বলেন, 'আমার মেয়ে ক্লাসে বসে বন্ধুদের সঙ্গে একটু গল্প করছিল এবং মুচকি হাসছিল। সে সময় ক্লাসরুমে ওই শিক্ষিকা ঢুকে পড়েন। ক্লাসে হাসার অপরাধে ওই শিক্ষিকা তাকে অশ্লীল ভাষায় গালিগালাজ এবং বাবা-মায়ের নাম ধরেও উলটোপালটা বলেন। শিক্ষিকাদের কমনরুমে নিয়ে তাকে পিঠে মারেন। আমার মেয়ে একজন মাধ্যমিক পরীক্ষার্থী। এই ঘটনায় সে মানসিকভাবে ভেঙে পড়েছে।' তাঁর হুঁশিয়ারি, 'গোটা ঘটনায় মেয়ের কোনওকিছু হলে পুরোপুরি দায়ী থাকবেন ওই শিক্ষিকা।'

আর সেই শিক্ষিকা কী বলছেন? তাঁর বক্তব্য, 'সেদিন ক্লাসে বসে ওই ছাত্রী সহ তিনজন ছাত্রী হাসাহাসি করছিল। আমি ওদের তা করতে বারণ করি। বাকি দুজন চুপ করে গেলেও ওই মেয়েটি থামছিল না। উলটে মুখে মুখে তর্ক এবং বেয়াদপি করে যাচ্ছিল। শিক্ষিকাদের কমনরুমেও মেয়েটি নিজে নিজেই যায়। সেখানে গিয়েও তর্ক করা শুরু করে। থামানো যাচ্ছিল না। এরপর তাকে থামাতে হাত উঠিয়ে কেবল বলি, এক চড় মারব। পরে তার অভিভাবকদের ডাকা হয়। তাঁরা এসে স্কুল থেকে তাকে নিয়ে যান।'

ঘটনাটি নিয়ে সরব হয়েছেন সুনীতি অ্যাকাডেমির অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদস্যা রিয়া চক্রবর্তীও। তিনি বলেন, 'স্কুলে কী ঘটেছে আমি জানি না। তবে সত্যিই যদি শিক্ষিকা ইচ্ছাকৃত কিছু করে থাকেন তাহলে সেটি লজ্জাজনক। দুই তরফের অভিযোগ নিয়েই তদন্ত হওয়া উচিত।'




# করমপুজোর প্রস্তুতিতে ব্যস্ত ডুয়ার্সের বাগানগুলি

**নাগরাকাটা, ২৭ অগাস্ট :** করমপুজোর প্রস্তুতিতে ব্যস্ত ডুয়ার্সের বিভিন্ন চা বাগানের শ্রমিকরা। ধামসা-মাদল সহযোগে চলছে নাচ-গানের মহড়া। বুধবার নাগরাকাটা বিডিও অফিসে প্রশাসনের পক্ষ থেকে ৪০টি পুজো কমিটিকে বাদ্যযন্ত্রের সেট দেওয়া হয়। নাগরাকাটা পঞ্চায়েত সমিতির সভাপতি সঞ্জয় কুজুর বলেন, 'চাহিদা প্রচুর। তাই আরও কিছু বাদ্যযন্ত্রের জন্য আদিবাসী উন্নয়ন দপ্তরের মন্ত্রী বুলু চিকবড়াইককে অনুরোধ করা হয়েছে।'

চলতি বছর ৩ সেপ্টেম্বর করমপুজো। ঘোষণা হয়েছে সরকারি ছুটি। পুজোর পরদিন সবেতন ছুটি থাকে চা বাগানের শ্রমিকদের। কারণ সেদিন সকাল থেকে শুরু হয় আগের রাতে পুজিত করম রাজার বিসর্জনপর্ব। ডুয়ার্সে করমপুজো ও করম বিসর্জনের অনুষ্ঠান দুর্গাপুজোর উন্মাদনাকেও হার মানায় বলে দাবি আদিবাসী সমাজের। অখিল ভারতীয় আদিবাসী বিকাশ পরিষদের অন্যতম শীর্ষ নেতা তেজকুমার টোপ্পোর কথায়, 'ভাদ্র মাসের একাদশী তিথি থেকে করমপুজো শুরু হয়। তবে কার্তিক মাস পর্যন্ত করম আবাহন করা যেতে পারে।'

বর্তমানে চা বলয়ে করমপুজো সর্বজনীন রূপ নিয়েছে। প্রতিটি বাগান এলাকায় দুই-তিনটি শ্রমিক মহল্লা মিলে একটি করে পুজো করে। এবারও অন্যথা হচ্ছে না। প্যান্ডেল তৈরির কাজ প্রায় শেষ। মাটিয়ালি ব্লকের নেওড়া নদীর ধারে বিসর্জন উপলক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। হেমন্ত কুজুর কমিটির এক সদস্য বলেন, 'করম নিছকই পুজো নয়। এটা আদিবাসী সমাজের চিরন্তন আবেগ।' করম আদতে একটি গাছের নাম। গ্রাম বাংলায় যা চিকলতা নামে পরিচিত। ওই গাছের তিনটি ডালকে এক সুতোয় বেঁধে প্রকৃতির আরাধনা করা হয়। আদিবাসীরা প্রকৃতিরই উপাসক। করমপুজোর মাধ্যমে প্রকৃতিকেই তুষ্ট করার চেষ্টা করা হয়। এই উৎসব শস্যশ্যামলা পৃথিবী ও গোলা ভরা ফসলের কামনার সঙ্গে জড়িয়ে।

চা-ও একধরনের ফসল। তাই উত্তরবঙ্গের চা বাগানের আদিবাসী শ্রমিকদের কাছে করমপুজোর গুরুত্বই আলাদা। তাঁরা বাগানের মঙ্গলকামনা করেন বর্ণময় ওই পুজোর মাধ্যমে। করমপুজোর নাচ ও গান একেবারেই অন্যরকম। যেমন, চালি করম, ঝুমরি করম, পাইরি করম, লুঝকি করম, লাছুয়া করম, রিওরেকা করম সহ নানা ঘরানার।



*সামনেই করমপুজো। ধামসা, মাদল দেওয়া হচ্ছে আদিবাসী সমাজকে।*

# জাঁকজমকে অমলিন রায়বাড়ির পুজো

এল এল পুজো এল

**কৌশিক দাস**

**ক্রান্তি, ২৭ অগাস্ট :** নিয়মনিষ্ঠার পাশাপাশি জাঁকজমক করেই হতে চলেছে ক্রান্তি গ্রাম পঞ্চায়েতের কুথারটারিতে রায়বাড়ির পুজো। ৫১ বছর পুজো বন্ধ থাকার পর ২০২২ সালে ফের পুজো শুরু হয়। তারপর থেকে পুজোর আয়োজনে কোনও খামতি পড়েনি। পূর্বপুরুষের দেখিয়ে যাওয়া পথেই দুর্গতিনাশিনীর আরাধনায় মেতেছেন রায়বাড়ির এখনকার প্রজন্ম দীনেশচন্দ্র রায় ও তাঁর ভাইয়েরা।

কুথারটারিতে প্রথম এই পুজোর সূত্রপাত করেছিলেন কুথা রায়। সঠিক তারিখ জানা না গেলেও এই পুজো শতবর্ষ প্রাচীন বলেই জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা। গোটা ক্রান্তি ব্লকে অন্যতম প্রাচীন এই পুজোতে সেইসময় মেতে উঠত আপামর জনসাধারণ। কুথা রায়ের পর এই পুজোর হাল ধরেন দীনেশের পিতা পুষ্প রায়। দীর্ঘদিন তিনি রায়বাড়ির প্রাচীন এই পুজোকে এগিয়ে নিয়ে গিয়েছিলেন। কিন্তু হঠাৎ করেই তিস্তার ভয়াবহ বন্যার পর পুজো বন্ধ হয়ে যায়। ১৯৭১-'৭২ সালে শেষবার পুজো হয়। পূর্বপুরুষদের শুরু করা দুর্গাপুজোকে পুনরায় এগিয়ে নিয়ে যেতে হাল ধরেন পেশায় শিক্ষক দীনেশচন্দ্র রায়। এই পুজোকে কেন্দ্র করে মাতোয়ারা গোটা গ্রামের মানুষ। রায়বাড়ির পুজোর প্রধান উদ্যোক্তা দীনেশচন্দ্র রায়ের কথায়, 'পূর্বপুরুষদের আমল থেকে হওয়া মায়ের পুজো পুনরায় করতে পারা গর্বের বিষয়। বাবা-দাদুর মুখে পুজোর সময়কার সোনালি অতীতের কাহিনী শুনেছি। তাই সকলের সহযোগিতায় কাঁধে কাঁধ মিলিয়ে মায়ের আরাধনায় মেতে উঠলাম।' রায়বাড়ির পুজোকে ঘিরে তিনদিন ধরে গোটা গ্রাম আনন্দে মেতে উঠবে। লোকগান, নৃত্যের আসর বসবে মণ্ডপে। দেওনিয়াটারি, গোঁসাইপাড়া, নয়াহাট, মালহাটি বাগানের মানুষরাও মায়ের মুখ দর্শনে ভিড় জমান। পুজোর কয়েকদিন গ্রামের সকলে মিলে একসঙ্গে পাত পেড়ে খাওয়াদাওয়া হয়।

এখন রায়বাড়ির পুজোর সঙ্গে একাত্ম হয়ে গিয়েছেন এলাকার বাসিন্দারা। তাঁদের কথায়, 'ক্রান্তির ইতিহাসের সঙ্গে জড়িয়ে থাকা কুথারটারির এই পুজোয় অংশগ্রহণ করতে পেরে আমরা ভীষণ খুশি।' এলাকার প্রবীণ বাসিন্দা ভবিন রায় বলেন, 'আমার তখন শৈশব। সেই সময় থেকে এই পুজো হয়ে আসছে। জীবনের শেষপর্যায়ে পৌঁছে ফের পুজো হতে দেখে ছোটবেলার মতো আনন্দ হচ্ছে।'



*কুথারটারির পুজো। -ফাইল ছবি*



### পর্যটনে নজর

পর্যটনকে আরও গুরুত্ব দিতে একাধিক পরিকল্পনা নিয়েছে সরকার। বুধবার কলকাতায় মার্চেন্ট চেম্বার অফ কমার্সের টুরিজম কনক্লেভে যোগ দিয়ে জানিয়েছেন ইন্দ্রনীল সেন।



### রুফটপে শর্ত

পুজোর আগেই শহরে বন্ধ হয়ে যাওয়া রুফটপ ক্যাফে ও রেস্তোরাঁ খুলছে। তবে মানতে হবে একাধিক শর্ত। জানিয়েছেন কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। থাকতে হবে ফায়ার সেফটি সার্টিফিকেট।



### পুজোয় বিতর্ক

বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য তাঁর অফিসের সামনে রীতিমতো জাঁকজমক করে গণেশ পুজো করলেন। আর তা নিয়ে বিতর্ক শুরু হয়েছে। যদিও বিতর্কের কিছু দেখছেন না উপাচার্য শংকর কুমার নাথ।



### আমৃত্যু জেল

নিউটাউনে নাবালিকা ধর্ষণ ও খুনে দোষী সাব্যস্ত টোটোচালক সৌমিত্র রায়কে আমৃত্যু কারাবাসের সাজা দিল আদালত। ৫০ হাজার টাকা জরিমানা অনাদায়ে ৫ বছর কারাবাস।

# পদ্মের নির্বাক সাংসদ সৌমেন্দু

**কলকাতা, ২৭ অগাস্ট :** বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর 'সাংসদ ভাই' সৌমেন্দু অধিকারীর পারফরমেন্স নিয়ে দলেই প্রশ্ন। বিজেপি সাংসদ সৌমেন্দুর রেকর্ড বলছে, গত এক বছরের বেশি সময় সংসদে উপস্থিত থাকলেও কার্যত 'নির্বাক' সাংসদের ভূমিকাই পালন করেছেন তিনি। কারণ, এই সময়কালে তিনি সংসদে সাকুল্যে মাত্র ৫টি প্রশ্ন করেছেন। কোনও বিতর্কে অংশ নেওয়া, স্থানীয় বা রাজ্য রাজনীতির প্রেক্ষিতে কোনও বক্তব্য পেশ করেননি। যদিও এসব সত্ত্বেও নিজের পারফরমেন্সে খুশি সৌমেন্দু।

গত লোকসভা ভোটে পূর্ব মেদিনীপুরের কাঁথি লোকসভা আসনে জয়ী হয়ে সাংসদ হন সৌমেন্দু অধিকারী। সম্প্রতি রাজ্যের দলীয় সাংসদদের (মন্ত্রী বাদে) সংসদীয় পারফরমেন্স খতিয়ে দেখেছে বিজেপি। সেখানেই সাংসদ হিসেবে সৌমেন্দুর এই হতাশাজনক পারফরমেন্স দেখা গিয়েছে। সাধারণত একজন সাংসদের পারফরমেন্স নির্ধারণের জন্য ৪টি মাপকাঠি রয়েছে। এক, তাঁর সংসদে উপস্থিতি। দুই, সংসদে তাঁর সক্রিয়তা। তিন, সংসদে তাঁর বিশেষ ভূমিকা এবং শৃঙ্খলাপরায়ণতা। কোনও সাংসদকে ব্যক্তিগতভাবে কোনও ইস্যু সংসদে তুলতে গেলে সংসদীয় রীতি অনুযায়ী জিরো আওয়ারে অথবা বিশেষ উল্লেখপর্বে (স্পেশাল মেনশন পর্বে) তা উল্লেখ করা যায়। এছাড়া কোনও সাংসদ চাইলে প্রাইভেট মেম্বার বিলের সুযোগ নিয়ে কোনও প্রস্তাব সংসদে পেশ করতে পারেন। এর বাইরে বিল, বাজেট বা সংসদের বিশেষ অধিবেশনে ইস্যু ভিত্তিক বিতর্কে অংশ নিতে হলে তাঁকে দলের অনুমতি নিতে হয়। এক্ষেত্রে দেখা যাচ্ছে সৌমেন্দু তাঁর সাংসদ জীবনে এপর্যন্ত শুধু ৫টি প্রশ্ন উত্থাপন করা ছাড়া আর কোনও বিষয়েই অংশ নেননি। যদিও তাৎপর্যপূর্ণভাবে সংসদে তাঁর উপস্থিতি ৯৭ শতাংশ।

সৌমেন্দুর সাফাই, 'নিজে বক্তব্য না রাখলেও সমস্ত বিতর্কেই আমি উপস্থিত ছিলাম। ওয়াকফ বিল বিতর্কে রাত ৩টে পর্যন্ত সংসদে কাটিয়েছি। জিরো আওয়ারে সুযোগ পাওয়া তো লটারির ব্যাপার। আমি চেষ্টা করেছি, কিন্তু আমার ভাগ্যে লটারি ওঠেনি।' যদিও সূত্রের খবর, সৌমেন্দুর পারফরমেন্সে খুশি নয় দল। সারা দেশে সৌমেন্দুর মতো কার্যত নির্বাক বিজেপি সাংসদের সংখ্যা মেরেকেটে ৫ থেকে ৬ জন। দলেরই এক নেতা বলেন, 'সুভাষ সরকার প্রাইভেট মেম্বার বিল এনে রাঢ়বঙ্গের জন্য স্পেশাল প্যাকেজ দাবি করেছিলেন কেন্দ্রের কাছে।' উত্তরবঙ্গের মনোজ টিগ্গা, জয়ন্ত রায়, রাজু বিস্টরা সংসদে যথেষ্ট সক্রিয়। এমনকি তার পাশের কেন্দ্র তমলুকের সাংসদ অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের পারফরমেন্সও দলের নিরিখে ভালো। তবে বিরোধী দলনেতার ভাই সৌমেন্দুর পারফরমেন্স নিয়ে দলে চর্চায় প্রকাশ্যে মুখ খুলতে চাইছেন না কেউ।

**উপস্থিতিই সার**

- সৌমেন্দু তাঁর সাংসদ জীবনে এপর্যন্ত শুধু ৫টি প্রশ্ন উত্থাপন করা ছাড়া আর কোনও বিষয়েই অংশ নেননি
- তবে সংসদে তাঁর উপস্থিতি ৯৭ শতাংশ
- তাঁর কাজে শীর্ষ নেতৃত্ব অসন্তুষ্ট বলে জানা গিয়েছে



“নিজে বক্তব্য না রাখলেও সমস্ত বিতর্কেই আমি উপস্থিত ছিলাম। ওয়াকফ বিল বিতর্কে রাত ৩টে পর্যন্ত সংসদে কাটিয়েছি। জিরো আওয়ারে সুযোগ পাওয়া তো লটারির ব্যাপার। আমার ভাগ্যে লটারি ওঠেনি।

**সৌমেন্দু অধিকারী**



*গণেশবন্দনা ভবানীপুরের একটি পুজোমণ্ডপে। বুধবার। ছবি : রাজীব মণ্ডল।*

# পুজোর পর আসবে না অতিরিক্ত বিদ্যুৎ বিল, আশ্বাস রাজ্যের

কলকাতা, ২৭ অগাস্ট : দুর্গাপুজোর পর আসবে না অতিরিক্ত বিদ্যুতের বিল, বুধবার রাজ্যবাসীকে আশ্বাস দিলেন বিদ্যুৎমন্ত্রী অরূপ বিশ্বাস। সারা রাজ্যে পুজো প্রস্তুতির জন্য ডব্লিউবিএসইডিসিএল, সিইএসসি সহ অন্যান্য দপ্তরের আধিকারিককে নিয়ে এদিন বৈঠকে বসেন মন্ত্রী। সেখান থেকেই দিয়ে দিলেন দুর্গাপুজোর বিশেষ গাইডলাইন। সতর্ক করলেন, বেআইনিভাবে বিদ্যুৎ চুরি হলে আইনত ব্যবস্থা করা হবে। নিম্নচাপ ও বৃষ্টির কথা মাথায় রেখে পোস্ট ও ট্রান্সফর্মারের ওপর চলতি বছরে চলবে বিশেষ নজরদারি। উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গ জুড়ে সমস্ত পুজো কমিটির কাছে মন্ত্রীর অনুরোধ, খোলা বা লিকেজ যুক্ত তার যেন ব্যবহার না করা হয়। পুজো মণ্ডপে দাহ্য পদার্থ না রাখার পাশাপাশি নিরাপত্তার জন্য পাইপড ওয়ারিংয়ের ব্যবস্থা করারও পরামর্শ দিলেন অরূপ। ৩ হাজার ৭০০টি মোবাইল ভ্যানের ব্যবস্থা করছে দপ্তর।

পুজো মণ্ডপে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ জোগানের জন্য প্রতি বছরের মতোই এবারও ডিভিসি, এনটিপিসি ও রেল সহ বিভিন্ন দপ্তরের সঙ্গে ইতিমধ্যেই বৈঠক সেরেছে রাজ্য সরকার। এদিন জেলা পর্যায়ের আধিকারিকদের নিয়ে বৈঠকও হয়েছে। রাজ্য বিদ্যুৎ দপ্তরের তরফে পরিসংখ্যান দিয়ে জানানো হয়েছে, চলতি বছরে অস্থায়ী বিদ্যুৎ সংযোগ আবেদনের সংখ্যা ৫০,৫৫০-এর বেশি হতে পারে। বিদ্যুতের চাহিদা সর্বাধিক ১২,০৫০ মেগাওয়াটে পৌঁছোনোর সম্ভাবনা। রাজ্য সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী, চলতি বছর রাজ্যের সমস্ত পুজো প্যান্ডেলে বিদ্যুতের বিলে ছাড় থাকছে ৮০ শতাংশ। দিনরাত সাধারণ মানুষকে পরিষেবা দিতে দপ্তরের তরফে কর্তব্যরত থাকবেন ৭৩,৪১৪ জন বিদ্যুৎ কর্মী। পুজোয় যে কোনও অসুবিধা এড়াতে এদিন উদ্বোধন হয়েছে ২৪x৭-এর জন্য পুজো কন্ট্রোল রুমের। দুর্গাপুজো থেকে শুরু করে আসন্ন জগদ্ধাত্রীপুজোর বিসর্জনের দিন পর্যন্ত টানা কাজ করবে এই কন্ট্রোল রুম। চালু হয়েছে টোল ফ্রি হেল্পলাইন নম্বর। বিদ্যুৎ উন্নয়ন নিগমের সিএমডি ড. পিবি সেলিম এদিন বলেন, 'বাংলার ইতিহাসে প্রথমবার ২০২৪-'২৫ অর্থবর্ষে কোনও কয়লা ভিনরাজ্য থেকে আমদানি করা হয়নি। পূর্ব ভারতে প্রথমবার সাগরদিঘির ৬৬০ মেগাওয়াটের সুপার ক্রিটিকাল থার্মাল পাওয়ারের উদ্বোধন শীঘ্রই হবে।'

মন্ত্রী জানিয়েছেন, রাজ্য বিদ্যুৎ দপ্তরের অধীনে ২০১১ সালে পুজোর সংখ্যা ছিল ২০,৯৭০টি। সেখানে বিদ্যুৎ লাগত ২১০ মেগাওয়াট। চলতি বছরে সেই চাহিদা বেড়েছে ৫৪২ শতাংশ। পুজো কমিটিগুলির কাছে অরূপের আবেদন, যত পরিমাণ বিদ্যুৎ দরকার সবটার জন্যই যেন আবেদন জানানো হয়। অনেক ক্লাব-কর্তা কম বিদ্যুতের জন্য আবেদন করায় দুর্ঘটনার সম্মুখীন হতে হয় মণ্ডপগুলিকে। সবদিকে নজর রাখার পাশাপাশি বৈদ্যুতিক তারের ঠিক নীচে কোনও স্থানে প্যান্ডেল বাঁধা থেকে বিরত থাকার অনুরোধও জানানো হয়েছে। যাতে তার ছিঁড়ে দুর্ঘটনা না ঘটতে পারে।

# ইআরও-এইআরও নিয়োগের নির্দেশ

## মুখ্যসচিবকে চিঠি নির্বাচন কমিশনের

**দীপ্তিমান মুখোপাধ্যায়**

**কলকাতা, ২৭ অগাস্ট :** রাজ্যে বিধানসভাভিত্তিক ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার (ইআরও) এবং অ্যাসিস্ট্যান্ট ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার (এইআরও) নিয়োগ করতে রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থকে চিঠি পাঠালেন মুখ্য নির্বাচনি আধিকারিক মনোজ আগরওয়াল। আগেই ইআরও এবং এইআরও নিয়োগ করার জন্য জাতীয় নির্বাচন কমিশন জানিয়ে দিয়েছিল। শুক্রবারের মধ্যে মুখ্যসচিবের কাছে কমপ্লায়েন্স রিপোর্ট বা কাজ সম্পূর্ণ হয়েছে কি না তা নিয়ে রিপোর্ট চাওয়া হয়েছে। এদিনই বিভিন্ন দপ্তরের সচিব ও জেলা শাসকের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন মুখ্যসচিব। ওই বৈঠকেই কমিশনের নির্দেশিকা তাঁদের জানিয়ে দেওয়া হয়। শুক্রবার সকালের মধ্যে জেলা থেকে বিস্তারিত রিপোর্ট চেয়েছেন মুখ্যসচিব। ভার্চুয়াল বৈঠকে মুখ্যসচিব জানিয়েছেন, কমিশনের গাইডলাইন মেনে দ্রুত ইআরও এবং এইআরও নিয়োগ করতে হবে। যেখানে যেখানে পদগুলিতে নিয়োগ হয়নি, তা অবিলম্বে পূরণ করতে হবে। প্রয়োজনে মুখ্যসচিবের দপ্তরের সঙ্গে কথা বলতে বলা হয়েছে।

রাজ্যে এসআইআর বা বিশেষ নিবিড় পরিমার্জনের কাজ শুরু হতে পারে বলে অনেকদিন আগেই ইঙ্গিত দিয়েছিল জাতীয় নির্বাচন কমিশন। ইআরও এবং এইআরও-র তালিকা চাওয়ার আসল অর্থ এসআইআর শুরুর ব্যাপারে কমিশন চূড়ান্ত সিদ্ধান্ত



**এসআইআর প্রস্তুতি**

- ইআরও-এইআরও নিয়োগ করতে বুধবারই চিঠি মুখ্য নির্বাচনি আধিকারিকের
- শুক্রবারের মধ্যে কাজ সম্পূর্ণ করতে নির্দেশ
- এখনও প্রায় ৫০০ জন ইআরও-এইআরও নিয়োগ করতে হবে
- জেলাশাসক ও বিভিন্ন দপ্তরের সচিবদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক মুখ্যসচিবের

নিয়ে ফেলেছে। কবে থেকে তা চালু হবে তা এখনও কমিশন ঘোষণা না করলেও আগামী বিধানসভা নির্বাচনের দিকে তাকিয়ে সেপ্টেম্বর থেকেই তা চালু হতে পারে বলে মনে করছেন নবান্নের কর্তারা। তাই অগাস্টের মধ্যেই ইআরও এবং এইআরও নিয়োগ করে ফেলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নবান্ন সূত্রে খবর, এখনও ১৫ থেকে ১৬টি জায়গায় ইআরও এবং এইআরও নিয়োগ বাকি রয়েছে। এই পদে নিয়োগ করতে হলে প্রায় ৫০০ জন অফিসারের প্রয়োজন রয়েছে। সেই কারণেই দ্রুত নিয়োগ প্রক্রিয়া শেষ করতে মুখ্যসচিবকে নির্দেশ দিয়েছে কমিশন। নির্বাচন কমিশনের নির্দেশ পাওয়ার পরই তৎপর হয়েছে নবান্ন।

বিশেষ নিবিড় সংশোধন নিয়ে প্রথম থেকেই আপত্তি জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার পূর্ব বর্ধমানের সভা থেকেও এই নিয়ে তিনি সুর চড়িয়েছিলেন। অন্যদিকে এসআইআর হলে প্রচুর বাংলাদেশির নাম বাদ যাবে বলে দাবি করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বিহারে বিধানসভা নির্বাচনের আগে বিশেষ নিবিড় সংশোধনের পর প্রায় ৬৫ লক্ষ ভোটারের নাম বাদ গিয়েছে। রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবেই বিজেপি কমিশনকে দিয়ে এসআইআর করাতে চাইছে বলে অভিযোগ করেছেন মুখ্যমন্ত্রী। এমনকি কমিশন বিজেপির অঙ্গুলিহেলনে চলছে বলেও অভিযোগ মমতার। কিন্তু কমিশন যে এসআইআর করার নিয়ে বদ্ধপরিকর তা তাদের ইঙ্গিতেই স্পষ্ট।

# রোশন-শমীক সাক্ষাতে জল্পনা

**কলকাতা, ২৭ অগাস্ট :** গোর্খা জনমুক্তি মোর্চার নেতা বিমল গুরুংয়ের দূত হয়ে রোশন গিরি দেখা করলেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের সঙ্গে। বুধবার সল্টলেকের বিজেপি দপ্তরে শমীকের সঙ্গে দেখা করেন রোশন। শমীকের দাবি, পাহাড়ের উন্নয়ন ও স্থানীয় রাজনীতির বিষয়ে তাঁদের মধ্যে কথা হয়েছে।

বিধানসভা ভোটকে সামনে রেখে গোর্খা জনমুক্তি মোর্চার সঙ্গে আবার নতুন করে সখ্য বেড়েছে বিজেপির। কিছুদিন আগে এই কলকাতাতেই বিমল গুরুং, রোশন গিরিরা একান্ত বৈঠক করেছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর সঙ্গে। রাজ্য সভাপতি হওয়ার পর গোর্খা জনমুক্তি মোর্চার নেতৃত্বের সঙ্গে এটাই শমীকের প্রথম বৈঠক। এদিন বিকাল সওয়া ৪টে নাগাদ তাঁরা সল্টলেকের বিজেপি দপ্তরে আসেন। পরে তাঁরা শমীকের সঙ্গে প্রায় ৪০ মিনিট বৈঠক করেন। পাহাড়ি প্রথা মেনে শমীককে খাদা পরিয়ে সংবর্ধনা দেন রোশন সহ প্রতিনিধি দলের সদস্যরা। পরে শমীক জানিয়েছেন, 'পাহাড়ের উন্নয়নের দাবি জানাতেই তাঁরা এসেছিলেন।' পাহাড়ে যাওয়ার জন্য রাজ্য সভাপতি হিসেবে তাঁকে আমন্ত্রণও জানিয়েছেন রোশন।



# পরীক্ষার্থীদের সহায়তায় পুলিশ

## আজ তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস

**কলকাতা, ২৭ অগাস্ট :** বৃহস্পতিবার কলকাতার মেয়ো রোডে তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস। আবার এদিনই কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা রয়েছে। তার ফলে ছাত্রছাত্রীদের ভোগান্তির মধ্যে পড়ার আশঙ্কা রয়েছে। ছাত্রছাত্রীরা যাতে সঠিক সময়ে পরীক্ষা কেন্দ্রে পৌঁছোতে পারেন তার জন্য কলকাতা পুলিশ কমিশনারকে চিঠি দিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শান্তা দত্ত। এদিন শহরের বিভিন্ন প্রান্ত থেকে ৩টি মিছিল মেয়ো রোডে পৌঁছোবে। ফলে ছাত্রছাত্রীদের যাতে ভোগান্তি না হয়, তার জন্য বুধবারই কলকাতা পুলিশের কর্তাদের সঙ্গে বৈঠক করেন পুলিশ কমিশনার মনোজ ভার্মা। শহরে বৃহস্পতিবার যানচলাচল স্বাভাবিক রাখতে ট্রাফিক পুলিশকে নির্দেশ দিয়েছেন তিনি। এদিন তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবসে বক্তব্য রাখবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। আগামী বিধানসভা নির্বাচনের আগে দলের ছাত্র-যুবদের প্রচারের রণকৌশল কী হবে, তা এদিনের সভা থেকে স্পষ্ট করে দেবেন তাঁরা।

প্রতিবছরই এদিন তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস পালন হয়। এবার কলকাতা বিশ্ববিদ্যালয় এদিন পরীক্ষা রেখেছে। পরীক্ষার দিন পরিবর্তনের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে আর্জিও জানায় তৃণমূল। কিন্তু এই আর্জি খারিজ করে দেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। তা নিয়ে উপাচার্যের বিরুদ্ধে সুর চড়িয়েছে তৃণমূল। তৃণমূল ছাত্র পরিষদের সাধারণ সম্পাদক অভিরূপ চক্রবর্তী বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তী উপাচার্য শান্তা দত্ত দে-র বিরুদ্ধে আক্রমণের সুরে হুঁশিয়ারি দেন, 'উপাচার্যকে ইঙ্গিতে ইঙ্গিতে বুঝে নেওয়া হবে।' এরই মধ্যে বিজেপি অভিরূপের একটি ভিডিও প্রকাশ্যে এনেছে। সেখানে উপাচার্যকে 'বেহায়া' বলে দাগিয়ে দিতে শোনা গিয়েছে অভিরূপকে। ভিডিও প্রকাশ্যে আসতেই তাঁর যোগ্যতা নিয়ে প্রশ্ন তুলেছে বিরোধী শিবির। তবে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা থাকায় ছাত্রছাত্রীরা কেন্দ্রে পৌঁছোতে যাতে অসুবিধায় না পড়েন, সেদিকে নজর রাখা হবে বলে জানিয়েছেন তৃণমূল ছাত্র পরিষদের রাজ্য সভাপতি তৃণাঙ্কুর ভট্টাচার্য। এদিন সভাস্থল পরিদর্শন করতে এসে তৃণাঙ্কুর বলেন, 'পরীক্ষা কেন্দ্রে পৌঁছোতে কারও অসুবিধা হবে না। কেউ আটকে পড়লে আমরা তাঁদের পৌঁছে দেব।'

বাঙালি হেনস্তা এবার তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবসের থিম। ফলে ভিনরাজ্যে বাঙালি হেনস্তা নিয়ে এদিন মমতা ও অভিষেক যে সুর চড়াবেন তা একপ্রকার নিশ্চিত। এছাড়া কেন্দ্রীয় বঞ্চনা, বিশেষ নিবিড় সংশোধন নিয়েও তাঁরা সরব হবেন বলে মনে করছে রাজনৈতিক মহল। আগামী বিধানসভা নির্বাচনের আগে দলীয় কর্মীদের প্রচারের রণকৌশলও এই সভা থেকে ঠিক করে দেবেন মমতা ও অভিষেক। আগামী মাসেই উৎসবের মরশুম শুরু হয়ে যাচ্ছে। উৎসবের মরসুমকে দলীয় কর্মী-সমর্থকদের জনসংযোগের হাতিয়ার করতে নির্দেশ দিতে পারেন তাঁরা। এখন রাজ্যের সর্বত্র 'আমাদের পাড়া, আমাদের সমাধান' কর্মসূচি চলছে। সেখানে দলের কর্মী-সমর্থকরা যাতে আরও বেশি সক্রিয় হন সেই নিয়েও নির্দেশ দিতে পারেন মমতা।

# প্রসূতির মৃত্যুহারে উদ্বিগ্ন স্বাস্থ্য দপ্তর

**কলকাতা, ২৭ অগাস্ট :** প্রসূতি মায়েদের মৃত্যুবৃদ্ধির হার নিয়ে উদ্বিগ্ন স্বাস্থ্য ভবন। কীভাবে এই মৃত্যু কমানো যায় তা নিয়ে নির্দেশিকা জারি করল স্বাস্থ্য দপ্তর। সম্প্রতি মেদিনীপুর মেডিকেল কলেজে প্রসূতি মৃত্যুতে স্যালাইন নিয়ে বিতর্ক তৈরি হয়েছিল। রাজ্য স্বাস্থ্য দপ্তরের জারি করা গাইডলাইনে এবার স্যালাইনের ব্যবহার নিয়ে কড়া বার্তা দেওয়া হয়েছে। প্রসূতি মায়েদের বিশেষ করে সিজারিয়ান সেকশনের ক্ষেত্রে কীভাবে, কখন, কেন স্যালাইন ব্যবহার করা হবে তা স্পষ্ট জানানো হয়েছে। রাজ্যজুড়ে সরকারি মেডিকেল কলেজ, গ্রামীণ হাসপাতাল, ব্লক স্বাস্থ্য কেন্দ্র, ডেলিভারি পয়েন্টে, চিকিৎসক, নার্স সহ সকলকে এই নয়া ফ্লুইড গাইডলাইন মেনে চলতে বলা হয়েছে।

নির্দেশিকায় বলা হয়েছে, সিজারের ক্ষেত্রে অস্ত্রোপচারের পর রক্তক্ষরণ বন্ধ করতে যে ধরনের স্যালাইন ব্যবহার করা হয়, তা দেওয়ার সময় অতিসতর্ক থাকতে হবে। সঠিক মাত্রা ও সঠিক সময়ে স্যালাইন দেওয়া না হলে বিপদ হতে পারে। এক্ষেত্রে অতিরিক্ত সতর্কতার কথা বলা হয়েছে। অতিরিক্ত পরিমাণে ক্রিস্টালয়েড স্যালাইন দেওয়ার সঠিক প্রোটোকল না মানলে কিডনি ফেলিওর, অ্যানিমিয়া সহ গুরুতর সমস্যা হতে পারে বলে জানানো হয়েছে। শহরাঞ্চলের মেডিকেল কলেজ থেকে গ্রামীণ হাসপাতালেও বিশেষজ্ঞ কমিটির প্রোটোকল মানতে নির্দেশ দেওয়া হয়েছে। অন্যথায় কড়া ব্যবস্থার হুশিয়ারিও দিয়েছে স্বাস্থ্য দপ্তর।



# অস্থায়ী গ্রুপ-ডি কর্মীদের বেতন পাঁচ হাজার

**কলকাতা, ২৭ অগাস্ট :** রাজ্যে ফিরলেই পরিযায়ী শ্রমিকরা এককালীন পাঁচ হাজার টাকা পাবেন বলে ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কাজ না পাওয়া পর্যন্ত এক বছর মাসিক পাঁচ হাজার টাকা পাওয়ার কথাও বলা হয়েছে রাজ্য সরকারের পক্ষ থেকে। এবার রাজ্য সরকারের পক্ষ থেকে পার্টটাইম গ্রুপ-ডি কর্মচারীদের মাসিক পাঁচ হাজার টাকা দেওয়ার কথা ঘোষণা করল নবান্ন।

রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে আংশিক সময়ের (পার্ট টাইম) কয়েক হাজার কর্মচারী বিশেষত পিওনের কাজ করে থাকেন। এতদিন বিভিন্ন দপ্তর ও সরকারের বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থা ও পরিবহণ নিগমগুলিতে এঁরা আংশিক সময়ের কর্মী হিসেবে কাজ করলেও তাঁদের মাসিক আয়ের পরিমাণ খুব কম ছিল।

বুধবার রাজ্যের অর্থসচিব প্রভাত কুমার মিশ্র এক সরকারি নির্দেশিকায় (নং ৩১৬৪ পিএফই) জানিয়েছেন। পার্ট টাইম গ্রুপ-ডি কর্মচারীরা মাসিক পাঁচ হাজার টাকা বেতন পাবেন। তাঁদের আর কোনও ভাতা দেওয়া হবে না।

# হিসেব না দিলে পুজোর অনুদান নয়

**রিমি শীল**

**কলকাতা, ২৭ অগাস্ট :** আদালতের নির্দেশ অনুযায়ী শিলিগুড়ির তিনটি পুজো কমিটি এই বছর পুজো অনুদান পাবে না। বুধবার হাইকোর্টে অনুদান সংক্রান্ত মামলায় বিচারপতি সুজয় পাল ও বিচারপতি স্মিতা দাস দের ডিভিশন বেঞ্চ নির্দেশ দিয়েছে, যে সমস্ত পুজো কমিটি খরচের হিসেব বা ইউটিলাইজেশন সার্টিফিকেট জমা দেয়নি, তাদের অনুদান দেওয়া যাবে না। যে পুজো কমিটিগুলি গত বছরের হিসেব পেশ করেছে তারাই এবছর অনুদান পাবে। রাজ্যের পেশ করা রিপোর্টে শিলিগুড়ির তিনটি পুজো কমিটি অনুদানের হিসাব দেয়নি। এদিন ডিভিশন বেঞ্চ নির্দেশ দেয়, আগের মামলায় তৎকালীন প্রধান বিচারপতি প্রকাশ শ্রীবাস্তবের দেওয়া নির্দেশই বহাল থাকবে। আদালতের পুজো অবকাশকালীন ছুটির শেষে একমাস পর রাজ্যকে রিপোর্ট দিতে হবে।

২০২৫ সালের পুজো অনুদানের টাকা নিয়ে কমিটিগুলি থেকে পাওয়া খরচের হিসেব ও সেই তথ্য খতিয়ে দেখে রিপোর্টে জানাতে হবে। পুজো অনুদানের বিরোধিতায় কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের হয়েছিল। তবে কোনও হস্তক্ষেপ করেনি কলকাতা হাইকোর্ট। আদালতের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে রাজ্যের শাসক দল।

**রাজ্যকে রিপোর্ট পেশের নির্দেশ হাইকোর্টের**



কারা খরচের হিসেব না দিয়ে অনুদান পেয়ে যাচ্ছিল, তা নিয়ে সোমবারই প্রশ্ন তুলেছিল হাইকোর্ট। রাজ্য থেকে তথ্য তলব করা হয়েছিল। এদিন রিপোর্ট পেশ করে রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত আদালতে জানান, রাজ্য পুলিশের ক্ষেত্রে মোট ৪১,৭৯৯টি পুজো কমিটি চেক নিয়েছিল। ৪টি কমিটি চেক ভাঙায়নি। বাকি ৪১,৭৯৫টি কমিটির মধ্যে ৩টি কমিটি ইউটিলাইজেশন সার্টিফিকেট জমা দেয়নি।

শিলিগুড়ির কাশ্মীর কলোনি দুর্গাপুজো কমিটি, নবজাগরণ সংঘ, সাউথ শান্তিনগর দুর্গাপুজো কমিটি ইউটিলাইজেশন সার্টিফিকেট দেয়নি বলে খবর। কলকাতা পুলিশের ক্ষেত্রে ২৮৭৬টি পুজো কমিটি অনুদান পেয়েছে ও খরচের হিসেবও পেশ করেছে। তবে রাজ্যের এই দেওয়া রিপোর্টের বিরোধিতা করেন আবেদনকারীদের আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য। তাঁর দাবি, নির্দিষ্ট সময়সীমার মধ্যে এই হিসেবের খতিয়ান জমা দেওয়া হয়নি। আদালতের কড়া মনোভাব নেওয়ার পরে হিসেব আনানো হয়েছে। যদি আদালতের নির্দেশ মানা হয়, তাহলে অন্তত ১০ হাজার পুজো কমিটির এবার অনুদান পাওয়ার কথা নয়। বিচারপতি সমস্ত পক্ষের সওয়াল-জবাব শোনার পর জানিয়ে দিয়েছেন, হিসেব না দিলে অনুদান দেওয়া যাবে না সেই কমিটিকে। ২০২২ সালের ১৩ সেপ্টেম্বর তৎকালীন প্রধান বিচারপতি প্রকাশ শ্রীবাস্তবের ডিভিশন বেঞ্চ নির্দেশ দিয়েছিল, নির্দিষ্ট খাতে টাকা খরচ এবং সময়ের মধ্যে অনুদান পাওয়া কমিটিগুলি খরচের হিসেব দিতে হবে।

# গণেশপুজোয় রাজনীতির রং শুভেন্দুর কথায়

**কলকাতা, ২৭ অগাস্ট :** গণেশপুজোতে বাঙালি-অবাঙালি বিতর্ক। বিধানসভা ভোটে হিন্দু ভোট বিভাজন করতে ফের বাঙালি-অবাঙালি ইস্যু তৈরি করতে চলেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন হাবড়ায় গণেশপুজোর উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর এই কৌশল সম্পর্কে ফের সতর্ক করে দিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এদিনই কাঁথিতে একটি গণেশপুজোর উদ্বোধনে গিয়েছিলেন প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ। দিলীপ যখন কাঁথির গণেশপুজোয় ব্যস্ত, সেই সময় নন্দীগ্রামে পুজোর উদ্বোধন করছিলেন শুভেন্দু। তবে দুই নেতার মুখোমুখি হওয়ার মতো ঘটনা ঘটেনি।

এবার গণেশপুজো নিয়ে বাংলায় রীতিমতো হুড়োহুড়ি রাজনৈতিক দলের। এদিন হাবড়ায় গিয়েছিলেন শুভেন্দু। বাঙালি-অবাঙালি বিতর্কের মধ্যে গণেশপুজো এবার অন্য মাত্রা পেয়েছে। সেই সুযোগকে কাজে লাগাতে ছাড়ছে না কেউই। বিরোধী দলনেতা শুভেন্দু বলেন, 'গণেশপুজোকে অবাঙালিদের পুজো বলে দাগিয়ে দিচ্ছে তৃণমূল।

এর আগে রামনবমীকেও অবাঙালিদের পুজো বলে বাঙালি-অবাঙালি ভাগ করতে চেয়েছিল। কিন্তু তৃণমূলের সেই চক্রান্ত ভেস্তে দিয়ে এক কোটি হিন্দু বাঙালি রামনবমীর মিছিল করেছে রাজ্যে। গণেশপুজোতেও সেই চেষ্টা হচ্ছে। তৃণমূলের একটাই উদ্দেশ্য, হিন্দুদের মধ্যে প্রাচীর তোলা। কখনও জাতের নামে, কখনও ভাষার নামে।'

■ ৪৬ বর্ষ ■ ১০১ সংখ্যা, বৃহস্পতিবার, ১১ ভাদ্র ১৪৩২

# বিজ্ঞানমনস্কতায় কাঁটা

বর্তমান বিশ্বের অন্যতম সাড়া জাগানো বিস্ময় হল কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই। এই প্রযুক্তিকে কাজে লাগিয়ে প্রতিদিনই কিছু না কিছু নতুন হচ্ছে দুনিয়াজুড়ে। সাহিত্য থেকে সিনেমা, রাজনীতি থেকে খেলা, পড়াশোনা থেকে পেশাদারি কাজকর্ম- সবকিছুতেই এআই-এর ব্যবহার বাড়ছে। বিজ্ঞান ও প্রযুক্তিতে ভারতও কখনও পিছিয়ে থাকেনি। কিন্তু সমস্যা এখন অন্য। বিজ্ঞানসাধনার জন্য যে বিজ্ঞানমনস্কতার প্রয়োজন হয়, সেখানেই বারবার কৌশলে আঘাত করা হচ্ছে।

মানুষের ধর্মবিশ্বাস, ভক্তিভাব, পুরাণকথার সঙ্গে দিব্যি মিশিয়ে ফেলা হচ্ছে বৈজ্ঞানিক সত্যকে। এভাবে বৈজ্ঞানিক চিন্তাভাবনার প্রতি একপ্রকার অবিশ্বাস তৈরির চেষ্টা চলছে ভারতে। দুর্ভাগ্যজনক হল, রাজনীতিকদের একাংশ এই তৎপরতায় মদত দিয়ে চলেছেন। বিজেপি সাংসদ অনুরাগ ঠাকুর, কেন্দ্রীয় মন্ত্রী শিবরাজ সিং চৌহানদের সাম্প্রতিক মন্তব্য বিজ্ঞানমনস্কতায় ধাক্কা দেওয়ার জন্য যথেষ্ট।

অনুরাগ প্রচার করছেন, সাবেক সোভিয়েত রাশিয়ার ইউরি গ্যাগারিন নন, বিশ্বের প্রথম নভশ্চর ছিলেন পবনপুত্র হনুমান। অপরদিকে শিবরাজ বিশ্বাস করানোর চেষ্টা করছেন যে, আমেরিকার রাইট ভ্রাতৃদ্বয়ের আবিষ্কার নয়, বিশ্বের প্রথম বিমান ছিল রামায়ণে কথিত পুষ্পক রথ। ইউরি গ্যাগারিন বা রাইট ভাইদের বৈজ্ঞানিক তথ্যগুলি এদেশের ছেলেমেয়েদের স্কুলপাঠ্যে ছিল। রামায়ণ, মহাভারতের গল্প ভারতের প্রায় সকলেই জানেন। হনুমানের তত্ত্ব আমদানি করে ইউরি গ্যাগারিনের কৃতিত্বকে ম্লান করে দেওয়া তাই সত্যের অপলাপ মাত্র।

মহাকাশ গবেষণার ইতিহাসে ইউরি গ্যাগারিন, নীল আর্মস্ট্রং প্রমুখ অতিপরিচিত নাম। রাকেশ শর্মা থেকে শুভাংশু শুক্লাও ভারতের মহাকাশ গবেষণায় দুটি গুরুত্বপূর্ণ নাম। চন্দ্রযান, মঙ্গলযান, আদিত্য এল-১, গগনযান ইত্যাদিতে ভারতের মহাকাশ সাধনার বিজয়রথের গতি ক্রমে ঊর্ধ্বমুখী। এই পরিস্থিতিতে মহাকাশ গবেষণা সম্পর্কে স্কুল-কলেজের পড়ুয়াদের মধ্যে আগ্রহ জাগিয়ে তোলা আরও বেশি করে জরুরি।

সেজন্য বিজ্ঞানসাধনার প্রতি ভারতীয়দের ভালোবাসা এবং আস্থা বাড়িয়ে তোলা প্রয়োজন। কিন্তু হনুমানকে বিশ্বের প্রথম নভশ্চর বলে প্রচার করা হলে শুধু বৈজ্ঞানিক তথ্যকে অস্বীকার করা হয় না, বিজ্ঞানমনস্কতায় ধাক্কা দেওয়া হয়। প্রযুক্তিসর্বস্ব দুনিয়ায় এসব প্রচারের ফল মারাত্মক। বিজেপি নেতারা বিকশিত ভারত গড়ার প্রচারে বিজ্ঞান গবেষণায় জোর দেন।

বাস্তবে পুরাণ, রামায়ণ, মহাভারতের কাহিনীর সঙ্গে বিজ্ঞানকে গুলিয়ে ফেললে সত্যের বিকৃতি অবশ্যম্ভাবী। সরকার মহাকাশ গবেষণা প্রসারের কথা বলছে। বিজ্ঞানসাধনার জয়গান গাইছে। প্রযুক্তির দুনিয়ায় সেরা হওয়ার দৌড়ে এগোনোর প্রয়োজনীয়তার পক্ষে সওয়াল করছে। অথচ শাসকদলের নেতারাই হনুমান, পুষ্পক রথের উদাহরণ টেনে অদ্ভুতভাবে সত্যের বিপরীত ছবি তুলে ধরতে যেন মরিয়া হয়ে উঠেছেন।

একটি ন্যারেটিভ প্রতিষ্ঠার মরিয়া চালানো হচ্ছে যে, বিজ্ঞান, প্রযুক্তি সহ সর্বক্ষেত্রে অতীতে ভারত শীর্ষস্থানে ছিল। অতীতের শাসকদের অদূরদর্শিতায়, সংকীর্ণ স্বার্থসিদ্ধির কারণে সেই স্থান ধরে রাখা যায়নি। ভারত অতীতে অবশ্যই একটি সমৃদ্ধিশালী দেশ ছিল। সেই সমৃদ্ধির কারণে এদেশে বারবার বহিরাগতরা আক্রমণ করেছিলও বটে। এদেশের ধনসম্পদ তারা লুট করে নিয়ে গিয়েছিল। এই সত্য নিয়ে কোনও দ্বিমত না থাকলেও এটা অস্বীকার করা যাবে না যে, পাশ্চাত্য শিক্ষার প্রভাবে বিজ্ঞানসাধনায় ভারতও এগোনোর চেষ্টা করেছে।

নানা সমস্যা, প্রতিকূলতা থাকলেও নতুন নতুন ক্ষেত্রে অনুসন্ধিৎসু মনোভাব নিয়ে ভারতে বিজ্ঞানের জয়যাত্রা এগিয়েছে। শূন্য আবিষ্কার করা থেকে শুরু করে আন্তর্জাতিক মহাকাশ গবেষণাকেন্দ্রে পা রাখা ইত্যাদি বিজ্ঞানচর্চায় ভারতের অগ্রগতির হাতেগরম প্রমাণ। অনুরাগ ঠাকুর, শিবরাজ সিং চৌহানদের মন্তব্য এই সাফল্যগাথায় এক গামলা দুধে এক ফোঁটা চোনা ফেলে দেওয়ার মতো। যাতে বিজ্ঞানমনস্কতাই ধাক্কা খায়। দায়িত্বশীল পদাধিকারীদের, বিশেষ করে জনপ্রতিনিধিরা এরকম অসচেতনতার পরিচয় দিলে বিজ্ঞানমনস্কতা ছড়িয়ে দেওয়া কঠিন হয়ে ওঠে নিঃসন্দেহে। এতে জনসাধারণ বিভ্রান্ত হয়। যা যথার্থ বিজ্ঞানচর্চায় প্রতিরোধের দেওয়াল গড়ে তোলে।


## অমৃতধারা

কেউ যদি তোমাকে ভালো না বলে তাতে মন খারাপ করো না, কারণ এক জীবনে সবার কাছে ভালো হওয়া যায় না। দেখো মা, যেখান দিয়ে যাবে তার চতুর্দিকে কী হচ্ছে না হচ্ছে তা সব দেখে রাখবে। আর যেখানে থাকবে সেখানকার সব খবরগুলি জানা থাকা চাই, কিন্তু কাউকে কিছু বলবে না। ঠাকুর এবার এসেছেন ধনী-নির্ধন-পণ্ডিত-মূর্খ সকলকে উদ্ধার করতে, মলয়ের হাওয়া খুব বইছে, যে একটু পাল তুলে দেবে স্মরণাগত ভাবে সেই ধন্য হয়ে যাবে। যিনি ব্রহ্ম, তিনিই শক্তি আর তিনিই মা। দরকার নেই ফুল, চন্দন, ধূপ, বাতি, উপচারের। মা'কে আপন করে পেতে শুধু মনটাকে দেও তাঁরে।

-মা সারদা দেবী

# ব্যাংকের ন্যূনতম ব্যালেন্সে অশনিসংকেত

একটি বেসরকারি ব্যাংক সম্প্রতি পিছু হটেছে। তবে যে কারণে তারা এই সিদ্ধান্ত নিয়েছিল, সেটি চিন্তার।



সিদ্ধার্থ মুখোপাধ্যায়



এআই।

সম্প্রতি গ্রাহক সমালোচনার মুখে পড়ে ন্যূনতম ব্যালেন্স ইস্যুতে কিছুটা পিছু হটতে দেখা গিয়েছে এক বেসরকারি ব্যাংক-কে। দেশের অন্যতম বৃহত্তম ব্যাংক আইসিআইসিআই গত ১ অগাস্ট থেকে নতুন নিয়ম কার্যকর করে। যাতে প্রথমে বলা হয়েছিল শহর ও শহরাঞ্চলে ১ অগাস্ট বা তারপরে যাঁরা নতুন সেভিংস অ্যাকাউন্ট খুলবেন, তাঁদের মাসে গড়ে ন্যূনতম ৫০ হাজার টাকা অ্যাকাউন্টে ব্যালেন্স রাখতে হবে। যদিও আগে গ্রাহকদের জন্য এই ন্যূনতম ব্যালেন্স ছিল ১০ হাজার টাকা। তবে পুরোনো অ্যাকাউন্টগুলিতে আগের মতোই ১০ হাজার টাকা মিনিমাম ব্যালেন্স বলা হয়। তেমনই আধাশহরাঞ্চলে নতুন গ্রাহকদের ২৫ হাজার টাকা এবং গ্রামীণ অঞ্চলের গ্রাহকদের ১০ হাজার টাকা মাসিক গড় ব্যালেন্স রাখতে বলা হয়। পুরোনো গ্রাহকদের ক্ষেত্রে গ্রামীণ ও আধাশহরাঞ্চলে মাসিক গড় ব্যালান্সের শর্ত পাঁচ হাজার টাকা। ন্যূনতম গড় ব্যালেন্স না রাখলে গ্রাহকদের ঘাটতির ৬% বা ৫০০ টাকা, যে অঙ্কটি কম হবে, জরিমানা দিতে হবে।

আইসিআইসিআই ব্যাংকের এমন ঘোষণায় সোশ্যাল মিডিয়ায় রীতিমতো সমালোচনা শুরু হয়। তবে ওই পরিস্থিতিতে অনেকেই তাকিয়ে ছিলেন রিজার্ভ ব্যাংকের দিকে। কিন্তু রিজার্ভ ব্যাংক আশাব্যঞ্জক কোনও কথা শোনায়নি। আরবিআই গভর্নর সঞ্জয় মালহোত্রা জানিয়ে দেন, এই ন্যূনতম ব্যালেন্সের ব্যাপারটা দেশের কেন্দ্রীয় ব্যাংকের আওতায় নেই। এক্ষেত্রে প্রতিটা ব্যাংকের নিজস্ব ক্ষমতা রয়েছে সেই ব্যাংকের ন্যূনতম ব্যালেন্স কত হবে সে ব্যাপারে নির্দেশিকা জারি করার।

তবে ওই পরিস্থিতিতে হঠাৎ দেখা গেল আইসিআইসিআই ব্যাংক-কে ন্যূনতম ব্যালেন্স ইস্যুতে কিছুটা পিছু হটতে। জানানো হল, শহরাঞ্চলে যেখানে আগে ৫০ হাজার টাকা মিনিমাম ব্যালেন্স রাখার কথা বলা হয়েছিল, তা এবার কমিয়ে ১৫ হাজার টাকা করা হল। পাশাপাশি আধাশহর অঞ্চলে যেটা ২৫ হাজার টাকা রাখার নিয়ম করা হয়েছিল, তা কমিয়ে সাড়ে সাত হাজার টাকা করা হয়। গ্রামাঞ্চলে যে ১০ হাজার টাকা রাখার নিয়ম চালু করা হয়েছিল সেটাও কমিয়ে আড়াই হাজার টাকা করা হয়। ক'দিনের মধ্যেই এই পরিবর্তন গ্রাহকদের ক্ষতে কিছুটা হলেও মলম লাগালেও ঘা কি আদৌ শুকিয়েছে? নাকি পুরো ঘটনায় কোনও অশনিসংকেতের ইঙ্গিত দিচ্ছে?

অনেক গ্রাহকের মনে আশঙ্কা দানা বাঁধছে যে ব্যাংক পরিষেবা বিশেষত বেসরকারি ব্যাংক পরিষেবা কি তবে এবার সীমিত হচ্ছে শুধুমাত্র ধনী উচ্চবিত্তদের জন্য? এটা ঘটনা, জাতীয়করণের ফলে সকলের কাছে ব্যাংক পরিষেবা না পৌঁছালেও অনেকের কাছে তা পৌঁছেছিল। দূরদূরান্তের গ্রামে রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলি শাখা খুলতে এগিয়ে এসেছিল। তার আগে লাভজনক নয় বলে এভাবে গ্রামীণ শাখা খুলতে আগ্রহী ছিল না বেসরকারি মালিকানাধীন ব্যাংকগুলি।

তবে ১৯৯১ সালের পর মুক্ত অর্থনীতির দিকে দেশ ঝোঁকে। এর কিছুদিনের মধ্যেই নতুন প্রজন্মের একের পর এক বেসরকারি ব্যাংকের জন্ম হতে থাকে। মানুষের ক্রয়ক্ষমতা বেড়েছে, তাই ব্যবসার সুযোগ রয়েছে আশা করে বেসরকারি ব্যাংকগুলিও শহরের পাশাপাশি শহর থেকে দূরে যেতে আগ্রহী হয়। তবে শহর, আধাশহর ও গ্রামে শাখা খুললেও সেই শাখার মাধ্যমে আদৌ প্রান্তিক মানুষকে কতটা পরিষেবা দিতে আগ্রহী ছিল বেসরকারি ব্যাংকগুলি? বেসরকারি ব্যাংকের তুলনায় রাষ্ট্রায়ত্ত ব্যাংক মধ্য-নিম্নবিত্ত এবং সমাজের প্রান্তিক মানুষজনকে অনেক বেশি পরিষেবা নিতে দেখা যায়। সেখানে ন্যূনতম ব্যালেন্স অনেক কম, শুধু তাই নয় তা মানতে না পারলে গ্রাহকের কাছ থেকে জরিমানা নেওয়ার প্রবণতাও কম। 'ফিন্যান্সিয়াল ইনক্লুশন' অর্থাৎ ব্যাংক বা আর্থিক পরিষেবা সকলের কাছে পৌঁছে দেওয়ার নিমিত্তে রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলির এমনই আচরণ দেখা যায়।

তাছাড়া শহরে যাঁরা থাকেন তাঁরা সবাই আর্থিক দিক থেকে খুব সচ্ছল, এমনটা মনে করা উচিত নয়। তাহলে বিভিন্ন শহরজুড়ে গরিবদের বস্তি এত ছড়িয়ে ছিটিয়ে থাকত না। এইসব লোকের মাসিক উপার্জন কত যে অ্যাকাউন্টে ৫০ হাজার টাকা মাসের পর মাস ফেলে রাখবেন। এমনিতেই সেভিংস ব্যাংকে সুদের হার তুলনায় অনেক কম, সেখানে মধ্যবিত্ত অথবা নিম্নবিত্ত মানুষের এতগুলো টাকা সেভিংস অ্যাকাউন্টে ফেলে রাখাটা কতটা যুক্তিসংগত? দেশের মানুষের গড় আয় সম্পর্কে কি আইসিআইসিআই ব্যাংকের ম্যানেজমেন্ট আদৌ সচেতন নাকি সচেতন নয়? নাকি পুরোপুরি জেনে বুঝেই এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছিল- আসল উদ্দেশ্য শুধু 'এলিট ক্লাস'কে পরিষেবা দিতে পারলেই ব্যাংক বাঁচবে।

**উচ্চ আয় বা সম্পদের অধিকারী হলে ব্যাংক আপনাকে প্রিমিয়াম কাস্টমার হিসেবে দেখে আলাদাভাবে পরিষেবা দেবে- ব্যবসার কারণে সেটা অস্বাভাবিক কিছু নয়। সেক্ষেত্রে যত ইচ্ছে এটিএমে টাকা তোলা, ঋণ অথবা ফিক্সড ডিপোজিটে কিংবা সেভিংস অ্যাকউন্টে সুদে সুবিধা দেওয়া কিংবা বিমানবন্দরে ব্যবসায়িক লাউঞ্জে অ্যাক্সেস, বিনামূল্যে সিনেমার টিকিট এবং বিনামূল্যে ডাইনিং এবং হোটেল সদস্যপদ ইত্যাদি পেতেই পারেন। কিন্তু মিনিমাম ব্যালেন্স কয়েকগুণ বাড়িয়ে যদি একদল গ্রাহককে ব্যাংকে ঢোকা আটকাতে চায় তাহলে দুশ্চিন্তার যথেষ্টই কারণ আছে। দায়িত্ব নেব না, শুধু মুনাফা লুটব এমন প্রবণতা বেসরকারি ব্যাংকের ম্যানেজমেন্টের মধ্যে রয়েছে।**

এদিকে, ভারতে আয় ও সম্পদের বৈষম্য দুশ্চিন্তার বিষয় হয়ে উঠছে। 'ভারতে আয় ও সম্পদের বৈষম্য, ১৯২২-২০২৩ : বিলিয়নেয়ার রাজের উত্থান' শীর্ষক গবেষণাপত্রে বলা হয়েছে, ২০২২-'২৩ সালে শীর্ষে থাকা এক শতাংশ মানুষের আয় ও সম্পদের ভাগ যথাক্রমে ২২.৬ শতাংশ এবং ৪০.১ শতাংশ। একেবারে উপরের এক শতাংশ তো সাংঘাতিক রকমের ধনী। তার পরের স্তর মানে এদেশের মোটামুটি উপরের ১০ শতাংশের হাতেও ভালোরকম অর্থ রয়েছে। অর্থাৎ ভারতের ১৪৫ কোটি জনসংখ্যার প্রায় ১৫ কোটি মানুষ এইসব বেসরকারি ব্যাংকের সম্ভাব্য গ্রাহক হতে সক্ষম যাঁরা মাসের পর মাস ৫০ হাজার টাকা সেখানে ফেলে রাখতেই পারেন।

বুঝতে অসুবিধা হয় না, যেভাবে দেশে বৈষম্য বেড়েছে তা দেখে একেবারে উচ্চ-অভিজাতদের পরিষেবা দিতে পারলেই ব্যাংক রমরমিয়ে চলবে। উলটে বাকিদের পরিষেবা দিতে যাওয়া মানে অযথা 'ফালতু কাস্টমার'দের ভিড় ব্যাংকে বাড়ানো- এই দর্শনে চলতে চাইছে এইসব বেসরকারি ব্যাংক। কারণ ন্যূনতম ব্যালেন্স অতটা বাড়িয়ে দেওয়ার উদ্দেশ্য ছিল তথাকথিত কিছু বেসরকারি ব্যাংককর্তাদের চোখে যাঁরা 'ফালতু কাস্টমার' তাঁদের প্রবেশ আটকানো। এই ফালতু কাস্টমার হলেন তাঁরা যাঁদের অ্যাকাউন্ট থাকলেও হাতে উদ্বৃত্ত তেমন টাকা নেই যা দিয়ে বিমা, মিউচুয়াল ফান্ড বা ওই ধরনের কিছু বিনিয়োগ করানো যেতে পারে।

উচ্চ আয় বা সম্পদের অধিকারী হলে ব্যাংক আপনাকে প্রিমিয়াম কাস্টমার হিসেবে দেখে আলাদাভাবে পরিষেবা দেবে- ব্যবসার কারণে সেটা অস্বাভাবিক কিছু নয়। সেক্ষেত্রে যত ইচ্ছে এটিএমে টাকা তোলা, ঋণ অথবা ফিক্সড ডিপোজিটে কিংবা সেভিংস অ্যাকউন্টে সুদে সুবিধা দেওয়া কিংবা বিমানবন্দরে ব্যবসায়িক লাউঞ্জে অ্যাক্সেস, বিনামূল্যে সিনেমার টিকিট এবং বিনামূল্যে ডাইনিং এবং হোটেল সদস্যপদ ইত্যাদি পেতেই পারেন। কিন্তু মিনিমাম ব্যালেন্স কয়েকগুণ বাড়িয়ে যদি একদল গ্রাহককে ব্যাংকে ঢোকা আটকাতে চায় তাহলে দুশ্চিন্তার যথেষ্টই কারণ আছে। দায়িত্ব নেব না, শুধু মুনাফা লুটব এমন প্রবণতা বেসরকারি ব্যাংকের ম্যানেজমেন্টের মধ্যে রয়েছে। ফলে সন্দেহ হয়, সেই প্রবণতা থেকেই আইসিআইসিআই ব্যাংক অমন সিদ্ধান্ত নিয়ে ফেলেছিল। তারপর সামাজিক চাপে ঢোঁক গিলে মিনিমাম ব্যালেন্স কিছুটা কমিয়েছে। কিন্তু অন্য বেসরকারি ব্যাংকের মধ্যে এই প্রবণতা নেই একথা হলফ করে বলা যায় না। ব্যাংকের বেঁচে থাকার অজুহাতে শুধুমাত্র উচ্চবিত্ত-ধনীদের পরিষেবা দেব এই রোগ প্রথমে বেসরকারি ব্যাংকগুলিতে, তারপর পাশাপাশি রাষ্ট্রায়ত্ত ব্যাংকেও সংক্রামিত হলে তো সর্বনাশ। সেক্ষেত্রে আগামীদিনে ব্যাংক বা আর্থিক পরিষেবা সকলের কাছে পৌঁছানোর লক্ষ্য থেকে সরে গিয়ে উলটে দেশের একটা অংশকে পরিষেবার বাইরে রাখার দিকে ঠেলে দেওয়া হবে না তো?

*(লেখক সাংবাদিক)*

## আজ

**১৯৮০**




রম্যরচনার লেখক শিবরাম চক্রবর্তীর প্রয়াণ আজকের দিনে।

**১৯৯০**



আজকের দিনে প্রয়াত হন অভিনেত্রী সুমিত্রা দেবী।


## আলোচিত



আজকাল যুদ্ধ হঠাৎ শুরু হয়। কবে শুরু হবে, কতদিন চলবে, কেউ বলতে পারে না। দু'মাস, চার মাস, এক বছর, এমনকি পাঁচ বছর চলতে পারে। ফলে যে কোনও পরিস্থিতি মোকাবিলায় আমাদের প্রস্তুত থাকা উচিত। কেউ আক্রমণ করলে ভারত ছেড়ে কথা বলার পাত্র নয়।

- রাজনাথ সিং

## ভাইরাল/১



ছত্তিশগড়ের কাঁকের জেলায় জঙ্গল থেকে বেরিয়ে এক ভালুক শিব মন্দিরে ঢোকে। শিবমূর্তি দর্শন করে। দু'পায়ে দাঁড়িয়ে সামনের দু'পা দিয়ে ওপরে টাঙানো ঘণ্টা ধরে ঢং ঢং করে বাজাতে থাকে। ভিডিওটি ভাইরাল।

## ভাইরাল/২



ভারতীয় সংস্কৃতির ছোঁয়া জাপানে। সেখানে একদল নৃত্যশিল্পীর গণেশ চতুর্থী পালনের ভিডিও ভাইরাল। গণেশপুজোর দিন তাঁরা 'দেবা শ্রী গণেশা' গানের তালে একসঙ্গে পা মিলিয়ে সুন্দর ভঙ্গিতে নাচছেন। গণেশবন্দনার এই ভিডিও জাপানিদের মন কেড়েছে।

জনমন
জনমত

# সুনাম হারিয়েছে নালন্দা ভবন

মেটেলিকে বলা হয় ডুয়ার্সের রানি। পাহাড়ের উপর ছোট একটি মালভূমি, চারদিকে চা বাগান পরিবেষ্টিত শান্ত এই মেটেলি। মিশ্রিত জনগণের বাস। সুন্দর এই শহরকে কেন্দ্র করে বহু পর্যটক বেড়াতে আসেন। সামসিং বেড়িয়ে ১৫০ বছরের কালীবাড়ি দর্শন করেন। ১৯৫৭ সালে প্রতিষ্ঠিত মেটেলি উচ্চবিদ্যালয়, যা আজ মাধ্যমিক পর্যায়ে উন্নীত। বর্তমানে তার আনুমানিক বয়স ৬৮ বছর। একসময় জলপাইগুড়ি জেলায় এই স্কুলের যথেষ্ট সুনাম ছিল- পড়াশোনা, খেলাধুলো, সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য বিখ্যাত ছিল। আজ সব যেন ধীরে ধীরে হারিয়ে যাচ্ছে। এই স্কুলের আরেকটি নাম ছিল 'নালন্দা ভবন'। প্রয়াত শিক্ষক শংকরলাল চক্রবর্তী এই নাম রেখেছিলেন। সেই নালন্দা ভবন আজ বড়ই অসহায়। অযোগ্য লোকের হাতে পড়ে এই স্কুল আজ ধুঁকছে। সব প্রাক্তনী এই স্কুলের জন্য আজ চিন্তিত।

এর কারণ বিশ্লেষণ করতে গেলে প্রথমেই প্রধান শিক্ষিকার নাম আসে। টোটোপাড়া স্কুল থেকে তাঁর আগমন, এই স্কুলের গুরুত্ব তিনি বুঝতে পারেননি। এসেই তিনি স্কুলের সব দায়িত্ব নিজের কাঁধে নিয়ে নেন। অন্য শিক্ষকদের অবিশ্বাস করতে থাকেন। পরিচালন সমিতিকে তোয়াক্কা করেন না। পরিচালন সমিতি ২৫০০ টাকা দিয়ে দুজন প্রাক্তনীকে রেখেছিল। তিনি পরিচালন সমিতিকে না জানিয়ে ফোনের মাধ্যমে তাঁদের স্কুলে আসতে বারণ করে দেন।

প্রধান শিক্ষিকা থাকেন শিলিগুড়িতে। সপ্তাহে দু'দিন স্কুলে আসেন। প্রধান শিক্ষিকা কোথায় রোজ স্কুলে আসবেন, তিনি বেশিরভাগ দিন অনুপস্থিত থাকেন। মিড-ডে মিল তিনি নিজের দায়িত্বে রেখেছেন। তাঁর বিরুদ্ধে স্থানীয় জনগণের এবং প্রাক্তনীদের মধ্যে ক্ষোভের জন্ম হয়। কয়েকজন প্রাক্তনী তাঁর সঙ্গে দেখা করতে গেলে থানা পুলিশের ভয় দেখান। প্রায় ৭০০ ছাত্রছাত্রী পড়াশোনা করে। বেশিরভাগই চা বাগানের নিরীহ ছেলেমেয়ে এখানকার ছাত্রছাত্রী। তাঁর বিরুদ্ধে ক্ষোভের কারণে প্রশাসনিক পর্যায়ে দু'বার তাঁর সঙ্গে বৈঠক হয়। প্রতিবার সব কিছু মেনে নেওয়ার পর পরবর্তীতে তিনি আবার নিজের মতন করে চলেন।

১৯৬০ সাল থেকে প্রাথমিক ও মাধ্যমিক স্কুলের অনুষ্ঠান একসঙ্গে হত, যেমন প্রারম্ভিক প্রার্থনা, সরস্বতীপুজো, সাংস্কৃতিক অনুষ্ঠান তিনি সব বন্ধ করে দিয়েছেন। প্রশাসনিক পর্যায়ে আলোচনা হয়, কিন্তু তিনি নিজের মতো চলছেন। সব প্রাক্তনী ও স্থানীয় মানুষের মনে তাঁর বিরুদ্ধে ক্ষোভ তৈরি হয়েছে, যদি এই ক্ষোভের বিস্ফোরণ ঘটে, সেক্ষেত্রে প্রধান শিক্ষিকা নিজে দায়ী থাকবেন। প্রশ্ন একটাই, প্রিয় স্কুলের চোখের জল কে মুছবে!

**সমীর ভট্টাচার্য**
**প্রাক্তন ছাত্র, মেটেলি হাইস্কুল।**

**পত্রলেখকদের প্রতি**

যাঁরা জনমত বিভাগে মতামত জানিয়ে চিঠি পাঠাতে চান তাঁরা নিম্নলিখিত ই-মেল বা হোয়াটসঅ্যাপ নম্বর ব্যবহার করতে পারেন। নিজের এলাকা, রাজ্য, দেশ ও বিদেশের নানা বিষয়ে আপনার নিজের মতামত পাঠান। নিজের এলাকার সমস্যাদি নিয়ে বিশদে লিখতে পারেন। সঙ্গে ছবি পাঠালে ভালো হয়। এছাড়াও সরাসরি ডাকযোগেও চিঠি পাঠানো যাবে।

-ঃ ঠিকানা ঃ-
সম্পাদক, জনমত বিভাগ
উত্তরবঙ্গ সংবাদ, বাগরাকোট, সুভাষপল্লি, শিলিগুড়ি-৭৩৪০০১

ই-মেল
janamat.ubs@gmail.com
হোয়াটসঅ্যাপ
9735739677

# নিজেকে ছাপিয়ে যাওয়ার শিক্ষা জরুরি

অন্যের দিকে না তাকিয়ে, প্রতিনিয়ত আয়নার সামনে দাঁড়িয়ে আত্মবিশ্লেষণটা খুবই জরুরি। উত্তরণ হবেই হবে।



চিরদীপা বিশ্বাস

'ওহ দো দিনমে সিখ লিয়া থা, পর ম্যায় তো...'

'আপ পাঁচ দিনমে সিখেঙ্গে, কেয়া দিক্কত, কম্পিটিশন করনা হ্যায় তো খুদসে করিয়ে না...খুদকো ব্যহতর বনানা হ্যায় তো দুসরোসে কেয়া মতলব!'

কথাটার অর্থ প্রথমবারে বুঝতে পারিনি। আর ভিনরাজ্যের প্রত্যন্ত এক গ্রামে বসে কারও মুখে এধরনের কোনও কথা শুনব, সে আশাও কোনওদিনও করিনি। তাই শব্দগুলো কানে একটু বেশিই লেগেছিল হয়তো, তবে শিখিয়েছিল অনেকটা। অপরের সঙ্গে তুলনা করতে গিয়ে আমরা ভুলে যাই নিজের দক্ষতাগুলি। 'আমি অমুকের মতো করে কেন পারছি না?' এই প্রশ্নের ঘায়ে নিজেই নিজেকে হতাশার গভীরে ঠেলে দিই, ভুলে যাই পুরোনো সফলতার মাইলফলক। তবে অদ্ভুতভাবে আশা করি পুরো দুনিয়া তা উদযাপন করবে সমারোহে।

দীর্ঘদিনের ক্লাসরুমের আবদ্ধতায় অভ্যাসবশত আমরা সত্যিই নিজেদের একই ট্যাগ লাগানো ইঁদুর ঠাওরে ফেলি। সহজ-সরল, আপাতদৃষ্টিতে প্রথাগত শিক্ষার আলোয় আলোকিত নয় এরকম বহু মানুষ আমাদের জীবনযাপনের এমন সব মন্ত্র শিখিয়ে যান অনায়াসে, যা লাখ টাকা খরচ করেও কোথাও কোনও বইয়ের পাতায় পাওয়া যাবে না। কিন্তু আমরা সেই শিক্ষার কদর করি না। নিজেকে সফলতার শীর্ষে দেখতে চাইলে 'অন্যের সঙ্গে তুলনা করে কী হবে' এই সহজ কথাটা, সত্যিই আমরা বুঝতে চাই না। আমরা ভুলে যাই, মিনিটখানেকের জন্য দাঁড়িয়ে, পেছনে ঘুরে, নিজের পুরোনো আমিকে এক ঝলক দেখতে এবং প্রশ্ন করতে 'পুরোনো আমিটার থেকে বর্তমানের আমি কিছুই কি উন্নতি করিনি?'



*হাল ছেড়ো না।। 'চক দে ইন্ডিয়া' সিনেমার একটি দৃশ্য।*

এই প্রশ্ন করার দক্ষতা, বাঁধাধরা সিলেবাস আর ক্লাস-রুটিনের ছকের মধ্যিখানে বসে অর্জন করা বেশ দুষ্কর। এসব শিখতে হলে মুখোমুখি হতে হয় কঠিন পরিস্থিতির। যেমন, বাসে করে মিনিট দশেক চললে পড়ে গা গুলিয়ে ওঠা ছেলেটা যখন বাধ্য হয়ে ঘণ্টা দশেকের বাসজার্নি করে ফেলে নির্ঝঞ্ঝাটে, তখন এক অসীম আত্মবিশ্বাসে বুক ভরে ওঠে তার। কিংবা, অচেনা নম্বর দেখলে সটানে মোবাইল উলটে রেখে পালিয়ে যাওয়া ইন্ট্রোভার্ট মেয়েটি যখন দাপিয়ে বেড়ায় অজানা শহরের একপ্রান্ত থেকে অন্যপ্রান্ত, একদল অচেনা পথচারীকে ঠিকানা জিজ্ঞেস করতে করতে পৌঁছে যায় গন্তব্যে, সেখানে পৌঁছে অপরিচিত মুখের ভিড়ে আত্মবিশ্বাস না খুইয়ে অনাবিল আনন্দে শেখাতে থাকে এমন কিছু যা তার নিজের কাছেও দু'দিন আগে পর্যন্ত অজানা ছিল; তখন তার অনুভূতিটা ঠিক কীরকম হতে পারে তা ওই ক্লাসরুমবন্দি ইঁদুরেরা আন্দাজ করতে পারবে না। আবার 'এসব ছুটকো ঘটনা' বলে নাক সিটকানো সবজান্তারাও বুঝতে পারবে না, যে এই 'ছুটকো ঘটনা'গুলোই পুরোনো আমি থেকে নতুন আমিতে উত্তরণের এক-একটা ধাপ।

তাই অন্যের দিকে না তাকিয়ে, প্রতিনিয়ত আয়নার সামনে দাঁড়িয়ে নিজেকে নম্বর দেওয়া দরকার। নিজের মধ্যে কী কী বদল আমি দেখতে চাই, সেজন্য কীভাবে আমি কাজ করছি এবং অবশ্যই আমি কেন সেটা চাইছি তার উত্তরও নিজের কাছে থাকা ভীষণই জরুরি। জীবনের একটা সময় পর্যন্ত নানা স্তরে নানা শিক্ষক যেভাবে আমাদের গ্রেড কার্ড সাজায়, একটা সময় সেই গ্রেড কার্ডে নম্বর দেওয়ার ভার নিজের হাতে তুলে নিতে হয়, আর নিজেই নিজের পিঠ চাপড়ে বলে যেতে হয় 'আই অ্যাম রিয়েলি প্রাউড অফ ইউ'।

*(লেখক কোচবিহারের ভূমিকন্যা। গবেষক)*

**সম্পাদকীয় বিভাগে লেখা পাঠান। ৪০০ শব্দের মধ্যে। ইউনিকোডে ডক ফাইলে লেখা পাঠান। মেল—ubsedit@gmail.com**

## শব্দরঙ্গ ■ ৪২২৯

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | | ২ | ★ | ৩ | | | |
| | ★ | ৪ | | | ★ | ★ | ★ |
| | ★ | | ★ | ৫ | | ৬ | |
| ৭ | ৮ | ★ | ★ | | ★ | | ★ |
| ★ | | ★ | ৯ | ★ | ★ | ১০ | ১১ |
| ১২ | | | | ★ | ১৩ | ★ | |
| ★ | ★ | ★ | ১৪ | | | ★ | |
| ১৫ | | | | ★ | ১৬ | | |

**পাশাপাশি :** ১। প্রকাশ বা প্রসারণ ৩। যে ঘটনা পরপর ঘটে যায় ৪। হিন্দি ছবির অতীত দিনের নায়িকা ৫। দেহে প্রাণের লক্ষণ নেই ৭। উদ্ভিদ থেকে উৎপন্ন সবজি ১০। হাতে বাঁধার মন্ত্রপূত মাদুলি ১২। এক প্রকার শস্যদানা ১৪। কোকিলের ডাক ১৫। তিরস্কার করা ১৬। কাউকে কষ্ট দেওয়া বা উৎপীড়ন করা।

**উপর-নীচ :** ১। বহেড়া গাছের ফল ২। টক স্বাদের ফল ৩। কৃষ্ণদ্বৈপায়ন বা বেদব্যাসের পিতা ৬। উপাসনার যোগ্য ঐশ্বরিক সত্তা ৮। জোরে এবং দ্রুত পা ফেলার শব্দ ৯। যে মিশতে পারে না, লাজুক স্বভাবের ১১। বসা অবস্থা থেকে উঠে দাঁড়ানো ১৩। সুপুরি কাটতে যে যন্ত্র লাগে।

**সমাধান ■ ৪২২৮**

**পাশাপাশি :** ২। ভড়কানো ৫। মজুরি ৬। স্বপনবুড়ো ৮। পর্ণ ৯। পণ্য ১১। মানসপট ১৩। আদাব ১৪। কাকাতুয়া।

**উপর-নীচ :** ১। দমসম ২। ভরি ৩। কাশ্যপ ৪। কুমড়ো ৬। স্বর্ণ ৭। নগণ্য ৮। পনস ৯। পট ১০। সৈন্যবল ১১। মাটাম ১২। পলকা ১৩। আয়া।

## বিন্দুবিসর্গ




সম্পাদক ও স্বত্বাধিকারী : সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারীর পক্ষে প্রলয়কান্তি চক্রবর্তী কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, সুভাষপল্লি, শিলিগুড়ি-৭৩৪০০১ থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী-৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস : ২৪ হেমন্ত বসু সরণি, কলকাতা-৭০০০০১, মোবাইল : ৯০৭৩২০৪০৪০। জলপাইগুড়ি অফিস : থানা মোড়-৭৩৫১০১, ফোন : ৯৬৪১২৮৯৬৩৬। কোচবিহার অফিস : সিলভার জুবিলি রোড-৭৩৬১০১, ফোন : ৯৮৮৩৫৫০৮০৫। আলিপুরদুয়ার অফিস : এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট-৭৩৬১২২, ফোন : ৯৮৮৩৫৩৯৮৭৮। মালদা অফিস : বিহানি আবাসন, গ্রাউন্ড ফ্লোর (নেতাজি মোড়ের কাছে), গোলাপট্টি, বাঁধ রোড, মালদা-৭৩২১০১, ফোন : ৯৮০০৫৮৫৯৫০। শিলিগুড়ি ফোন : সম্পাদক ও প্রকাশক : ৯০৬৪০৪৬৮৬৮, জেনারেল ম্যানেজার : ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন : ২৫২৪৭২২/৯০৬৪৮৪৯০১৬, সার্কুলেশন : ৯৭৭৫৭৮৫৮৭৭, অফিস : ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ : ৭৮৭২৯৩৩৮৮৮, হোয়াটসঅ্যাপ : ৯৭৩৫৭৩৯৬৭৭।

Editor & Proprietor : Sabyasachi Talukdar
Uttar Banga Sambad: Published & Printed by Pralay Kanti Chakraborty on behalf of Proprietor from Siliguri, West Bengal, Pin 734001, Printed at Jaleswari, West Bengal, Pin 735135, Regn. No. 35012 and Postal Regn. No. WB/NBSR/D-03/2003-08. E.Mail : uttarbanga@hotmail.com, Website : http://www.uttarbangasambad.in



## বন্যায় জলবন্দি কর্তারপুর গুরদোয়ারা

**ইসলামাবাদ, ২৭ অগাস্ট :** পাকিস্তানের পঞ্জাবে একনাগাড়ে বিপুল বৃষ্টিতে ইরাবতী নদীর জলস্তর বেড়েছে। জলমগ্ন হয়ে পড়েছে শিখদের পবিত্র তীর্থক্ষেত্র শ্রী কর্তারপুর সাহিব গুরদোয়ারা। জলস্তরের উচ্চতা পাঁচ থেকে সাত ফুট। শিয়ালকোট জেলার নারোয়ালের ওই গুরদোয়ারার নীচের তলা একেবারের জলের তলায়। ডুবে গিয়েছে লঙ্গরখানা, পরিক্রমা স্থল ও সরোবর। ধর্মীয় গ্রন্থ সুরক্ষিত থাকলেও গুরদোয়ারার পরিস্থিতি উদ্বেগজনক। ইরাবতীর জলে ভারত-পাক সীমান্তের জিরো লাইনও জলের তলায়। আশপাশের বহু এলাকা প্লাবিত। বন্যা হওয়ার আশঙ্কার কথা কয়েক দিন আগে ভারতের তরফে পাকিস্তানকে জানানো হয়।

## বদলাচ্ছে এইচ-১বি ভিসার নিয়ম

**ওয়াশিংটন, ২৭ অগাস্ট :** মার্কিন কর্মীদের অগ্রাধিকার দিতে ও দুর্নীতি রোধে এইচ-১বি ভিসা ও গ্রিন কার্ড পাওয়ার নিয়মে বড়সড়ো পরিবর্তন আনতে চলেছে ট্রাম্প সরকার। গোল্ড কার্ড আনার কথা ভাবা হচ্ছে।

মার্কিন বাণিজ্যসচিব হাওয়ার্ড লুটনিক এই তথ্য দিয়ে জানিয়েছেন, এইচ-১বি ভিসা পাওয়ার বর্তমান পদ্ধতি ত্রুটিপূর্ণ। সংশ্লিষ্ট পদ্ধতিকে 'প্রতারণামূলক' বলে অভিহিত করে অনলাইন পোস্টে লুটনিক বলেছেন, 'বর্তমানে এইচ-১বি ভিসা পাওয়ার যে পদ্ধতি চালু রয়েছে, তা আমেরিকায় মার্কিন কর্মীদের চাকরির সুযোগ কেড়ে নিচ্ছে। এবার কর্মক্ষেত্রে মার্কিন কর্মীদের অগ্রাধিকার দেওয়া হবে।'

ভিসা পাওয়ার নিয়মে পরিবর্তন করা হলে তা বড় ধরনের প্রভাব ফেলবে আমেরিকায় বসবাসরত ভারতীয় কর্মী ও শিক্ষার্থীদের ওপর। এইচ-১বি ভিসা ও গ্রিন কার্ড পাওয়ার পদ্ধতির পরিবর্তনের লক্ষ্যে যে টিম গড়া হয়েছে, তাতে লুটনিক আছেন। লুটনিকের কথায়, 'গড় হিসেবে মার্কিনরা বছরে ৭৫ হাজার ডলার আয় করেন। গ্রিন কার্ডধারীদের আয় ৬৬ হাজার ডলার। কেন এমন হচ্ছে? গোল্ড কার্ড আনার কথা ভাবা হচ্ছে। আমরা আমাদের দেশের জন্য সেরা লোক বাছাই করা শুরু করতে যাচ্ছি।' ২০ মার্চ থেকে ফরেন লেবার অ্যাকসেস গেটওয়ে (এফএলএজি) পুরোনো সমস্ত ভিসার আবেদন বাতিল করে দিয়েছে। আমেরিকায় কর্মসূত্রে বিদেশিরা পান এইচ-১ বি ভিসা। গ্রিন কার্ড হল মার্কিন যুক্তরাষ্ট্রে স্থায়ী বসবাসের ছাড়পত্র।

## মাওবাদী দমনে ফের সাফল্য, নিকেশ ৪

**মুম্বই, ২৭ অগাস্ট :** বুধবার গড়চিরোলি-নারায়ণপুর সীমানার কোপারসি জঙ্গলে মহারাষ্ট্র পুলিশের কমান্ডো বাহিনী, সিআরপিএফ ও কুইক রেসপন্স-এর যৌথ অভিযানে চার মাওবাদীর মৃত্যু হয়েছে। ঘটনাস্থল থেকে উদ্ধার হয়েছে এসএলআর, ইনসাস ও ৩০৩ রাইফেল। পুলিশ জানিয়েছে, নিহতদের মধ্যে তিনজন মহিলা। লড়াই চলেছে আট ঘণ্টা ধরে। কোপারসি জঙ্গলে একাধিক মাওবাদী সংগঠনের সদস্যরা লুকিয়েছিল। গোয়েন্দাদের কাছ থেকে এই খবর গড়চিরোলি পুলিশ জেনেছিল ২৫ অগাস্ট। লড়াইয়ে যৌথ বাহিনীকে নেতৃত্ব দেন এএসপি (অপারেশন) এম রমেশ। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা ২০২৬ সালের মধ্যে দেশকে মাওবাদী মুক্ত করার ডাক দিয়েছেন। লক্ষ্যপূরণে মাওবাদী অভিযান যে দুর্ধর্ষ গতিতে চলছে তা বুঝিয়ে দিচ্ছে প্রতিটি অভিযান।

## তলব মার্কিন রাষ্ট্রদূতকে

**কোপেনহেগেন, ২৭ অগাস্ট :** বিরল খনিজে সমৃদ্ধ বিশ্বের বৃহত্তম দ্বীপ গ্রিনল্যান্ডকে কবজা করতে মরিয়া ট্রাম্প এখানে অস্থিরতা আনতে তৎপরতা চালাচ্ছেন, এমনই অভিযোগ তুলেছে ডেনমার্ক। এবিষয়ে কূটনৈতিক প্রতিবাদ জানাতে বুধবার মার্কিন রাষ্ট্রদূতকে তলব করল কোপেনহেগেন সরকার। গ্রিনল্যান্ড ডেনমার্কের নিয়ন্ত্রণে। এই দ্বীপের উন্নয়ন ও অভ্যন্তরীণ বিষয়গুলি গ্রিনল্যান্ড সরকার দেখলেও প্রতিরক্ষা ও বিদেশ সম্পর্কে সিদ্ধান্ত নেয় ডেনমার্ক।

### ভারতকে চাপে রাখার বার্তা ট্রাম্পের

# বাণিজ্য অস্ত্রে বাজিমাতের ছক

**ওয়াশিংটন ও নয়াদিল্লি, ২৭ অগাস্ট :** এক, দুই, তিন... এই নিয়ে অন্তত চল্লিশবার ভারত-পাকিস্তান সংঘর্ষ বন্ধের কৃতিত্ব দাবি করলেন ডোনাল্ড ট্রাম্প। মঙ্গলবার সাংবাদিকদের প্রশ্নের জবাবে মার্কিন প্রেসিডেন্ট জানান, বাণিজ্য বন্ধ করা এবং আমদানি পণ্যের ওপর বিপুল পরিমাণ শুল্কের বোঝা চাপানোর হুমকি দিয়ে ভারত ও পাকিস্তানকে সংঘর্ষ বিরতিতে যেতে বাধ্য করেছেন তিনি। শুধু তাই নয়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ফোন করার মাত্র ৫ ঘণ্টার মধ্যে দক্ষিণ এশিয়ার দুই পরমাণু শক্তিধর দেশের মধ্যে যুদ্ধ বন্ধ হয়ে গিয়েছিল বলেও মন্তব্য করেছেন ট্রাম্প। বুধবার থেকে ভারতীয় পণ্যের ওপর ৫০ শতাংশ হারে শুল্ক আদায়ের সিদ্ধান্ত কার্যকর করেছে আমেরিকা। তার ঠিক আগে মার্কিন শীর্ষ নেতার মন্তব্য তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

ভারতের ওপর আমেরিকার বেনজির বাণিজ্য শুল্ক আরোপের পটভূমি হিসাবে দু'টি কারণকে দায়ী করেছে কূটনৈতিক মহল। এক, অপারেশন সিঁদুর বন্ধের জন্য ট্রাম্পকে কৃতিত্ব দিতে না চাওয়া। দুই, রাশিয়া থেকে ভারতের তেল আমদানি। ট্রাম্পের বয়ান প্রকাশ্যে আসতে দুই ইস্যুতেই কেন্দ্রকে নিশানা করেছে বিরোধী কংগ্রেস। রাহুল গান্ধির কটাক্ষ, 'ট্রাম্প মোদিকে ফোন করেছিলেন। ২৪ ঘণ্টার মধ্যে যুদ্ধ বন্ধ করতে বলেছিলেন। ট্রাম্পের ফোন পাওয়ার মাত্র পাঁচ ঘণ্টার মধ্যেই সব থামিয়ে দেন মোদি।' এদিকে শুল্ক প্রশ্নে মোদিকে বিঁধেছেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গেও। এক্স পোস্টে তিনি লিখেছেন, 'নরেন্দ্র মোদিজি, আপনার প্রিয় বন্ধু 'আবকি বার, ট্রাম্প সরকার' আজ থেকে ভারতের ওপর ৫০ শতাংশ শুল্ক আরোপ করেছে। এই শুল্কের প্রথম ধাক্কায় শুধুমাত্র ১০টি ক্ষেত্রেই আমরা আনুমানিক ২.১৭ লক্ষ কোটি টাকা হারাব।' আমেরিকার বর্ধিত শুল্কের জেরে ভারতের বস্ত্র শিল্প এবং তুলা চাষিরা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবেন বলে জানিয়েছেন খাড়গে।

> আমরা এত বেশি শুল্ক আরোপ করব যে তোমাদের মাথা ঘুরে যাবে।... পাঁচ ঘণ্টার মধ্যে এটা (সংঘর্ষ বিরতি) হয়েছিল
> **ডোনাল্ড ট্রাম্প**
> ........
> আমাদের অর্থনীতি খুব শক্তিশালী। আমাদের শিল্প ক্ষেত্রও খুব শক্তিশালী। আমরা কখনোই দেশকে সংকটে পড়তে দেব না
> **কীর্তিবর্ধন সিং**
> ........
> ট্রাম্প মোদিকে ফোন করেছিলেন। ২৪ ঘণ্টার মধ্যে যুদ্ধ বন্ধ করতে বলেছিলেন। ট্রাম্পের ফোন পাওয়ার মাত্র পাঁচ ঘণ্টার মধ্যেই সব থামিয়ে দেন মোদি
> **রাহুল গান্ধি**

বিদেশ প্রতিমন্ত্রী কীর্তিবর্ধন সিং অবশ্য ভারতের ক্ষতির সম্ভাবনা খারিজ করে দিয়েছেন। তিনি বলেন, 'আমাদের অর্থনীতি খুব শক্তিশালী। আমাদের শিল্প ক্ষেত্রও খুব শক্তিশালী। আমরা কখনোই দেশকে সংকটে পড়তে দেব না।' ট্রাম্প বারবার ভারত-পাক সংঘর্ষ বিরতির দাবি করলেও তা খারিজ করে দিয়েছে ভারত। বিদেশমন্ত্রক জানিয়েছে, দু-দেশের সামরিক পর্যায়ের আলোচনায় সংঘর্ষ বন্ধের ব্যাপারে পদক্ষেপ করা হয়েছে। ট্রাম্প যদিও নিজের অবস্থানে অনড়।

ট্রাম্পের কথায়, 'আমি বলেছিলাম, তোমাদের সঙ্গে কোনও বাণিজ্য চুক্তি করব না। তোমরা পারমাণবিক যুদ্ধে জড়িয়ে পড়বে। আগামীকাল আমাকে আবার ফোন করো, কিন্তু আমরা তোমাদের সঙ্গে কোনও চুক্তি করব না। অথবা আমরা এত বেশি শুল্ক আরোপ করব যে তোমাদের মাথা ঘুরে যাবে।' তিনি আরও বলেন, 'পাঁচ ঘণ্টার মধ্যে এটা (সংঘর্ষ বিরতি) হয়েছিল। আবার সংঘর্ষ হতে পারে। তবে যদি হয় তাহলে আমি এটি বন্ধ করব।'



গণেশ চতুর্থীতে সেজে উঠেছেন আন্ধেরি চা রাজা। বুধবার মুম্বইয়ে।

## আরেক নিকিকে পুড়িয়ে মারার চেষ্টা

**আমরোহা, ২৭ অগাস্ট :** পণের দাবিতে গ্রেটার নয়ডার বধূ নিকি ভাটিকে পুড়িয়ে মারার স্মৃতি এখনও টাটকা। তার মধ্যেই আরও এক ঘরনির গায়ে আগুন লাগানোর অভিযোগ উঠেছে শ্বশুরবাড়ির লোকজনের বিরুদ্ধে। ঘটনাস্থল সেই উত্তরপ্রদেশ। আমরোহা জেলার নারাংপুর গ্রামের বাসিন্দা পারুল নামে ওই মহিলাকে গুরুতর আহত অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। নির্যাতিতার ভাইয়ের অভিযোগের ভিত্তিতে পারুলের স্বামী দেবেন্দর, শাশুড়ি এবং ৪ আত্মীয় সোনু, গজেশ, জিতেন্দর এবং সন্তোষের বিরুদ্ধে মামলা রুজু করেছে পুলিশ। সবাই পলাতক। অভিযুক্তদের খোঁজে বিভিন্ন জায়গায় তল্লাশি চলছে।

নির্যাতিতার পরিবারের দাবি, বিয়ের পর থেকেই পণের দাবিতে পারুলের ওপর অত্যাচার করত দেবেন্দরের মা ও আত্মীয়রা। পারুলকে পুড়িয়ে মারার চেষ্টার সময় বাড়িতেই ছিল তাঁর স্বামী। তবে ঘটনার পর থেকে ফেরার সে। পারুলের মা অনীতা বলেন, 'মেয়ের সঙ্গে দেবেন্দরের বিয়ে হয়েছিল ১৩ বছর আগে। ওদের যমজ ছেলে-মেয়ে রয়েছে। কিন্তু বিয়ের এত বছর পরেও পণের দাবিতে পারুলের ওপর অত্যাচার চালাত জামাইয়ের পরিবার।' দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন অনীতা।

## দেখলেই গুলি, হিমন্তের নির্দেশ

**গুয়াহাটি, ২৭ অগাস্ট :** ধুবড়িতে কোনও অশান্তি নেই। তবে দুর্গাপুজো পর্যন্ত দেখামাত্র গুলি চালানোর নির্দেশ কার্যকর থাকছে বলে সাফ জানিয়ে দিলেন অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা। ২৮ সেপ্টেম্বর থেকে ২ অক্টোবর দুর্গাপুজো। ১৩ জুন বাংলাদেশ সীমান্তবর্তী ধুবড়ি শহরে হিংসার কারণে দেখামাত্র গুলির নির্দেশ জারি করেছিল হিমন্তর সরকার। কেন দুর্গাপুজো পর্যন্ত ওই নির্দেশ জারি থাকবে তার কারণ বলতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, 'ধুবড়িতে কোনও হিংসার ঘটনা ঘটেনি। কোথাও কোনও অশান্তিও হয়নি। কিন্তু কেউ যদি ধুবড়িতে অশান্তি পাকানোর চেষ্টা করেন তাহলে তাঁকে ফল ভুগতে হবে।' হিমন্তের দাবি, হিন্দুদের রক্ষা করতেই এই নির্দেশ জারি করা হয়েছে। ৮ জুন ইদের পরদিন এক হিন্দু মন্দিরে একটি প্রাণীর শরীরের অংশ পাওয়া যায়। তা নিয়ে অশান্তি শুরু হয়। মুখ্যমন্ত্রী দাবি করেছিলেন, যে অংশটি পাওয়া গিয়েছিল সেটি ছিল গোরুর মাথার অংশ। দুর্গাপুজোর সময় ধুবড়ি সহ গোটা জেলায় কড়া নজরদারি চালানো হবে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী।





বাইকে ভোটার অধিকার যাত্রায় রাহুলের সঙ্গে সওয়ারি প্রিয়াংকা। বুধবার মুজফফরপুরে।

### কমিশনের নজরদারিতে প্রশ্ন রাহুলের

# অনামী দলের তহবিলে মোটা টাকা

**পাটনা, ২৭ অগাস্ট :** লোকশাহি সত্তা পার্টি, ভারতীয় ন্যাশনাল জনতা দল, স্বতন্ত্র অভিব্যক্তি পার্টি কিংবা নিউ ইন্ডিয়া ইউনাইটেড পার্টি। এই নামের রাজনৈতিক দলের অস্তিত্ব তো দূরস্থান, তাদের নামও দেশের রাজনীতি সচেতন মানুষজন কখনও শুনেছেন বলে জানা যায় না। অথচ গুজরাটের এই রকম অন্তত ১০টি নামগোত্রহীন রাজনৈতিক দল ২০১৯-২০ থেকে ২০২৩-২৪-এর মধ্যে মোট ৪৩০০ কোটি টাকা চাঁদা পেয়েছে বলে জানা গিয়েছে। অথচ তারা খরচ করেছিল মাত্র ৩৯.০২ লক্ষ টাকা। যদিও অডিট রিপোর্টে দাবি করা হয়েছিল, তারা ৩৫০০ কোটি টাকা খরচ করেছে।

নামগোত্রহীন এই ১০টি দল কীভাবে ৪৩০০ কোটি টাকা চাঁদা পেল তা নিয়ে স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠেছে। বুধবার বিহারে ভোটার অধিকার যাত্রায় ব্যস্ত কংগ্রেস নেতা রাহুল গান্ধি এই সংক্রান্ত একটি প্রতিবেদন সমাজমাধ্যমে প্রকাশ করে নির্বাচন কমিশনকেই নিশানা করেছেন। তিনি লিখেছেন, 'গুজরাটে এমন কিছু নামহীন রাজনৈতিক দল আছে যাদের নাম কেউ কখনও শোনেননি। কিন্তু তারাই ৪৩০০ কোটি টাকা চাঁদা পেয়েছে! এই দলগুলি সামান্য কয়েকটি নির্বাচনে লড়াই করেছে বা তাতে খরচ করেছে। এই হাজার হাজার কোটি টাকা এল কোথা থেকে? কারা চালাচ্ছে এই দলগুলিকে? ওই টাকা গেলেই বা কোথায়?' রাহুলের তোপ, 'নির্বাচন কমিশন এর তদন্ত করবে নাকি এক্ষেত্রেও প্রথমে হলফনামা চাওয়া হবে? নাকি তথ্য লুকোনোর জন্য আইনটাকেই বদলে ফেলা হবে?'

ভোট চুরি ইস্যুতে লাগাতার নির্বাচন কমিশন এবং বিজেপিকে তীব্র ভাষায় আক্রমণ করছেন রাহুল গান্ধি। এর মধ্যে নামগোত্রহীন রাজনৈতিক দলগুলিকে মোটা অঙ্কের চাঁদার ঘটনা সামনে আসায় সেই আক্রমণে সুর আরও চড়িয়েছেন লোকসভার বিরোধী দলনেতা। জানা গিয়েছে, ওই ১০টি দল ২০১৯ ও ২০২৪ সালের লোকসভা এবং ২০২২ সালের গুজরাট বিধানসভা নির্বাচনে লড়াই করেছিল। মেরেকেটে মাত্র মাত্র ৪৩ জনকে প্রার্থী করেছিল তারা। পেয়েছিল মাত্র ৫৪,০৬৯ ভোট।

রাহুল এদিন মুজফফরপুরে এক জনসভায় অভিযোগ করেন, 'গুজরাট মডেল আর্থিক মডেল নয়, ভোট চুরির মডেল। ২০১৪ সালে বিজেপি এই মডেলকে জাতীয় স্তরে নিয়ে এসেছিল। আমি আপনাদের গ্যারান্টি দিয়ে বলছি, নরেন্দ্র মোদি ভোট চুরি করে নির্বাচনে জেতেন। এই ভোট চুরিতে মোদি, অমিত শা-কে মদত দেয় নির্বাচন কমিশন।'

বুধবার সকালে দ্বারভাঙ্গা থেকে মুজফফরপুরে পৌঁছোয় রাহুল গান্ধির নেতৃত্বাধীন ভোটার অধিকার যাত্রা। এদিন যাত্রায় শামিল হয়েছিলেন তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী এমকে স্ট্যালিন এবং ডিএমকে নেত্রী কানিমোঝি। ছিলেন প্রিয়াংকা গান্ধি ভদরাও। মাঝপথে প্রিয়াংকাকে পিছনে বসিয়ে বেশ খানিকটা পথ বুলেট চালান রাহুল। এদিনও তাঁর সঙ্গে বুলেট চালান আরজেডি নেতা তেজস্বী যাদব। সন্ধ্যায় মুজফফরপুর থেকে সীতামারি পর্যন্ত যাত্রা করেন তাঁরা। স্ট্যালিনের বিহার যাত্রাকে রাজনৈতিক তামাশা বলে খোঁচা দিয়েছে বিজেপি।

## বাজপেয়ীর জন্মশতবার্ষিকী কমিটিতে সদস্য মমতা

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি, ২৭ অগাস্ট :** প্রাক্তন প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ীর জন্মশতবার্ষিকীকে সামনে রেখে দেশজুড়ে রাজনৈতিক সমীকরণ নতুন মাত্রা পেতে চলেছে। জাতীয়স্তরে মহাসাড়ম্বরে এই জন্মজয়ন্তী উদযাপনের উদ্যোগ নিয়েছে কেন্দ্র। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে গঠিত ১২৪ সদস্যের জাতীয় কমিটিতে নাম রয়েছে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়েরও। এই পরিস্থিতিতে আলোচনা শুরু হয়েছে, রাজনৈতিক দূরত্ব সত্ত্বেও কি বাজপেয়ী স্মরণে একই মঞ্চে দেখা যাবে দিদি-মোদিকে? রাজনৈতিক শিবিরের মতে, বিজেপি চায় অটলবিহারী বাজপেয়ীর গ্রহণযোগ্যতাকে সামনে রেখে একপ্রকার 'অরাজনৈতিক ঐক্য'র ছবি তুলে ধরতে। বাজপেয়ী তাঁর সৌজন্যতা, সর্বজনগ্রাহ্য ভাবমূর্তি এবং রাজনৈতিক শিষ্টাচারের জন্য বিরোধী শিবিরের কাছেও সমানভাবে গ্রহণযোগ্য ছিলেন। এই গ্রহণযোগ্যতাকে কাজে লাগাতে চাইছে গেরুয়া শিবির।

অন্যদিকে, তৃণমূলের পক্ষে এই পরিস্থিতি নিঃসন্দেহে কূটনৈতিক ভারসাম্যের পরীক্ষা। মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে বাজপেয়ীর সম্পর্ক বরাবরই ছিল আন্তরিক। বাজপেয়ীর প্রধানমন্ত্রিত্বকালে রেলমন্ত্রী হিসেবে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন, এমনকি ব্যক্তিগত সম্পর্কও ছিল ঘনিষ্ঠ। কিন্তু বর্তমান প্রেক্ষাপটে বিজেপি-তৃণমূল দ্বন্দ্ব, বিশেষ করে কেন্দ্রের নীতির বিরুদ্ধে তৃণমূলের ধারাবাহিক বিরোধিতার মধ্যে মুখ্যমন্ত্রী মমতা

**পদ্মের কৌশলী পদক্ষেপ**

বন্দ্যোপাধ্যায় কেন্দ্রের আমন্ত্রণ আদৌও গ্রহণ করবেন কি না তা নিয়ে যথেষ্ট সংশয় রয়েছে।

তৃণমূলের এক শীর্ষ নেতা বলেন, 'নেত্রীর সিদ্ধান্তই চূড়ান্ত হবে। তবে রাজনৈতিক বার্তা কীভাবে ব্যাখ্যা করা হবে, সেটাই গুরুত্বপূর্ণ।' অন্যদিকে, আলিপুরদুয়ারের বিজেপি সাংসদ মনোজ টিগ্গা বলেন, 'অটলবিহারী বাজপেয়ী গোটা দেশের প্রধানমন্ত্রী ছিলেন। মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর মন্ত্রীসভায় রেলমন্ত্রী ছিলেন। তাই এই জন্মশতবার্ষিকীতে শ্রদ্ধা জানাতে তাঁর উপস্থিত থাকা উচিত।' কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রকের সূত্রে খবর, কমিটির প্রথম বৈঠক হতে পারে আগামী মাসেই দিল্লিতে, যেখানে প্রধানমন্ত্রী মোদি নিজে সভাপতিত্ব করবেন। শুধু মমতাই নন, প্রাক্তন রাষ্ট্রপতি প্রতিভা পাটিল, রামনাথ কোবিন্দ, প্রাক্তন প্রধানমন্ত্রী এইচডি দেবেগৌড়া, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা, মুখ্যমন্ত্রী নীতীশ কুমার প্রমুখ রয়েছেন ওই কমিটিতে। বাজপেয়ী যুগের বর্ষীয়ান নেতা লালকৃষ্ণ আদবানিকেও বিশেষভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে কমিটিতে।

## গণেশ চতুর্থীতে ঠাকরেদের সন্ধি

**মুম্বই, ২৭ অগাস্ট :** ঠাকরে পরিবারের মিলনোৎসবে পরিণত হল গণেশ চতুর্থী। বুধবার গণেশপুজো উপলক্ষ্যে এমএনএস সুপ্রিমো তথা খুড়তুতো ভাই রাজ ঠাকরের বাসভবন 'শিবতীর্থ'-তে গেলেন শিবসেনা (ইউবিটি) সভাপতি উদ্ধব ঠাকরে। তাঁর সঙ্গে ছিলেন স্ত্রী রশ্মি এবং দুই ছেলে আদিত্য এবং তেজস। বেশ কিছুদিন ধরেই উদ্ধব-রাজ সন্ধিপর্ব চলছে মুম্বই তথা মহারাষ্ট্রের রাজনীতিতে। জুলাই মাসে যাবতীয় মান-অভিমান ভুলে 'মাতুশ্রী'তে পা রেখেছিলেন রাজ। এবার ভাইয়ের বাড়ির গণপতির আরাধনায় যোগ দিয়ে জোটের বৃত্ত সম্পূর্ণ করলেন মহারাষ্ট্রের প্রাক্তন মুখ্যমন্ত্রী।

# মার্কিন শুল্কে ক্ষোভ ভাগবতের

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি, ২৭ অগাস্ট :** মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আরোপিত শুল্কনীতির বিরুদ্ধে সরব হলেন আরএসএস প্রধান মোহন ভাগবত। দেশীয় শিল্পকে সম্ভাব্য ক্ষতির হাত থেকে রক্ষা করার জন্য আত্মনির্ভর ভারতের মন্ত্রই জপেছেন তিনি। বুধবার নয়াদিল্লির বিজ্ঞান ভবনে সংঘ পরিবারের শতবর্ষপূর্তি উপলক্ষ্যে আয়োজিত 'ব্যাখ্যানমালা'-য় বক্তব্য রাখার সময় মোহন ভাগবত বলেন, 'আমাদের দেশকে আত্মনির্ভর হতে হবে। আন্তর্জাতিক বাণিজ্য চলবে, কিন্তু সেটা স্বেচ্ছায় হবে, কোনও চাপ থাকবে না।' ট্রাম্পের নাম না করে তাঁর সাফ কথা, 'আমাদের মধ্যে ধৈর্য ও সক্ষমতা আছে, পুরো বিশ্ব তা দেখবে। আমরা থাকি বা না থাকি, ভারত থাকবে।'

মোদি সরকারের নীতি সম্পর্কেও পরোক্ষভাবে সমালোচনা করেন মোহন ভাগবত। তিনি বলেন, 'সবার আগে প্রতিবেশী দেশের সঙ্গে সুসম্পর্ক রাখতে হবে। এই দেশগুলি কখনও আমাদেরই অংশ ছিল, এরা আমাদেরই লোক। দেশ আলাদা থাকবে, আগেও ছিল, কিন্তু সবার প্রগতিতে ভারতের অবদান থাকা উচিত। সম্প্রদায় আলাদা হতে পারে, তবে সংস্কারের চেষ্টা করতে হবে।' রামকৃষ্ণ পরমহংসদেবের বাণী উল্লেখ করে তিনি বলেন, 'যত মত, তত পথ। আমাদের সমাজে পারস্পরিক অবিশ্বাস দূর করতে হবে। মন্দির, জল ও শ্মশানে কোনও ভেদাভেদ থাকলে চলবে না, এগুলি সবার।' তিনি বলেন, 'কট্টরবাদ কখনও সমর্থনযোগ্য নয়। প্রকৃত ধর্মে ধর্মান্তর হয় না। হিন্দু ধর্ম সব ধর্মকে গ্রহণ করতে শেখায়।' বক্তব্যের শেষ পর্যায়ে মোহন ভাগবত বিদ্বেষমুক্ত বিশ্ব গড়ার গুরুত্ব ব্যাখ্যা করতে গিয়ে বাংলা কবিতা উদ্ধৃত করেন।

## আত্মহত্যায় উসকানি অভিযুক্ত চ্যাটজিপিটি

**ওয়াশিংটন, ২৭ অগাস্ট :** গত এপ্রিলে আচমকাই আত্মহত্যা করে ১৬ বছরের কিশোর অ্যাডাম রেইন। শোকবিহ্বল বাবা-মা বুঝতে পারেননি কোথা থেকে কী হয়ে গেল! কী কারণে এমন চরম পথ বেছে নিতে হল তাঁদের প্রাণের চেয়ে প্রিয় চিরচঞ্চল ও হাস্যোজ্জ্বল পুত্রকে! তাঁরা ভেবেছিলেন, হয়তো দোষটা তাঁদেরই। যথেষ্ট সময় দিতে পারেননি সন্তানকে। উদ্বেগ ও একাকিত্বই হয়তো তার প্রাণ কেড়েছে।

কিন্তু তা নয়। কয়েক সপ্তাহের মধ্যেই আরও ভয়ানক সত্যের মুখোমুখি হলেন পুত্রহারা দম্পতি। তাঁরা জানতে পারলেন, অ্যাডামের শেষ দিনগুলিতে তার সবচেয়ে ঘনিষ্ঠ সঙ্গী ছিল—না কোনও বন্ধু, শিক্ষক বা কাউন্সেলর নয়। বরং শেষ সময়ে তার সর্বক্ষণের সঙ্গী হয়ে উঠেছিল কৃত্রিম মেধাভিত্তিক চ্যাটবট 'চ্যাটজিপিটি'। এই চ্যাটবটই কিশোরটিকে আত্মহত্যায় প্ররোচিত করেছিল।

চ্যাটজিপিটির নির্মাতা সংস্থা ওপেন এআই এবং এর প্রধান নির্বাহী স্যাম অল্টম্যানের বিরুদ্ধে মামলা দায়ের করেছেন আত্মঘাতী কিশোরের বাবা-মা। তাঁদের অভিযোগ, ক্যালিফোর্নিয়ার ওই কিশোর উদ্বেগে ভুগলেও নিজের পরিবারকে তার মনের কথা বলতে পারছিল না। তাই সে সান্ত্বনা আর পরামর্শের জন্য সাহায্য চেয়েছিল চ্যাটবটের কাছে। কিশোরের সঙ্গে আলাপ চলাকালীন ওই চ্যাটবট



কার্যত কিশোরকে বিভ্রান্ত করে 'আত্মহত্যার পরামর্শ' দেয়।

অ্যাডামের বাবা-মা ম্যাথু ও মারিয়া তাঁদের অভিযোগে স্পষ্ট ভাষায় লিখেছেন, 'চ্যাটজিপিটি অ্যাডামের আত্মহত্যার প্রবণতাকে সমর্থন করেছে শুধু তা-ই নয়, তাকে আত্মহত্যার বিবিধ উপায়ও বলে দিয়েছে। এমনকি আত্মহত্যার আগে সুইসাইড নোটে কী লিখতে হবে, তাও কিশোরকে শিখিয়ে দেয় যত নষ্টের গোড়া এই চ্যাটবট!'

# রাজা মালাগাসির খুলি ফেরত দিল ফ্রান্স

### ১২৮ বছরের প্রতীক্ষার অবসান



**প্যারিস, ২৭ অগাস্ট :** মোগল আমলের 'ময়ূর সিংহাসন' কিংবা 'কোহিনুর মণি' কিছুই ফেরত পায়নি ভারত। শোনা যায়, সেই সিংহাসনের ভগ্নাবশেষ আছে ইরানের কোষাগারে। আর কোহিনুর শোভা পাচ্ছে টাওয়ার অফ লন্ডনের রাজমুকুটে। কিন্তু ঔপনিবেশিক আমলে লুট করা জিনিসপত্র ফেরতের ক্ষেত্রে ব্যতিক্রমী নজির রাখল ফ্রান্স। ১২৮ বছর পর মালাগাসি রাজা তোয়েরার খুলি ও অন্যান্য দেহাবশেষ মাদাগাস্কার সরকারকে ফেরত দিল ফ্রান্স!

১৮৯৭ সালে ফরাসি সেনারা রাজাকে হত্যা করে তাঁর মাথা কেটে নিয়ে যায় 'ট্রফি' বা 'বিজয়ের স্মারক' হিসাবে। ভারত মহাসাগরীয় দ্বীপরাষ্ট্রটির শতাধিক অন্যান্য দেহাবশেষের সঙ্গে এই খুলিটিও এতদিন প্যারিসের জাতীয় ইতিহাস জাদুঘরে রাখা ছিল। ফরাসি সংস্কৃতি মন্ত্রী রশিদা দাতি এবার প্রকাশ্যে মেনে নিয়েছেন, 'এই সংগ্রহ ছিল মানব মর্যাদার অপমান এবং ঔপনিবেশিক হিংসার প্রতীক।'

ফ্রান্সের সৌজন্যে আপ্লুত মাদাগাস্কারের সংস্কৃতি মন্ত্রী ভোলামিরান্তি ডোনা মারা বলেন, এভাবে সাংস্কৃতিক সম্পদ ফিরে পাওয়া সব সময়েই আনন্দের। এটা নিছক হাড়গোড় নয়, বরং দ্বীপবাসীর আত্মার মুক্তি। ১২৮ বছর ধরে তাঁদের মনে ছিল এক দগদগে ক্ষত। এবার অন্তত নিজেদের মাটিতে পূর্বসূরিদের সমাহিত করা সম্ভব হবে।

যদিও ফেরত পাওয়া মাথার খুলিটা সত্যিই রাজা তোয়েরার কি না, তা নিয়ে পুরোপুরি নিশ্চিত নন বিজ্ঞানীরা। রশিদা দাতির কথায়, 'খুলিগুলি যে সাকালাভা জনগোষ্ঠীর, তা নিশ্চিত করেছে দুই দেশের এক যৌথ বৈজ্ঞানিক কমিটি। কিন্তু তার একটি যে রাজা তোয়েরার, তা বৈজ্ঞানিকভাবে প্রমাণ করার উপায় নেই। শুধুমাত্র অনুমানের ভিত্তিতেই এই দাবি করা হচ্ছে।' তবে তাতে মাদাগাস্কারের মানুষের কিছু যায় আসে না। ওই খুলিটি তাঁদের ঐতিহাসিক রাজার বলেই বিশ্বাস দ্বীপবাসীর।

ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ বরাবর ফ্রান্সের ঔপনিবেশিক ইতিহাস নিয়ে 'ক্ষমা ও দায় স্বীকার'-এর বার্তা দিয়ে এসেছেন। মূলত তাঁরই উদ্যোগে ২০২৩ সালে দেশে নতুন আইন পাশ হয়, যাতে মানবদেহের অবশেষ ফেরানো সহজ হয়েছে। এরপর থেকে অস্ট্রেলিয়া, আর্জেন্টিনা সহ অনেক দেশই নিজেদের পূর্বসূরিদের অবশিষ্টাংশ ফেরত চাইতে শুরু করেছে প্যারিসের কাছ থেকে।

রবিবার খুলি তিনটি নিয়ে যাওয়া হবে মাদাগাস্কারের মাটিতে। সেখানে যথাযোগ্য মর্যাদায় তাঁদের কবরে শায়িত করা হবে। এতে ইতিহাসের পুরোনো ক্ষত হয়তো পুরোপুরি ভরাট হবে না, কিন্তু মাদাগাস্কারের প্রাচীন রাজার মাথা ফ্রান্সের আলমারির বদলে এখন থেকে জন্মভূমিতেই শায়িত থাকবে। এটা কম সান্ত্বনা নয়।

# উচ্চমাধ্যমিক তৃতীয় সিমেস্টারের চূড়ান্ত পর্বে প্রস্তুতির পরামর্শ

## ভীতি নয়, এগিয়ে চলো সঠিক প্রস্তুতিতে



**সুপর্ণা দত্ত,** *টিচার ইনচার্জ*
*বাগডোগরা বালিকা বিদ্যালয়*
*শিলিগুড়ি*

উচ্চমাধ্যমিকে তোমাদের প্রস্তুতি পর্ব এখন শেষ পর্যায়ে রয়েছে। এই সময়টুকু তোমাদের জন্য ভীষণ গুরুত্বপূর্ণ। সঠিকভাবে এই সময়কে ব্যবহার করতে পারলে সাফল্য লাভ অবশ্যই সম্ভব। চূড়ান্ত পর্বের প্রস্তুতির সুবিধার্থে তোমাদের জন্যে রইল কিছু পরামর্শ।

● **সময়সূচির পরিকল্পনা করো সঠিকভাবে :**

প্রথমেই বলব যেহেতু OMR ভিত্তিক প্রশ্নপত্র হবে তাই পুরো টেক্সট বই খুঁটিয়ে পড়ো। এমন একটা সময়সূচি তৈরি করো, যাতে তোমাদের প্রতিদিনের রুটিন অন্তর্ভুক্ত থাকে। প্রতি ৪৫-৫০ মিনিট অধ্যয়নে একটু বিরতি যোগ করো (প্রোমোডরো টেকনিক)। সময়সূচির সাহায্যে প্রতিটি বিষয়ে নিজের সময় ভাগ করে নিতে পারো। এছাড়া এটি তোমাদের টাইম ম্যানেজ করতেও সাহায্য করবে। নিজেকে প্রশ্ন করে জেনে নাও কোন বিষয়ে সময় একটু বেশি দিতে হবে।

● **বিষয়কে ভাগ করো ছোট খণ্ডে :**

সব বিষয়ের সিলেবাসকে ছোট ছোট খণ্ডে বা বিষয়ভিত্তিক ভাগ করো। এরপর তোমাদের সময়সূচি অনুয়ায়ী সেগুলো প্রস্তুত করো। এখন যেহেতু শেষ মুহূর্তের প্রস্তুতি তাই যে বিষয়গুলোতে একটু সমস্যা হচ্ছে সেই জায়গাগুলোকে আর একবার চেষ্টা করো সঠিকভাবে বুঝে নেওয়ার। প্রতিটি বিষয় সম্পর্কে আরও ভালো এবং গভীরে বোঝার চেষ্টা চালিয়ে যাও। এতে পরীক্ষার দিনগুলোতে তোমাদের চাপ কমবে ।

> সব বিষয়ের সিলেবাসকে ছোট ছোট খণ্ডে বা বিষয়ভিত্তিক ভাগ করো। এরপর তোমাদের সময়সূচি অনুয়ায়ী সেগুলো প্রস্তুত করো। এখন যেহেতু শেষমুহূর্তের প্রস্তুতি তাই যে বিষয়গুলোতে একটু সমস্যা হচ্ছে সেই জায়গাগুলোকে আর একবার চেষ্টা করো সঠিকভাবে বুঝে নেওয়ার। প্রতিটি বিষয় সম্পর্কে আরও ভালো এবং গভীরে বোঝার চেষ্টা চালিয়ে যাও।

● **অভ্যাস করো সঠিক উত্তর বাছাইয়ের :**

সিমেস্টার ভিত্তিক পরীক্ষার রেজাল্ট ভালো করতে হলে শুধু বিষয়বস্তু সম্পর্কে জানলে হবে না, OMR সঠিকভাবে চিহ্নিতকরণও শিখতে হবে। সর্বমোট ৪০টি প্রশ্নের উত্তর ভরাট করতে হবে। অর্ধেক গোল করা বা গোলের বাইরে দাগ যেন চলে না যায় লক্ষ্য রাখতে হবে।

● **বেশি গুরুত্ব দাও কঠিন বিষয়কে :**

সিলেবাস-এর গুরুত্বপূর্ণ অংশগুলিকে আরও একবার চিহ্নিত করো এবং সিলেবাসের গুরুত্বপূর্ণ ক্ষেত্রসমূহকে শ্রেণিবিভাগ করো। খুব নির্দিষ্টভাবে এই বিষয়গুলোর প্রতিটি অধ্যায় থেকে ঠিক কত নম্বরের প্রশ্ন আসবে তার সঠিক তথ্য যদি তোমরা খেয়াল রাখো তাহলে সহজেই তোমরা সফল হবে।

● **রিভাইজ করো বারবার :**

তোমরা যদি প্রতিদিনের রিভিশনকে অবহেলা করো তাহলে অল্প সময়ের মধ্যে বিষয়বস্তু ভুলে যাওয়ার সম্ভাবনা থাকে। প্রতিদিন রিভিশন করা শুধু তোমাদের শেখার ক্ষমতাকে তীক্ষ্ণ করে না, বরং তোমাকে এমন আরও দুর্বল জায়গাকে পরিষ্কারভাবে দেখতে সাহায্য করবে যা তোমরা আগে লক্ষ করোনি।

● **জেনে নাও নতুন নিয়মাবলি :**

পর্ষদ প্রকাশিত নির্দিষ্ট OMR-এর ধরন WBCHSE-এর পোর্টাল-এ গিয়ে স্টুডেন্ট লগ-ইনে দেখে নাও QR Code নির্দিষ্ট করা থাকবে এবছর প্রত্যেকটি প্রশ্নপত্রের। সেটা কীভাবে মার্ক করবে সেই বিষয়ে প্রয়োজন হলে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের থেকে সাহায্য নিয়ে এখনই বুঝে নাও।

● **গুরুত্ব দিয়ে মক টেস্ট দাও :**

তোমাদের পছন্দের যে কোনও প্রকাশনীর প্রশ্নপত্রের সমাধান করার চেষ্টা করো। এতে আত্মবিশ্বাস বাড়বে। মক টেস্ট সমাধান শুধু তোমাকে আরও জোরালোভাবে বিষয়ভিত্তিক কমান্ড করতেই সাহায্য করে না পাশাপাশি তোমাদের গতি এবং নির্ভুলতার দক্ষতা বৃদ্ধিতেও সহায়তা করে। মনে রাখবে, সঠিক প্রস্তুতি সফলতার মেরুদণ্ড।



## প্রথমবার ওএমআর



**প্রবীর মিত্র,** *প্রধান শিক্ষক*
*পাতলাখাওয়া উচ্চবিদ্যালয়*
*কোচবিহার*

একজন ইংরেজি বিষয়ের শিক্ষক তথা প্রধান শিক্ষক হিসেবে আজ তোমাদের পরীক্ষা নিয়ে কতগুলো গুরুত্বপূর্ণ কথা বলব। যেহেতু এই সিমেস্টার উচ্চমাধ্যমিক ২০২৬ পরীক্ষার অন্তর্গত তাই স্কুলের বাইরের সেন্টারে পরীক্ষা দিতে গেলে কাউন্সিলের নির্দেশ মেনে চলা আবশ্যিক। পরীক্ষার অ্যাডমিট কার্ড হাতে পাওয়ার পর যেসব তথ্য সেখানে দেওয়া থাকে, সেসব মিলিয়ে নেবে। যদি কোনও ভুল দেখতে পাও বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং অফিসকে জানাবে। তাহলে তা সংশোধনের জন্য বিদ্যালয়ের অফিস তৎক্ষণাৎ WBCHSE এর সঙ্গে যোগাযোগ করে ঠিক করার ব্যবস্থা করবে।

তোমরা নিশ্চয়ই জানো নিয়মের কড়াকড়ির জন্য পরীক্ষাকেন্দ্রে অ্যাডমিট কার্ড, রেজিস্ট্রেশন কার্ড, কলম, স্কেল, বোর্ড, সাধারণ হাতঘড়ি ইত্যাদি ছাড়া কিছু নেওয়া যাবে না। পরীক্ষা শুরুর এক ঘণ্টা আগে প্রথম পরীক্ষার দিন সেন্টারে পৌঁছোনোর চেষ্টা করবে। গেট দিয়ে ঢোকার সময় ফ্রিস্কিং হবে, তখন সব চেক করে নেবেন সেন্টারের শিক্ষকরা। ঢোকার পর বোর্ডে নিজের রোল নম্বর দেখে নির্দিষ্ট রুমে ঢুকে পড়বে এবং নিজের জায়গায় বসবে।

পরীক্ষার রুমে শিক্ষক মহাশয় তোমাদের যেসব নিয়মাবলি বলবেন তা মনোযোগ দিয়ে শুনবে। এরপর প্রশ্নপত্র এবং OMR Sheet দেওয়ার পালা। OMR Sheet-এ অ্যাডমিট কার্ড দেখে নীল অথবা কালো কালির কলমে সতর্কভাবে প্রতিটি জিনিস লিখবে। লেখার সময় কোনও Letter (অক্ষর), Digit (সংখ্যা) যেন ভুল না হয়। কারণ OMR Sheet-এ কোথাও Over writing করবে না।


প্রশ্নপত্র পড়া হয়ে গেলে উত্তর লেখার সময় MCQ-এর যে বিকল্প উত্তরটি একদম সঠিক মনে হবে, সেটি কলম দিয়ে ভর্তি করবে। এভাবে ৪০টি প্রশ্নের উত্তর লিখতে হবে।

### ইংরেজি বিষয়ের প্রস্তুতি

এবারে ইংরেজি বিষয় সম্পর্কে কিছু কথা বলছি। Semester III-তে Full Marks-এর বণ্টন যেভাবে থাকবে তা দেখে নাও।

Unit 1 : Prose (গদ্য) - FM - 10,
Unit 2 : Verse (পদ্য) - FM - 10,
Unit 3 : Drama (নাটক) - FM - 5,
Unit 4 : Textual Grammar - FM - 5,
Unit 5 : Reading Comprehension (Unseen) : FM - 10

প্রতিটি অংশেই এই Multiple Choice Type প্রশ্ন থাকবে। Prose, Verse, Drama-র ক্ষেত্রে কাউন্সিল-এর নিয়ম অনুযায়ী কমপক্ষে নয় রকমের MCQ থাকতে পারে।



Unit 4 - Textual Grammar-এ থাকছে Synthesis and Splitting of sentences, Change of Narration, Correction of Errors. সবক্ষেত্রেই চারটি করে Alternative থাকবে যেটি সঠিক মনে হবে সেই অনুযায়ী OMR Sheet ভরবে।

Unit 5 - Unseen এ যে Passage-টি দেওয়া থাকবে সেটি বারবার করে পড়ে অর্থ বোঝার চেষ্টা করবে। তারপর যে দশটি প্রশ্ন থাকবে, তার প্রত্যেকটি খুব ভালো করে পড়ে যে বিকল্প উত্তরটি সঠিক মনে হবে সেটি OMR Sheet-এ পূরণ করবে। সবশেষে অনেক শুভকামনা এবং আশীর্বাদ রইল সবার জন্য।


## পদার্থবিদ্যায় ভরসা থাকুক আত্মবিশ্বাসে



**পার্থপ্রতিম ঘোষ,** *শিক্ষক*
*আলিপুরদুয়ার ম্যাক উইলিয়াম হাইস্কুল, আলিপুরদুয়ার*

আর হাতেগোনা কয়েকদিন বাকি। নতুন পরীক্ষা পদ্ধতি, কিন্তু অযথা দুশ্চিন্তা করার কোনও কারণ নেই। সিলেবাস অনুযায়ী পাঠ্যবই খুঁটিয়ে পড়ে থাকলে ফিজিক্সের যে কোনও ধরনের এমসিকিউ প্রশ্নের সঠিক উত্তর দিতে পারবে। শেষমুহূর্তে ফিজিক্সের তৃতীয় সিমেস্টারের সিলেবাস ধরে সমস্ত টপিকগুলো আরও একবার ভালো করে পড়ে নাও। যে টপিকগুলো একটু বেশি কঠিন মনে হয় বা যে টপিকগুলোর কনসেপ্ট পুরোপুরি ক্লিয়ার হয়নি সেই টপিকগুলো আগে ভালো করে পড়তে হবে। সিলেবাসটাকে ছোট ছোট ভাগে ভাগ করে নিয়ে বারবার পড়তে হবে। প্রয়োজনে ইউনিট ধরে ধরে পড়বে এবং পড়ার সময় গুরুত্বপূর্ণ টপিকগুলো হাইলাইট করে রাখবে।

তৃতীয় সিমেস্টারে ফিজিক্সে মোট পাঁচটি ইউনিট আছে। ইউনিটগুলো হল- স্থির-তড়িৎবিদ্যা, প্রবাহী তড়িৎ, প্রবাহীর চৌম্বক প্রভাব ও চুম্বকত্ব, তড়িৎচুম্বকীয় আবেশ ও পরিবর্তী প্রবাহ এবং তড়িৎচুম্বকীয় তরঙ্গ। এই পরীক্ষায় প্রথম চারটি ইউনিটের প্রতিটি ইউনিট থেকে



৮ নম্বর থাকবে এবং পঞ্চম তথা শেষ ইউনিট থেকে ৩ নম্বর থাকবে। প্রশ্নপত্রে জেনেরাল এমসিকিউ টাইপ প্রশ্নের সঙ্গে শূন্যস্থান পূরণ, বামস্তম্ভ-ডানস্তম্ভ মেলানো, বিবৃতি-কারণধর্মী প্রশ্ন, সত্য/মিথ্যা নির্বাচন, চিত্রভিত্তিক প্রশ্ন ও অনুচ্ছেদভিত্তিক প্রশ্ন থাকবে। তৃতীয় সিমেস্টার পরীক্ষায় সব ধরনের প্রশ্নের উত্তর দিতে হলে পাঠ্যবই খুঁটিয়ে পড়ার সঙ্গে সঙ্গে এখন পুরোদমে এমসিকিউ প্রশ্নপত্রের ধাঁচে পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের নমুনা প্রশ্নপত্র সহ বিভিন্ন নমুনা প্রশ্নপত্র সংগ্রহ করে প্রতিদিন অনুশীলন করতে হবে এবং ওএমআর শিটে সময় ধরে মক টেস্ট দিতে হবে। পড়ার সময় অবশ্যই সঙ্গে রিভিশন শিট রাখবে। তোমরা যখন যে টপিকগুলো পড়েছো তখন নিশ্চয়ই সেই টপিকগুলোর প্রয়োজনীয় গাণিতিক সূত্রসমূহ ও বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্ট একটা খাতায় লিখে রেখেছো। পরীক্ষার আগে সেগুলোতে চোখ বুলিয়ে নেবে।

তৃতীয় সিমেস্টারে বিভিন্ন অধ্যায় থেকে গাণিতিক সমস্যা এমসিকিউ আকারে আসবে। তাই বেশি করে গাণিতিক সমস্যাগুলো সমাধান করতে হবে। পড়ার সময় গাণিতিক সমস্যাগুলো নিজেরা সমাধান করবে। বইয়ে দেওয়া গাণিতিক প্রশ্নের সমাধানগুলি চোখে দেখা ও নিজে সমস্যার সমাধান করার মধ্যে কিন্তু বিস্তর ফারাক থাকে। মানসিক চাপ কাটিয়ে উঠতে হবে। তৃতীয় সিমেস্টার পরীক্ষাটাকে খুব সাধারণ পরীক্ষার মতো করেই নিতে হবে। তোমরা তো প্রথম সিমেস্টারে একবার ওএমআর শিটে এমসিকিউ পরীক্ষা দিয়েছো। কাজেই নার্ভাস না হয়ে স্বাভাবিকভাবে পরীক্ষা দিতে হবে। কোনও এমসিকিউ যদি একটু জটিলও মনে হয় তাহলেও মাথা ঠান্ডা রেখে পরীক্ষা দিতে হবে। দেখবে পরীক্ষার হলে একবার কয়েকটা এমসিকিউ প্রশ্নের উত্তর দেওয়া হয়ে গেলেই সবকিছু স্বাভাবিক হতে শুরু করবে। একটানা না পড়ে মাঝে মাঝে কয়েক মিনিটের জন্য বিরতি নেবে এবং ওই বিরতিতে এমন কিছু করবে যাতে তোমাদের মন ভালো থাকে।

পরিশেষে বলব নিজেদের প্রস্তুতি ও মেধার ওপর বিশ্বাস রাখবে। আত্মবিশ্বাসের সঙ্গে পরীক্ষা দেবে, দেখবে পরীক্ষায় অবশ্যই সফল হবে।

## অনুশীলনেই সফলতা আসবে রাষ্ট্রবিজ্ঞানে



**উচ্চমাধ্যমিকে তৃতীয় সিমেস্টারের পরীক্ষা শুরু হতে চলেছে সেপ্টেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহ থেকে। বিগত উচ্চমাধ্যমিকে শিলিগুড়ি গার্লস হাইস্কুলের ছাত্রী সুপর্ণা বসাক গড়ে ৯০ শতাংশ এবং রাষ্ট্রবিজ্ঞানে ৯৬ শতাংশ নম্বর পেয়ে সাফল্যের সঙ্গে উত্তীর্ণ হয়েছেন। পরীক্ষার্থীদের পরামর্শ দিতে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে তিনি নিজের প্রস্তুতির খুঁটিনাটি পড়াশোনা বিভাগে জানালেন।**

এবারের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের প্রথমেই বলতে চাই, তোমরাই প্রথমবার সিমেস্টার পদ্ধতিতে পরীক্ষা দিতে চলেছ যেটা তোমাদের হয়তো নতুন একটা মানসিক চাপ, তবু বলব প্রস্তুতি যদি সঠিকভাবে নাও তবে পরীক্ষাপদ্ধতি যেমনই হোক সফলতা আসবেই। তাছাড়া একাদশ শ্রেণিতে তোমরা একই পদ্ধতিতে পরীক্ষা দিয়ে নিয়মকানুনের সঙ্গে অনেকটাই পরিচিত হয়েছ।

রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে আমার প্রস্তুতির প্রসঙ্গে বলব, টেক্সট বা পাঠ্যবই খুঁটিয়ে বারবার না পড়লে বিষয়বস্তু সম্বন্ধে স্পষ্ট ধারণা আসবে না। পরীক্ষায় অনেকসময় সব প্রশ্ন কিন্তু হুবহু নোটস থেকে কমন আসে না। সেক্ষেত্রে স্পষ্ট ধারণা থাকলে অনেক প্রশ্নের উত্তর দেওয়া অনেকটা সহজ হয়ে যায়।

টেক্সট বুক পড়ার পরে এবারে যে কোনও সহায়িকার প্রশ্নের উত্তর আমি চোখ বুলিয়ে নিতাম। কারণ সহায়িকাতে বিভিন্ন ধরনের প্রশ্নের উত্তরের সঙ্গে পরিচিত হওয়ার সুযোগ হয়। ফলে পরীক্ষার সময় সুবিধা হয়।

আমার পড়ার আলাদা করে নির্দিষ্ট কোনও সময় ছিল না। স্কুল আর প্রাইভেট টিউশনের সময় বাদ দিলে যখন সময় পেতাম তখনই পড়তাম। তবে কিছুক্ষণ পড়ে বিরতি নিয়ে আবার পড়তাম। কারণ আমার মনে হয়, একটানা অনেকক্ষণ ধরে পড়লে মনে রাখতে অসুবিধা হয়।

যে বিষয়গুলো মনে রাখতে অসুবিধা হত সেগুলো লিখে প্র্যাকটিস করেছি। লেখার পর বই বা নোটস-এর সঙ্গে মেলাতাম। এতে নিজের কতটা মনে থাকছে যাচাই করে নেওয়া যায়। তাছাড়া পরীক্ষায় যেহেতু লিখতে হয় তাই লেখার অভ্যাস থাকাটা জরুরি। বিগত বছরের প্রশ্ন দেখে নেওয়াটাও খুব গুরুত্বপূর্ণ। এতে কী ধরনের প্রশ্ন বেশি গুরুত্বপূর্ণ তার একটা ধারণা পাওয়া যায়।

সবশেষে বলব, রাষ্ট্রবিজ্ঞান এমন একটি বিষয় যা আমাদের প্রতিদিনের জীবনযাত্রার সঙ্গে বিভিন্নভাবে জড়িত। নিউজপেপার পড়া, টিভিতে খবর দেখা, নিজের পাড়ায় রাজনীতির প্রতীক চিহ্ন, কাউন্সিলার বা পঞ্চায়েত প্রধান থেকে মুখ্যমন্ত্রী বা প্রধানমন্ত্রী রাষ্ট্রবিজ্ঞানের সিলেবাসে রয়েছে। শিক্ষক/ শিক্ষিকার কাছে বিষয়বস্তু ভালোভাবে বুঝে নিয়ে রাষ্ট্রবিজ্ঞান পড়লে এই বিষয়ে তোমাদেরও আগ্রহ বাড়বে, আর সফলতার প্রথম সিঁড়ি কিন্তু সেখান থেকেই শুরু হয়।

## বাংলায় ভাষাতত্ত্বের গুরুত্বপূর্ণ তথ্য



**মৌমিতা বেরা,** *শিক্ষক*
*ময়নাগুড়ি রোড হাইস্কুল*
*জলপাইগুড়ি*

উচ্চমাধ্যমিকের তৃতীয় সিমেস্টার আজ বাংলা বিষয়ে ভাষাতত্ত্বের কিছু সম্ভাব্য ও গুরুত্বপূর্ণ তথ্য আলোচনা করছি। ভাষাতত্ত্ব থেকে তোমাদের ১০ নম্বর থাকবে। সুতরাং এই অধ্যায়টি গুরুত্ব সহকারে পড়তে হবে ।

- বিভিন্ন ভাষার মধ্যে তুলনা করে তুলনামূলক ভাষাবিজ্ঞান।
- ১৭৮৬ খ্রিস্টাব্দে স্যর উইলিয়াম জোন্স তুলনামূলক ভাষাবিজ্ঞানের সূত্রপাত করেছিলেন ।
- স্যার উইলিয়াম জোন্স-এর মতে সংস্কৃত, গ্রিক, লাতিন ইত্যাদি ভাষাগুলি যে মূল ভাষা থেকে উৎপন্ন হয়েছে সেই ভাষার নাম ইন্দো ইউরোপীয় ভাষা।
- বর্ণনামূলক ভাষাবিজ্ঞান আলোচনা করে সমকালীন ভাষার গঠনরীতি নিয়ে। বিংশ শতাব্দীর গোড়ার দিকে বর্ণনামূলক ভাষাবিজ্ঞানের সূত্রপাত হয়েছিল।
- বিভিন্ন ক্ষেত্রে ভাষার অবদান বা প্রয়োগ ফলিত ভাষাবিজ্ঞানের অন্যতম বিষয়।
- মস্তিষ্ক ভাষা শেখার ব্যবস্থা- এই মন্তব্যটির প্রবক্তা হলেন চমস্কি।
- শব্দের গঠন প্রণালী বিশ্লেষণ হল রূপতত্ত্বের প্রধান আলোচ্য বিষয় ।
- ভাষার উপাদানগুলির মধ্যে সম্পর্কের সংবিধি ও পারস্পরিক সম্পর্কের জাল বিন্যাসের নাম langue.
- মনে রাখবে LAD অর্থাৎ Language Acquisition Device.
- চিন্তার পোশাক মতবাদটির প্রবক্তা স্যামুয়েল ও এসলি।
- লাং ও পারোল-এর প্রবক্তা হলেন ফের্দিনান ডা সস্যুর।
- ভারতে অভিধান রচনার সূত্রপাত হয় যাস্ক-এর মাধ্যমে।
- Syntax শব্দের অর্থ হল বাক্যতত্ত্ব।
- Phonetics-এর বাংলা প্রতিশব্দ হল ধ্বনিবিজ্ঞান।
- ভাষা বা উপভাষার উপলক্ষ্য অনুযায়ী যে বদল হয় তাকে বলে রেজিস্টার।
- কোনও ব্যক্তি ভাষা বা উপভাষায় যে বিশেষ রীতি ব্যবহার করে সমাজবিজ্ঞান অনুযায়ী তাকে বলা হয় কোড।
- Style বা শৈলীকে দুটি ভাগে ভাগ করা হয়, মূল্যায়নভিত্তিক শৈলী এবং বর্ণনামূলক শৈলী।
- LAS বলতে বোঝায় Language Acquisition System.
- Dictionary শব্দটি ১৫৩৮ খ্রিস্টাব্দে থমাস এলিয়েটের লাতিন ইংরেজি অভিধানে প্রথম পাওয়া যায়।
- বক্তব্যকে পাঠকের সামনে নিয়ে আসাকে প্রমুখন বলে।
- গ্রিক শব্দ থিসরাস কথার অর্থ হল অর্থভাণ্ডার বা সমার্থক শব্দকোষ।
- ফলিত ভাষাবিজ্ঞানের অন্যতম ভাগগুলি হল-সমাজ ভাষাবিজ্ঞান, মনো ভাষাবিজ্ঞান, স্নায়ু ভাষাবিজ্ঞান, শৈলী বিজ্ঞান, অভিধান বিজ্ঞান।
- ভাষার সঙ্গে সমাজের সম্পর্ক এবং অন্যান্য বিদ্যাচর্চার ক্ষেত্রে পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ করাই ফলিত ভাষাবিজ্ঞানের আলোচ্য বিষয়।

## ইংরেজিতে গুরুত্বপূর্ণ অধ্যায়ের আলোচনা



**পরীক্ষিৎ ঘোষ,** *শিক্ষক*
*মিলনপল্লি উচ্চবিদ্যালয়,*
*ইসলামপুর, উত্তর দিনাজপুর*

উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরা জানো, তৃতীয় সিমেস্টার পুরোপুরি MCQ ভিত্তিক। আজ তোমাদের জন্য Prose অংশ থেকে গুরুত্বপূর্ণ একটি অধ্যায় Dr. APJ Abdul Kalam-এর ‘Strong Roots’ নিয়ে সংক্ষেপে আলোচনা করছি এবং কিছু MCQ প্রশ্নোত্তর তুলে ধরছি যা পরীক্ষার প্রস্তুতিতে তোমাদের সাহায্য করবে।

A brief note on Strong Roots :

Strong Roots is an extract from Dr. Kalam’s autobiography Wings of Fire. In this extract, he talks about his childhood in his hometown, Rameswaram. In this piece, Kalam describes the simple, secure and comfortable life in his ancestral home, where basic necessities were always provided. It focuses on the impact of Kalam's parents, particularly his father, on his upbringing, the formation of his values and the development of his spiritual growth. The piece highlights the communal harmony prevalent in Rameswaram and the respect Kalam's father earned from people of all faiths.

অর্থাৎ এই অধ্যায়ে ডঃ কালাম তাঁর শৈশব, পরিবার, আধ্যাত্মিক শিক্ষা এবং মূল্যবোধ সম্পর্কে আলোচনা করেছেন।


**MCQ Questions :**

1. ‘Strong Roots’ is taken from APJ Abdul Kalam’s –
A) Ignited Minds B) Wings of Fire C) My Journey D) Indomitable Spirit
Ans. B)

2. APJ Abdul Kalam was born into a ______________ family. –
A) middle-class Tamil B) lower middle-class Tamil C) upper-class Tamil D) none of these
Ans. A)

3. APJ Abdul Kalam’s birthplace was in the island town of –
A) Goa B) Andaman C) Rameswaram D) Puri
Ans. C)

4. APJ Abdul Kalam’s father had –



A) much formal education B) much formal education and wealth C) neither much formal education nor much wealth D) none of these
Ans. C)

5. Who possessed great innate wisdom and true generosity of spirit –
A) Ashiamma B) Kalam C) Jainulabdeen D) Pakshi Lakshmana Sastry
Ans. C)

6. APJ Abdul Kalam’s father found an ideal helpmate in –
A) Ashiamma B) Jalaludeen C) Abdul Kalam D) Pakshi Lakshmana Sastry
Ans. A)

7. One of the forebears of Kalam’s mother was awarded by the British the title of –
A) Bahadur B) Raibahadur C) Padmashree D) Bharat Ratna
Ans. A)

8. Kalam had –
A) charming looks B) undistinguished looks C) ugly looks D) pretty looks
Ans. B)

9. According to APJ Abdul Kalam, his parents were –
A) tall B) handsome C) tall and handsome D) short but handsome
Ans. C)

10. Kalam and his brothers and sisters lived in their –
A) ancestral house B) rented house C) hut D) cottage
Ans. A)

11. The ancestral house of APJ Abdul Kalam was a fairly large pucca house, which was made of –
A) cement and brick B) limestone and brick C) clay and brick D) sand and brick
Ans. B)

12. Kalam’s father led a –
A) very simple life B) very indisciplined life C) luxurious life D) moderate life
Ans. A)

13. Abdul Kalam’s ancestral house was built in –
A) mid 19th century B) late 19th century C) early 20th century D) early 19th century
Ans. A)

14. Kalam accepted that he had a very _________ childhood. –
A) insecure B) uncertain C) painful D) secure
Ans. D)



**ছোট্ট তারা**

সিজার স্কুলের চতুর্থ শ্রেণির ছাত্রী দেবাংশী ঘোষাল মিনার্ভা স্কলারশিপে অলিম্পিয়াড পুরস্কার অর্জনের পাশাপাশি স্কুলভিত্তিক খেলাধুলো ও নাচে উল্লেখযোগ্য সাফল্য পেয়েছে।

## চলতি বছরেই কাজ শেষ হবে অডিটোরিয়ামের

**অভিষেক ঘোষ**

**মালবাজার, ২৭ অগাস্ট :** দীর্ঘ কয়েক বছর ধীরে চলার পর অবশেষে অডিটোরিয়ামের নির্মাণকাজে গতি বাড়ল। চলতি বছরেই ওই কাজ শেষ করার লক্ষ্যমাত্রা দিয়েছে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর। বুধবার অডিটোরিয়ামের নির্মাণকাজ পরিদর্শন করলেন এনবিডিডি-র নির্বাহী বাস্তুকার নরেশ রায়। অডিটোরিয়ামের পাশেই বসবে জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের জলের পাম্পহাউস। এদিন সেই জায়গাও চিহ্নিত করা হয়। ২০১৮ সালে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের আর্থিক অনুদানে মাল শহরের ডাকবাংলো মাঠে একটি অডিটোরিয়াম নির্মাণের কাজ শুরু হয়। তারপর ২০১৯ সালে কোভিড অতিমারির সময় প্রায় দুই বছর নির্মাণকাজ বন্ধ ছিল। তারপর আবার কাজ শুরু হয়।

এদিকে অডিটোরিয়ামের প্রায় ৭০ শতাংশ কাজ শেষ হয়েছে বলে জানা গিয়েছে। বাকি ৩০ শতাংশ কাজ আগামী নভেম্বরের মধ্যে শেষ করার লক্ষ্যমাত্রা নিয়েছে

**কাজে অগ্রগতি**

- অডিটোরিয়ামের প্রায় ৭০ শতাংশ কাজ শেষ
- বাকি ৩০ শতাংশ কাজ আগামী নভেম্বরের মধ্যে শেষ করার লক্ষ্যমাত্রা
- বুধবার অডিটোরিয়ামের নির্মাণকাজ পরিদর্শনে এনবিডিডি-র নির্বাহী বাস্তুকার নরেশ রায়

উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর। ৭.৯১ কোটি টাকা ব্যয় করে মূল ভবনটি তৈরি হচ্ছে। সেখানে ৭৩৬টি আসন থাকবে। এছাড়া থাকবে বাতানুকূল পরিষেবা। বৈদ্যুতিক কাজের জন্য পৃথকভাবে দুই কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এব্যাপারে নরেশ বলেন, 'অডিটোরিয়ামের ভেতরে জোরকদমে কাজ চলছে। শীতের আগেই কাজ শেষ হয়ে যাবে।' অন্যদিকে, পুরসভার চেয়ারম্যান উৎপল ভাদুড়িও নতুন বছরের আগে অডিটোরিয়াম চালুর চেষ্টা চলছে বলে জানান।

এদিকে অডিটোরিয়ামের কাজ নিয়ে মালবাজার শহরের নাট্যকার সুধাংশু বিশ্বাস বলেন, 'আমরাও অডিটোরিয়াম উদ্বোধনের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি।' এছাড়া শহরের নৃত্য শিক্ষিকা মৌমিতা চক্রবর্তী ঘোষ জানান, মালবাজার শহর তথা মহকুমা এলাকায় এমন আধুনিক প্রেক্ষাগৃহ অত্যন্ত প্রয়োজন।

এছাড়া ডাকবাংলো মাঠে অডিটোরিয়াম তৈরির পরেও বেশ কিছুটা জায়গা ফাঁকা রয়েছে। সেখানে জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের একটি জলপ্রকল্পের জন্য জমি চিহ্নিত করা হয়। ৪২ ফুট চওড়া ও ৯৫ ফুট লম্বা জায়গাটিতে উচ্চক্ষমতাসম্পন্ন একটি পাম্প বসবে। সেই মেশিনে জল তোলার পর পার্শ্ববর্তী ট্যাংকে জল পৌঁছে যাবে। সেখান থেকেই পুরসভা বাড়ি বাড়ি জল সরবরাহ করবে। সম্প্রতি পুরসভার অধিকাংশ ওয়ার্ডে জলসংকট বাড়ায় বিকল্প ব্যবস্থা নিয়ে পরিকল্পনা করেছিলেন পুরসভার ইঞ্জিনিয়াররা। এদিন জলপাইগুড়ি মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের ইঞ্জিনিয়ার সোমনাথ চৌধুরী এসে জায়গাটি পরিদর্শন করেন। সেখানে মাল পুরসভার চেয়ারম্যান উৎপল ভাদুড়ি সহ উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের আধিকারিকরাও ছিলেন। পরে ১২ নম্বর ওয়ার্ডের নির্মীয়মাণ হাটশেড পরিদর্শনেও যায় উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের দলটি।

# চার শহরে গণেশবন্দনা













*চার শহরে গণেশপুজোর বিভিন্ন মুহূর্ত। বুধবার ছবিগুলি তুলেছেন শানু শুভঙ্কর চক্রবর্তী, অ্যানি মিত্র, সপ্তর্ষি সরকার এবং বাণীব্রত চক্রবর্তী।*

## ছাতা মাথায় ভাণ্ডারায় ভিড়

**অনীক চৌধুরী**

**জলপাইগুড়ি, ২৭ অগাস্ট :** এবার দুর্গাপুজোর আগেই যেন পুজোর প্রিভিউ দেখা গেল গণেশ চতুর্থীতে। কোথাও গণেশ প্রতিমায় নতুনত্ব, তো কোথাও আলোর ঝলকানি। সকাল থেকে পুজোর আমেজ দুর্গাপুজোর কথা ভাবতে বাধ্য করলেও বিকেল থেকে বৃষ্টি বাদ সাধে। যদিও ছাতা মাথায় দিয়েই মানুষজন গণেশ দর্শনে বেরিয়ে পড়েন। তবে বৃষ্টির জেরে উদ্যোক্তাদের কিছু আয়োজন নষ্ট হয়। যেমন পান্ডাপাড়া ১২ নম্বর মোড় বয়েজ গণেশপুজো কমিটির উদ্যোক্তা রাহুল রায় বলেন, 'আমরা সাধারণ মানুষের জন্য প্রসাদের ব্যবস্থা করেছিলাম। কিন্তু বৃষ্টি সব মাটি করে দিল।'

১০৩ কেজির লাড্ডু দেখতে কিংবা গজমুখের ২০ ফুটের মূর্তি দেখতে যেভাবে মানুষের ঢল নামার কথা ছিল ঠিক তেমন না হলেও ভিড় একেবারে খারাপ হয়নি। বিশেষ করে মার্চেন্ট রোডে ভাণ্ডারা নিতে বেশি ভিড় দেখা গিয়েছে।

এদিকে, শহরে এবার বাড়িতে বাড়িতে গজদেবতা আরাধনার নয়া ট্রেন্ড দেখা গেল। অন্যদিকে, বৃষ্টির মধ্যেই অনেকে ডিবিসি রোডে পুজোর বাজার সেরে ছাতা মাথায় এসেছিলেন মার্চেন্ট রোডের ব্যবসায়ীদের পুজো দেখতে। মার্চেন্ট রোডের গণেশ দেখে ফেরার পথে থানা রোডের গণেশ প্রণাম করে পাশে বিবেকের দোকানে চা খেতে খেতে শংকর চৌধুরী বললেন, 'বৃষ্টিটা সবার মন খারাপ করে দিল। তবে আগে এত পুজো হত না শহরে। এবার দেখছি ব্যবসায়ীদের পাশাপাশি বাড়িতেও পুজো করছেন লোকজন। বম্বে কালচার ঢুকেছে শহরে।'

পান্ডাপাড়া সর্বজনীন গণেশপুজো কমিটি এবং ১২ নম্বর মোড় বয়েজ গণেশপুজোর মাঝের রাস্তার পাশে বসেছে একাধিক ছোট দোকান। পুজো না মেলা বোঝা মুশকিল। তবে বৃষ্টিতে খানিক মনভার ছিল মেলায় বসা দোকানিদের।

> বৃষ্টিটা সবার মন খারাপ করে দিল। তবে আগে এত পুজো হত না শহরে। এবার দেখছি ব্যবসায়ীদের পাশাপাশি বাড়িতেও পুজো করছেন লোকজন। বম্বে কালচার ঢুকেছে শহরে।
>
> **শংকর চৌধুরী** *বাসিন্দা*

বিকেলের দিকে পান্ডাপাড়া সর্বজনীন গণেশপুজো কমিটির ১০৩ কেজির লাড্ডু দেখে, প্রসাদ খেয়ে রাস্তার পাশের দোকানে সাজসজ্জার সরঞ্জাম দেখে ১২ নম্বর গলির ১২ ফুটের প্রতিমা দর্শন করে বাড়ি ফিরতে দেখা গেল মণ্ডলঘাট থেকে আসা এক ভ্যান গ্রামবাসীকে। তাঁদের মধ্যে লিপিকা রায় বললেন, 'এ তো রথ দেখা, কলা বেচা একসঙ্গে। গতবার ১০১ কেজির লাড্ডু দেখতে আসতে পারিনি, তাই এবার বিকেল বিকেল এলাকার আটজন চলে এসেছিলাম। ভালোই হল, লাড্ডুও দেখা হল, প্রসাদও পেলাম আবার মেলাও ঘুরলাম।'

চার নম্বর রেলগুমটির কাছে ভূপতি গ্রুপের তরফে বিশালকার গণেশপুজো করা হচ্ছে। এখানে প্রতিমাটা একটু অন্যরকম। মানবদেহের রং হলেও গণপতির মাথা ছিল ধূসর গাঢ় রংয়ের, যা হলুদ-সাদা আলোয় এক অনন্য রূপ দেয় গণেশকে। শহরের রেস্তোরাঁকে পাল্লা দিয়ে ফুটপাথের ছোট দোকানগুলো বসেছিল বড় পুজোগুলোর আশপাশে। তবে লাগাতার বৃষ্টিতে বাজার না জমায় তাদেরও মন ছিল খারাপ। তবে দ্বিতীয় দিন থেকে ভিড় হবে বলে উদ্যোক্তাদের আশা।

## কোথাও খিচুড়ি, কোথাও বিলি ফ্রায়েড রাইস

**বাণীব্রত চক্রবর্তী**

**ময়নাগুড়ি, ২৭ অগাস্ট :** ময়নাগুড়িতে গণেশপুজোয় মাতলেন আট থেকে আশি। শহরের জাগৃতি মোড় সংলগ্ন ইনফিনিটি বয়েজের গণেশপুজোর এবার তৃতীয় বর্ষ। বিরাট আয়োজনের পাশাপাশি বড়সড়ো মূর্তি আনা হয়েছে শিলিগুড়ি থেকে। এদিন ধুমধাম করে পুজো হয়েছে।

পুজো কমিটির যুগ্ম সম্পাদক ডাঃ অভিষেক যায় ও সোহান সাহা জানান, পুজোর পর দু'হাজার লাড্ডু বিলি করা হয়েছে। সন্ধ্যায় বহু মানুষকে খিচুড়ি প্রসাদ ও তরকারি খাওয়ানো হয়। এবারে ধুমধাম করে বিসর্জনেরও আয়োজন করা হয়েছে বলে সভাপতি তীর্থ বণিক জানিয়েছেন।

ময়নাগুড়ি পুরোহিত কল্যাণ সমিতির তরফে থানা মোড়ে প্রথম বর্ষের গণেশপুজো হল। সম্পাদক প্রদীপ চক্রবর্তীর কথায়, 'এরজন্য কোনও চাঁদা তোলা হয়নি। নিজেরাই এই পুজোর আয়োজন করেছি।'



ময়নাগুড়ি পুরোনো বাজার শিব ও শনি মন্দিরের গণেশপুজোর এবার ১৫তম বর্ষ। উদ্যোক্তাদের মধ্যে রাজু শূর জানান, প্রতি বছর এখানে গণেশ চতুর্থীর দিনে গণেশপুজো হয়। বিকেলের পর থেকে ফ্রায়েড রাইস ও সবজি খাওয়ানো হয়। অসংখ্য মানুষ এই প্রসাদ খেতে আসেন। একই কথা জানিয়েছেন উদ্যোক্তা দীপু কর্মকার, রবিন রায়রা।

এছাড়া ময়নাগুড়ি নতুন বাজার স্টেট ডিপোর সামনে নতুন বাজার সর্বজনীন শ্রীশ্রী গণেশপুজোর এবার প্রথম বর্ষ। পুজো কমিটির সম্পাদক পল্লবকান্তি দত্ত জানান, মণ্ডপ ফুল দিয়ে সাজানো হয়েছে। মণ্ডপের সামনে আলপনা আঁকা হয়েছে। স্থানীয়দের সকলকেই খিচুড়ি প্রসাদ বিতরণ করা হয়। সবমিলিয়ে ময়নাগুড়ি শহরে বেশ জমজমাট গণেশপুজো হয়েছে।

## বারোয়ারির সঙ্গে ঘরে ঘরে পুজোর ট্রেন্ড

**সপ্তর্ষি সরকার**

**ধূপগুড়ি, ২৭ অগাস্ট :** একসময় পয়লা বৈশাখ বা অক্ষয় তৃতীয়ায় গণেশপুজোর রেওয়াজ থাকলেও হালে গণেশ চতুর্থী নতুন উৎসবের আমেজ আনছে শহরে। সন্ধের পর থেকে বৃষ্টি বিঘ্ন ঘটালেও সকাল থেকে শহর মাতোয়ারা ছিল গণেশ চতুর্থী উৎসবে। গত কয়েক বছরে পাল্লা দিয়ে শহরে গণেশ উৎসব বেড়েছে। ছোট-বড় বারোয়ারি গণেশপুজোর সঙ্গে এদিন বহু বাড়ি এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানে গণেশপুজো হয়েছে।

শহরের সবথেকে বড় গণেশপুজোর আয়োজন হয়েছে মহাবীরস্থান রোড ব্যবসায়ী সমিতির উদ্যোগে। চতুর্থ বর্ষেই আয়োজন ও আড়ম্বরে বিগ বাজেটের অনেক পুজোকে টেক্কা দিতে শুরু করেছে ব্যবসায়ীদের এই গণেশ উৎসব। মঙ্গলবার রাতে বর্ণাঢ্য শোভাযাত্রায় উদ্বোধনী অনুষ্ঠানের পর এদিন সকাল থেকেই পুজোয় মেতে ওঠে গোটা



চত্বর। পুজোয় সপরিবারে শামিল হন স্থানীয় ব্যবসায়ী, বাসিন্দা এবং পথচলতি মানুষও। প্রসাদ বিতরণ সহ মণ্ডপেই হয় সাংস্কৃতিক অনুষ্ঠান।

আয়োজক ব্যবসায়ী সমিতির সম্পাদক বাপ্পা পালের কথায়, 'পয়লা বৈশাখের আগে আলুর ভরা মরশুম, চৈত্র সেলের মতো ব্যবসায়িক কাজকর্মের চাপে অনেক ক্ষেত্রেই পুজোর আনন্দে মেতে ওঠা হয় না ব্যবসায়ী, কর্মচারী এবং পরিবারের লোকেদের। সেই ভাবনা থেকেই বছরের এই সময় গণেশ চতুর্থী আমাদের সবার পারিবারিক উৎসব হয়ে উঠছে।'

শহরের দুই নম্বর ব্রিজ এলাকায় আয়োজিত হয়েছে সপ্তম বর্ষের গণেশ চতুর্থী উৎসব। নতুন ঊষা সংগঠনের সদস্যদের উদ্যোগে একসময় এই পুজো হত কলেজ রোডে। পরবর্তীতে আকারে বড় হতেই এবার থেকে পুজো দুই নম্বর ব্রিজ এলাকায় সরিয়ে নেওয়া হয়েছে। বুধবার সকাল থেকেই পুজো, প্রসাদ বিলি এবং নানা সামাজিক কর্মকাণ্ডের মাধ্যমে জমে ওঠে এই পুজো। আয়োজকদের তরফে সত্যচন্দ্র দাস বলেন, 'সাত বছর আগে একেবারে ছোট বাজেটে শুরু করা পুজো আজ সবার অংশগ্রহণে বড় হয়ে উঠেছে।'

ধূপগুড়িতে এবারে বারোয়ারি পুজোর সঙ্গেই বাঙালি গৃহস্থের বাড়িতে গণেশ উৎসব পালনের আগ্রহ নজর কেড়েছে যাজনিক ব্রাহ্মণদেরও। পুরোহিত সনাতন চক্রবর্তীর কথায়, আগে অবাঙালি ব্যবসায়ীরাই এদিনের পুজোয় আগ্রহী ছিলেন। গত কয়েক বছরে বাঙালিদের মধ্যে সাড়ম্বরে গণেশ চতুর্থীর আবেগ ছড়িয়েছে। একে শহরের নতুন ট্রেন্ড বলা যায়।

## মালবাজারে ৫ জায়গায় পুজোর আয়োজন

**সুশান্ত ঘোষ**

**মালবাজার, ২৭ অগাস্ট :** গত চার বছরে মালবাজার শহরে বারোয়ারি গণেশপুজো সংখ্যায় বৃদ্ধি পেয়েছে। কয়েক বছর আগেও মন্দির এবং কিছু বাড়িতে গণেশ চতুর্থীর পুজো হত, বর্তমানে তা শহরের অন্যতম সর্বজনীন উৎসবে পরিণত হয়েছে। শহরের সাংস্কৃতিক এবং ধর্মীয় পরিমণ্ডলে এক নতুন মাত্রা যোগ করেছে এই পুজো।

এই বছর মাল শহরের মোট ৫টি স্থানে বারোয়ারি গণেশপুজোর আয়োজন করা হয়েছে। ৭ নম্বর ওয়ার্ডের পানোয়ার বস্তি, রাজাপাড়া, মালবাজার বাসস্ট্যান্ড এবং বাজার রোডে ২টা সর্বজনীন গণেশপুজোর আয়োজন করা হয়েছে। এর পাশাপাশি শহরের বিভিন্ন মন্দিরেও সিদ্ধিদাতার আরাধনা করা হয়।

বর্তমানে ৪ দিন ধরে গণপতির আরাধনা করা হয়। সন্ধ্যা আরতি এবং ভোগ বিতরণ বা ভাণ্ডারা এই পুজোর অন্যতম আকর্ষণ। বাজার রোডের হাট ব্যবসায়ী সমিতির পুজোতে টানা তিনদিন ধরে চলে ভাণ্ডারা এবং আরতি। গত কয়েক বছর ধরে পানোয়ার বস্তির তরুণদের আয়োজিত পুজো এবং বাসস্ট্যান্ডে ডিওয়াইএস-এর গণেশপুজোর বিসর্জন স্থানীয় মানুষদের আকর্ষণের অন্যতম কেন্দ্রবিন্দু হয়ে দাঁড়িয়েছে।

হাট ব্যবসায়ী সমিতির পুজো কমিটির সদস্য কমল দত্ত বলেন, 'গত চার বছর ধরে আমাদের পুজোয় মানুষের বিপুল সাড়া পেয়ে আমরা অভিভূত।' পানোয়ার বস্তির পুজোর অন্যতম উদ্যোক্তা দীনেশ গোস্বামী বলেন, 'প্রতি বছরই আমরা নতুন কিছু করার চেষ্টা করি, যাতে আরও বেশি মানুষ এই পুজোর সঙ্গে যুক্ত হতে পারেন।' বারোয়ারি গণেশপুজোর সংখ্যা বৃদ্ধি নিয়ে পুরোহিত দেবজ্যোতি চট্টোপাধ্যায় বলেন, 'আগে গণেশপুজো মন্দির এবং কিছু বাড়িতে হত। এখন সর্বজনীন পুজো আয়োজনের মাধ্যমে তা হয়ে উঠেছে সাম্প্রদায়িক সম্প্রীতির।' তাঁর কথায় সায় জানালেন তরুণ পুরোহিত রুবাই চক্রবর্তী।

**টুকরো খবর**

### খাদিমেলা

**জলপাইগুড়ি, ২৭ অগাস্ট :** পুজোর মরশুমের কেনাকাটাকে লক্ষ্য রেখে শুরু হচ্ছে জলপাইগুড়ি আঞ্চলিক স্তরের খাদিমেলা। জলপাইগুড়ির রবীন্দ্র ভবনে ৬ সেপ্টেম্বর থেকে ২২ সেপ্টেম্বর পর্যন্ত চলবে এই মেলা। রাজ্য খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ এবং জেলা প্রশাসনের উদ্যোগে রবীন্দ্র ভবনে ওই খাদিমেলা হবে বলে জানিয়েছেন অতিরিক্ত জেলা শাসক রৌনক আগরওয়াল।

### প্রস্তুতি শুরু

**জলপাইগুড়ি, ২৭ অগাস্ট :** দুর্গাপুজোর প্রস্তুতিতে ব্যস্ত সব পুজো কমিটি। এর মধ্যে কালীপুজোর ৬৭তম বর্ষের থিম ঘোষণা করল গোমস্তাপাড়া নবারুণ সংঘ ক্লাব ও পাঠাগার। প্রতিবছর এই পুজো শহরবাসীর নজর কাড়ে। এবার তাদের থিম হিসেবে থাকছে বিষ্ণুর চারধামের একটি ধাম। সেটি হল তামিলনাড়ুর রামনাথস্বামী মন্দির (রামেশ্বরম)।

ক্লাব সম্পাদক রাজেশ মণ্ডল বলেন, 'আমরা প্রতিবার নতুনত্ব কিছু করি। এবার আমরা রামনাথস্বামী মন্দির বানানোর পরিকল্পনা নিয়েছি। এই মন্দিরের উচ্চতা প্রায় ৬৫ ফুট ও ৩০০ ফুট দীর্ঘ করিডর, যা মূল রামনাথস্বামী মন্দির করিডরের প্রতিরূপ। যাঁরা আসল মন্দির দেখতে পারেননি তাঁদের জন্য আমরা এমন ভাবনা নিয়েছি। আমাদের বাজেট আনুমানিক ৫০ লক্ষ টাকা।'

### বিক্ষোভ

**জলপাইগুড়ি, ২৭ অগাস্ট :** একশো দিনের কাজ আবার চালু করা সহ একাধিক দাবিতে জলপাইগুড়ি সদর বিডিও দপ্তরে বিক্ষোভ দেখাল সিপিএম। বুধবার রাজবাড়ির সামনে থেকে সিপিএম সমর্থকরা মিছিল করে বিডিওর দপ্তরে যান। সেখানে কিছুক্ষণ পুলিশের সঙ্গে বিক্ষোভকারীদের বচসার পর, দলের তরফে ৫ জন প্রতিনিধি বিডিওর কাছে দাবিপত্র পেশ করেন।

## ৭৭ ফুট উঁচু মণ্ডপে দেবীর আরাধনা ময়নাগুড়িতে

**এল এল পুজো এল**

**অভিরূপ দে**

**ময়নাগুড়ি, ২৭ অগাস্ট :** পুজোর বাকি আর মাত্র এক মাস। ইতিমধ্যে সব জায়গায় পুজো কমিটিগুলি জোরকদমে প্রস্তুতি শুরু করে দিয়েছে। সাবেকি নয় বরং থিমপুজো পছন্দ বেশিরভাগ পুজো কমিটির। কমিটিগুলির মধ্যে থিম নিয়ে চলে হাড্ডাহাড্ডি লড়াই। এই লড়াই থেকে বাদ পড়েনি ময়নাগুড়ি শহরও। শহরের বিগ বাজেটের পুজো কমিটিগুলি গা ভাসিয়েছে থিমের জোয়ারে। গত কয়েক বছর ধরে ময়নাগুড়ি শহরের বিগ বাজেটের পুজোগুলির মধ্যে অন্যতম ওয়েস্ট আনন্দনগর ইউথ ক্লাবের পুজো। এবছর এই ক্লাবের পুজোর ৬৪তম বছর। এবার তাঁদের পুজোর থিম 'প্রকৃতির সঙ্গে'।



এই ক্লাবের পুজো দেখার জন্য প্রতিবছর উৎসুক জনতার ভিড় উপচে পড়ে। ভিড় সামলাতে কার্যত হিমসিম খেতে হয় ক্লাবের সদস্য থেকে শুরু করে পুলিশকে। বালুরঘাটের ভাই ডেকোরেটারের শিল্পী রাজনারায়ণ সাহা চৌধুরী এবছর মণ্ডপ তৈরি করছেন। আনন্দনগর নেতাজি মাঠে তৈরি প্রায়



*ইউথ ক্লাব।*

১৩ হাজার স্কোয়ার ফুটের বিশাল এলাকাজুড়ে সুবিশাল মণ্ডপ তৈরি হচ্ছে। ইতিমধ্যে মণ্ডপের কাঠামো তৈরির কাজ শেষ হয়ে গিয়েছে। চলছে মণ্ডপের ভেতরের ও বাইরের অংশের কারুকার্য। ৭৭ ফুট উচ্চতা ও ১০০ ফুট চওড়ার এই মণ্ডপে মোট ৩টি স্তর থাকবে।

মণ্ডপ তেরি করতে বিভিন্ন প্রাকৃতিক উপাদান যেমন ধানের শিষ, পাট, গম মাদুর ইত্যাদি ব্যবহার করা হচ্ছে। তবে শুধু চোখধাঁধানো মণ্ডপ বা আলোকসজ্জা নয়, দেবীমূর্তিতেও থাকবে বিশেষ চমক। মাতৃমূর্তি তৈরি করছেন শিলিগুড়ির মৃৎশিল্পী বিক্রম পাল। পুজোর আর বেশি দেরি নেই। তাই সারাদিন এমনকি রাতভর শিল্পীরা ব্যস্ত মণ্ডপটিকে সুন্দর করে সাজিয়ে তুলতে।



ইউথ ক্লাবের যুগ্ম সম্পাদক বাবুয়া ভট্টাচার্য বলেন, 'আমাদের পুজো শুধু জলপাইগুড়ি জেলাতে নয়, সারা উত্তরবঙ্গের মধ্যে সাড়া ফেলবে বলে আমরা আশাবাদী।' তিনি জানান, উদ্বোধনের দিন বেনারসের গঙ্গা আরতির মতো বিশেষ আরতির আয়োজন করা হবে।


ইতিমধ্যে শহরবাসীর সামনে মণ্ডপের মডেলটি প্রকাশ করেছেন ক্লাবকর্তারা। মণ্ডপে প্রবেশ করতেই দেখা যাবে হিন্দু দেবতা শিবের অন্যতম ভক্ত নন্দী মহারাজের বিশাল মডেল। এরপর ধাপে ধাপে দেখা যাবে বিভিন্ন নান্দনিক কারুকার্য। এছাড়াও গোটা প্যান্ডেলে থাকবে ১৫০টি ঝাড়বাতি, ৬০০টি স্পটলাইট। মণ্ডপটিকে আরও আকর্ষণীয় করে তুলতে অত্যাধুনিক নিয়ন আলো ব্যবহার করা হচ্ছে। মণ্ডপের ভেতরে বিভিন্ন জায়গায় সব বয়সিদের জন্য একাধিক সেলফি জোন থাকবে বলে জানিয়েছেন উদ্যোক্তারা। মালবাজারের বাসিন্দা বাবুয়া শর্মা চৌধুরী আলোকসজ্জার দায়িত্বে রয়েছেন। প্রায় ৫০০ মিটার রাস্তাজুড়ে আলোকসজ্জা থাকবে। কার্নিভালে বিশেষ চমক থাকবে বলে জানা গিয়েছে। এবছরও ইউথ ক্লাবের পুজো দর্শনার্থীদের মন জয় করবে এমন আশা করছেন ক্লাবের সভাপতি পবিত্র দেবগুপ্ত, মনোজ সাহা সহ অন্য সদস্যরা।






## কৃত্রিম জিভ


বিজ্ঞানীরা এক বিশেষ ধরনের জিভ তৈরি করেছেন যা মানুষের মতো স্বাদ গ্রহণ ও প্রক্রিয়া করতে সক্ষম। এই কৃত্রিম জিভ শুধু খাবারের স্বাদই বুঝতে পারে না, এটি তরল পদার্থের মধ্যে থাকা বিভিন্ন ফ্লেভার, এমনকি সামান্য দূষণও বিশ্লেষণ করতে পারে। বার্সেলোনার এক গবেষণাগারে তৈরি এই প্রযুক্তি খাদ্যশিল্পে, বিশেষ করে ওয়াইন এবং অলিভ অয়েল শিল্পে নতুন দিগন্ত খুলে দেবে বলে মনে করা হচ্ছে।



## নতুন প্রজাতির ব্যাং

ভারতের বিজ্ঞানীরা এমন এক নতুন প্রজাতির ব্যাং আবিষ্কার করেছেন, যার চেহারা অনেকটা শুয়োরের মতো। ব্যাংটির বৈজ্ঞানিক নাম 'Nasikabatrachus bhupathi'। ব্যাংটি ভারতের উত্তর-পূর্বাঞ্চলের মেঘালয় রাজ্যের পাহাড়ি অঞ্চলে পাওয়া গিয়েছে। এর অদ্ভুত গোলাকার নাক এবং ছোট পা আছে, যা সাধারণ ব্যাঙের থেকে আলাদা। এটি পৃথিবীর জীববৈচিত্র্যের এক নতুন উদাহরণ।





## ভূতুড়ে আয়না

এক প্যারানরমাল বিশেষজ্ঞ মানুষকে সতর্ক করে বলেছেন, রাতে ঘুমানোর সময় শোয়ার ঘরে বিছানার সামনে যেন আয়না না থাকে। তাঁর মতে, আয়না মৃত আত্মাদের সঙ্গে যোগাযোগের একটি মাধ্যম হতে পারে, যা মানুষের জন্য বিপজ্জনক। যদিও এর কোনও বৈজ্ঞানিক ভিত্তি নেই, কিন্তু এই অদ্ভুত সতর্কতা বেশ চাঞ্চল্য সৃষ্টি করেছে। তিনি আরও বলেন, তিনি এমন কিছু ঘটনা দেখেছেন যেখানে আয়নার কারণে মানুষ দুঃস্বপ্ন দেখেছে।



## বিলুপ্তপ্রায় সিংহশাবক

চেক প্রজাতন্ত্রের একটি চিড়িয়াখানায় চারটি বিরল বার্বারি সিংহ শাবকের জন্ম হয়েছে। এই প্রজাতির সিংহ একসময় বন্য পরিবেশে বিলুপ্ত হয়ে গিয়েছিল। চিড়িয়াখানার এই সাফল্য এই বিলুপ্তপ্রায় প্রজাতির সংরক্ষণে এক নতুন আশা জাগিয়েছে। চিড়িয়াখানার কর্তৃপক্ষ জানিয়েছে, শাবকগুলো সুস্থ আছে এবং তাদের নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে। এটি এই প্রজাতির সিংহের সংরক্ষণে একটি বড় পদক্ষেপ।

# কর্মবিরতিতে অচল এনবিইউ

**শুভঙ্কর চক্রবর্তী**

**শিলিগুড়ি, ২৭ অগাস্ট :** তাদের বেতন বৃদ্ধির পথে বাধা হয়ে দাঁড়াচ্ছেন কিছু আধিকারিক ও শিক্ষক, এই অভিযোগে বুধবার থেকে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি শুরু করল সারা বাংলা তৃণমূল শিক্ষাবন্ধু সমিতি। আন্দোলন থেকে সংশ্লিষ্ট আধিকারিক, শিক্ষকদের শ্রেণিশত্রু বলে আক্রমণ। বয়কটেরও ডাক দিলেন শাসক সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক তন্ময় বাগচী। যা নিয়ে তৈরি হয়েছে বিতর্ক। কর্তৃপক্ষের বদলে কয়েকজন শিক্ষক ও আধিকারিককে টার্গেট করে অস্থায়ী শিক্ষাকর্মীদের আন্দোলনের কারণ নিয়েও উঠেছে প্রশ্ন। ফলে উপাচার্যহীন বিশ্ববিদ্যালয়ে অস্থায়ী কর্মীদের সঙ্গে শিক্ষক, আধিকারিকদের নজিরবিহীন সংঘাতের পরিস্থিতি তৈরি হয়েছে। যার জেরে নতুন করে অচলাবস্থা সৃষ্টি হয়েছে ক্যাম্পাসে।

উপাচার্যহীন বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষমতা কোন গোষ্ঠীর হাতে থাকবে তা নিয়ে দীর্ঘদিন থেকেই কোন্দল চলছে ক্যাম্পাসে। তার জেরেই যাবতীয় গণ্ডগোল বলেই মনে করছেন পড়ুয়া ও গবেষকদের একটা বড় অংশ।

আন্দোলনের নেপথ্যে রয়েছে অস্থায়ী শিক্ষাকর্মীদের বেতন বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে তৈরি একটি কমিটি। অস্থায়ী শিক্ষাকর্মীদের দাবির বিষয়ে সিদ্ধান্ত নিতে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ভাস্কর বিশ্বাস ২০ অগাস্ট ১১ জনের একটি কমিটি তৈরি করেন। তার চেয়ারম্যান করা হয় ডিন মহেন্দ্রনাথ রায়কে। রেজিস্ট্রার, জয়েন্ট রেজিস্ট্রার, ফিন্যান্স অফিসার, চিফ ইঞ্জিনিয়ার, মেডিকেল অফিসার সহ কয়েকজন শিক্ষককেও কমিটির সদস্য করা হয়। এরপর সদস্যদের বেশ কয়েকজন চিঠি দেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রারকে। বিশ্ববিদ্যালয়ের আইন মেনে কমিটি তৈরির কথা বলেন তাঁরা। বেতন বৃদ্ধির মতন গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে পদ্ধতি মেনে রাজ্য সরকার বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদনের কথাও বলেন কেউ কেউ। রেজিস্ট্রারকে পাঠানো সদস্যদের সেই চিঠি পৌঁছে যায় অস্থায়ী শিক্ষাকর্মীদের হাতে। তারপরই কমিটির সদস্যদের বিরুদ্ধে আন্দোলনে নামেন তাঁরা।

কর্মবিরতির ডাক দিয়ে বুধবার রেজিস্ট্রারের দপ্তরের সামনে দিনভর বিক্ষোভ দেখান শিক্ষাবন্ধু সমিতির নেতা-কর্মীরা। সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি রণজিৎ রায়ের কথা, 'রেজিস্ট্রার, ডিন সক্রিয় হলেও কমিটির অন্য সদস্যদের অনেকেই পরিকল্পিতভাবে আমাদের বেতন বৃদ্ধিতে বাধা দিচ্ছে। তাই তাদের বিরুদ্ধেই আমাদের আন্দোলন।' এদিন ফিন্যান্স অফিসার, চিফ ইঞ্জিনিয়ার সহ বিভিন্ন দপ্তরে গিয়েও হইচই করেন আন্দোলনকারীরা।

পরিকল্পিতভাবে তাঁদের বিরুদ্ধে কর্মীদের উসকে দেওয়া হচ্ছে বলে পালটা অভিযোগ তুলেছেন কমিটির একাধিক সদস্য। বিষয়টি নিয়ে ইতিমধ্যেই বিশ্ববিদ্যালয়ের আধিকারিক সমিতিতেও আলোচনা হয়েছে। কীভাবে রেজিস্ট্রারকে পাঠানো গুরুত্বপূর্ণ চিঠি বাইরে ফাঁস হয়ে গেল তা নিয়েও প্রশ্ন তুলেছেন আধিকারিকরা। এক আধিকারিকের বক্তব্য, 'আসলে ভারপ্রাপ্ত রেজিস্ট্রার জানেন এই মুহূর্তে রাজ্য সরকারের অনুমোদন ছাড়া কোনওভাবেই অস্থায়ী কর্মীদের বেতন বাড়ানো যাবে না। তাই তিনি বুঝেশুনেই এমন লোকেদের কমিটির সদস্য করেছেন যাঁরা আইনের প্রশ্ন তুলবেন। আর সেই সদস্যরা বেতন বাড়াতে চাইছেন না একথা ছড়িয়ে তাঁদের ঘাড়ে দোষ চাপাবেন। পুরোটাই পরিকল্পনামাফিক করা।

কমিটির সদস্য এবং বিশ্ববিদ্যালয় টিচার্স কাউন্সিলের সম্পাদক অর্ধেন্দু মণ্ডলের কথা, 'আইন ভেঙে বেতন বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত হলে কমিটির সদস্য হিসাবে পরবর্তীতে দায়ভার আমার কাঁধেই চাপবে। তাই রেজিস্ট্রারকে চিঠি দিয়ে আইন মেনে কাজ করার কথা বলেছি। তাতে যে যা খুশি বলতে পারে।' তবে বয়কটের ডাক দিয়ে কোনও অনুশোচনা নেই তন্ময়ের। তাঁর বক্তব্য, 'যা বলেছি সচেতনভাবেই বলেছি। বিশ্ববিদ্যালয়ের অন্য নানা খাতে অর্থ খরচ হলেও আমাদের সময়ই নানা অজুহাত দিচ্ছেন কয়েকজন শিক্ষক ও আধিকারিক।' ভাস্কর ছুটিতে আছেন। বাংলার শিক্ষক উৎপল মণ্ডলকে রেজিস্ট্রারের দায়িত্ব দিয়ে গিয়েছেন তিনি। জয়েন্ট রেজিস্ট্রার বা ডেপুটি রেজিস্ট্রার থাকতেও কেন উৎপলকে দায়িত্ব দেওয়া হল তা নিয়েও কয়েকদিন ধরে আধিকারিক মহলে তোলপাড় চলছে। এদিন একাধিকবার ফোন করেও ভাস্করকে পাওয়া যায়নি। উৎপলের মোবাইল সুইচড অফ বলেছে। মহেন্দ্রনাথ অবশ্য যাবতীয় বিতর্ক এড়িয়ে গিয়েছেন। তাঁর দায়সারা কথা, 'যা করার সবটাই রেজিস্ট্রার করেছেন। কেন অস্থায়ী কর্মীরা আন্দোলন করছে তা-ও জানি না।' উপাচার্যহীন বিশ্ববিদ্যালয় চলছে রাজ্য শিক্ষা দপ্তরের নির্দেশে। ভারপ্রাপ্ত রেজিস্ট্রারের সঙ্গে শিক্ষামন্ত্রীর সুসম্পর্কের কথা কারও অজানা নয়। আন্দোলনকারীদের নেতা রণজিৎ তৃণমূল শিক্ষাবন্ধু সমিতির রাজ্য কমিটির সদস্য। আন্দোলনকারীদের অনেকেই বলছেন, শিক্ষা দপ্তরের সঙ্গে আলোচনা করে তাদের অনুমোদন নিয়ে সহজেই বেতন বৃদ্ধি সংক্রান্ত সমস্যা মেটাতে পারেন তাঁরা। সেই পথে না হেঁটে কেন কমিটি নিয়ে ক্যাম্পাসে আন্দোলন করছেন তা নিয়েও উঠেছে প্রশ্ন।

### শাসকদলের আন্দোলনে ক্ষোভ





## অপসারিত উপাচার্য




**মালদা ও কলকাতা, ২৭ অগাস্ট:** রাজভবনের কোপের মুখে এবার গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তী উপাচার্য পবিত্র চট্টোপাধ্যায়। দুর্নীতি ও কর্তব্যে গাফিলতির অভিযোগে তাঁকে অপসারণ করলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। মঙ্গলবার রাতে রাজভবন থেকে অপসারণ সংক্রান্ত ই-মেল সরাসরি এসে পৌঁছেছে উপাচার্যের কাছে। জারি হয়েছে বিজ্ঞপ্তিও। ওই নির্দেশিকা পাওয়ার কথা স্বীকার করে নিয়েছেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বিশ্বজিৎ দাস। বুধবার তিনি বলেন, 'অপসারণের ই-মেলটি উপাচার্য আমাকে ফরওয়ার্ড করে দিয়েছেন। তিনি আমাকে নির্দেশ দিয়েছেন এখন থেকে তাঁর কাছে আর কোনও ফাইল না পাঠাতে।' রেজিস্ট্রারের দাবি, 'উচ্চশিক্ষা দপ্তরে সব জানিয়েছি। তারা আমাকে অপেক্ষা করতে বলেছে।'

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গিয়েছে, উপাচার্য তাঁর দায়িত্ব পালনে ব্যর্থ। কারণ বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠান ২৫ অগাস্ট করতে নির্দেশ দিয়েছিলেন আচার্য। কিন্তু তা করতে ব্যর্থ হন উপাচার্য। এর পরেই রাজ্যপালের নির্দেশে তাঁকে পদ থেকে সরিয়ে দেওয়া হয় বলে খবর। এছাড়াও বিশ্ববিদ্যালয় চত্বরে কান পাতলে শোনা যাচ্ছে, অপসারণের পিছনে রয়েছে একাধিক দুর্নীতির অভিযোগ। গত ৯ বছর ধরে গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ে কোনও সমাবর্তন অনুষ্ঠান হয়নি। শুধু সমাবর্তন নয়, দীর্ঘ কয়েকবছর ধরে অনৈতিকভাবে অর্থ আদায়ের অভিযোগ উঠছিল অন্তর্বর্তী উপাচার্যের বিরুদ্ধে। কলকাতা হাইকোর্টে সেই আর্থিক অনিয়মের বিরুদ্ধে দায়ের হয়েছে মামলাও। যদিও রেজিস্ট্রারের বক্তব্য, "হঠাৎ করে তো কর্তব্যের গাফিলতি কিংবা দুর্নীতি বলা যায় না।

যে কোনও বিশ্ববিদ্যালয়ে কোনও দুর্নীতি হলে একটা 'এনকোয়ারি কমিটি' করে রাজ্য সরকার। সত্যতা প্রমাণ হলে তখন ব্যবস্থা নেওয়া হয়।"

## বন্ধ বাগানে বোনাসের দাবি মনোজের

**নবনীতা মণ্ডল ও মোস্তাক মোরশেদ হোসেন**

**নয়াদিল্লি ও বীরপাড়া, ২৭ অগাস্ট :** আগ বাড়িয়ে চা বাগানের মালিকদের সংগঠনগুলিকে এবছর শ্রমিক কর্মচারীদের ২০ শতাংশ হারে পুজো বোনাস দেওয়ার 'পরামর্শ' দিয়েছেন শ্রমমন্ত্রী মলয় ঘটক। শ্রম দপ্তরের ওই পদক্ষেপ নিয়ে চা বলয়ে ইতিমধ্যেই প্রচারে নেমেছে তৃণমূল। আরেকধাপ এগিয়ে বুধবার আলিপুরদুয়ারের বিজেপি সাংসদ মনোজ টিগ্গা দাবি করলেন, উত্তরবঙ্গের বন্ধ ১৪টি চা বাগানের শ্রমিক কর্মচারীদেরও ২০ শতাংশ হারে বোনাস দিতে হবে। তৃণমূলের চা শ্রমিক সংগঠনের নেতাদের বক্তব্য, সাংসদের ওই দাবি অবাস্তব। রাজনৈতিক মহলে জল্পনা, তৃণমূলের তিরে তৃণমূলকেই বিদ্ধ করতে মনোজের ওই দাবি। কারণ চা শ্রমিকরাই তরাই-ডুয়ার্সে ভোটের ফলের নির্ণায়ক।

তৃণমূল চা বাগান শ্রমিক ইউনিয়নের সহ সভাপতি উত্তম সাহার বক্তব্য, 'তৃণমূল সরকার ক্ষমতায় আসার পর থেকে চা শ্রমিকদের স্বার্থে একের পর এক পদক্ষেপ করেছে। শ্রমমন্ত্রীর ২০ শতাংশ বোনাসের পরামর্শ এরই একটি ধাপ। বন্ধ বাগানগুলি খোলার চেষ্টা চলছে। তবে বন্ধ বাগানের শ্রমিক কর্মচারীদের পুজো বোনাস দেওয়ার দাবি অবাস্তব। মালিকপক্ষই নেই! বোনাস দেবে কে?'

আর বিটিডব্লিউইউয়ের সাধারণ সম্পাদক রাজেশ বারলার মন্তব্য, 'বন্ধ বাগানে বোনাস দিক রাজ্য সরকার। এতদিন বোনাসের হার নির্ধারিত হত মালিক, শ্রমিকপক্ষ এবং শ্রম দপ্তরের ত্রিপাক্ষিক বৈঠকে। এবছর একতরফা সিদ্ধান্ত নিয়েছে শ্রম দপ্তর। তাহলে বন্ধ বাগানে বোনাস দেওয়াও শ্রম দপ্তরের কর্তব্য।'

বন্ধ বাগানের শ্রমিক কর্মচারীরা প্রতি মাসে ১৫০০ টাকা করে ফাওলই নামে বিশেষ ভাতা পান। তবে রুজির সংস্থানে ওই টাকার অঙ্ক খুবই কম, অভিযোগ বিজেপি সাংসদ তথা বিটিডব্লিউইউয়ের চেয়ারম্যান মনোজের। তাঁর দাবি, প্রতিটি বন্ধ বাগানের শ্রমিকদের জন্য বছরে ১৮ হাজার টাকা করে গ্রোথ ইনকাম ধার্য করে তার ২০ শতাংশ অর্থাৎ ৩৬০০ টাকা করে পুজো বোনাস দেওয়া হোক। মনোজ বলেছেন, 'বন্ধ বাগানের শ্রমিক কর্মচারীদের বোনাস দেওয়া না হলে উত্তরবঙ্গজুড়ে আন্দোলন করব।'

উত্তরবঙ্গে বর্তমানে ১৪টি বন্ধ চা বাগানে সংকটে কমবেশি ১৫ হাজার শ্রমিক-কর্মচারী। বীরপাড়ার ভুটান সীমান্তের লঙ্কাপাড়া চা বাগানটি ২০১৫ সালের এপ্রিল মাস থেকে বন্ধ। ওই বাগানের এলবি লাইনের বাসিন্দা শ্রমিক উদয় লামা বুধবার বলেন, 'বন্ধ বাগানে বোনাস নিয়ে সাংসদের দাবি প্রশংসনীয়। আমরা অত্যন্ত কঠিন পরিস্থিতিতে রয়েছি। চা গাছগুলি নষ্ট হয়ে যাচ্ছে। বর্তমানে চা পাতা মেলে খুবই কম। আর্থিক অনটনের কারণে পুজোয় সন্তানসন্ততিদের জামাকাপড়ও দিতে পারি না। আশা করছি মুখ্যমন্ত্রী এবছর আমাদেরও পুজো বোনাস দেবেন।' কালচিনির বন্ধ দলসিংপাড়া চা বাগানের শ্রমিক রিনা গুরুংয়ের বক্তব্য, 'পুজো বোনাস নিয়ে আন্দোলনের জেরেই বাগান বন্ধ হয়ে যায়। আমরা তো ফাওলইও পাই না। সরকার যখন ২০ শতাশ বোনাসের কথা বলছে। তাহলে আমাদেরও দেওয়া হোক। সেইসঙ্গে বাগানটাও খোলা হোক।'

## খুলছে তিস্তা সেতু

**জলপাইগুড়ি, ২৭ অগাস্ট :** আগামী ৩১ অগাস্ট থেকে চলাচলের জন্য গজলডোবার তিস্তা ব্যারেজের সেতু খুলে দেওয়া হচ্ছে। সেতু সংস্কারের পর তিস্তা ব্যারেজ কর্তৃপক্ষের টেকনিকাল টিমের তরফে সেতুর স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট জেলা প্রশাসনের কাছে জমা পড়েছে। তারপরই সেতু ব্যবহারের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। একটি অনুষ্ঠান করে যানবাহন চলাচলের জন্য সেতু খুলে দেওয়া হবে বলে জেলা শাসক শামা পারভিন জানিয়েছেন।

## জীবনের রেট চার্ট

*প্রথম পাতার পর*

ওই পিসি আবার তৃণমূল কাউন্সিলার। ইডি তাঁকে বৃহস্পতিবার তলব করেছে। চাকরি না দিতে পেরে টাকা ফেরানোর খোঁজও মিলেছে। ইডি জানতে পেরেছে, একজন প্রার্থীকে ৭ লক্ষ টাকা ফেরত দিয়েছিলেন জীবনকৃষ্ণ। বিধায়কদের বিরুদ্ধে কোনও পদক্ষেপ করতে হলে নিয়মমাফিক বিধানসভার অধ্যক্ষকে জানাতে হয়। পার্থ চট্টোপাধ্যায়, জ্যোতিপ্রিয় মল্লিক সহ শাসকদলের একাধিক মন্ত্রী-বিধায়ককে গ্রেপ্তারের পরে তা না জানানোয় সিবিআই, ইডিকে বিধানসভায় তলব করেছিলেন অধ্যক্ষ। জীবনকৃষ্ণের গ্রেপ্তারির পর ইডি অবশ্য সরকারিভাবে বিধানসভার সচিবালয়কে চিঠি দিয়ে জানিয়েছে। বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বুধবার বলেন, 'গতকাল ইডি'র চিঠি পেয়েছি। আইন অনুযায়ী তদন্তের স্বার্থে তারা পদক্ষেপ করতেই পারে।' বিধানসভার স্টেট ব্যাংকে জীবনকৃষ্ণের যে সেভিংস অ্যাকাউন্ট আছে, তদন্তের স্বার্থে সেটি ইডি সিল করতে চলেছে। সিবিআইয়ের হাতে গ্রেপ্তার হওয়ার সময় ওই অ্যাকাউন্টগুলি সিজ করে দেওয়া হয়েছিল। সুপ্রিম কোর্ট থেকে জামিনে মুক্ত হওয়ার পর সেই অ্যাকাউন্টে আবার লেনদেনের অনুমতি দেওয়া হয়েছিল। ইডি গ্রেপ্তার করার আগে পর্যন্ত ওই অ্যাকাউন্টটিতে যেসব লেনদেন, তা খতিয়ে দেখতে চাইছে ইডি।

## গরুমারায় অতিথি

*প্রথম পাতার পর*

কারণ এই দুই জায়গায় বেড়াতে গেলে গন্ডারের দেখা পাওয়া না কি নিশ্চিত। সেদিক থেকে নতুন শাবকের খবর ছড়িয়ে পড়তেই পর্যটন ব্যবসায়ীরাও যারপরনাই খুশি হয়েছেন। ধূপঝোরা এলিফ্যান্ট ক্যাম্পকে এলিফ্যান্ট হাব হিসেবে গড়ে তুলছে বন্যপ্রাণ দপ্তর। এখানকার পিলখানায় হাতির সঙ্গে সেলফি (এলফি) তোলা থেকে হাতিকে নদীতে স্নান করানোর অভিজ্ঞতা শুধুমাত্র ধূপঝোরার কটেজে থাকা পর্যটকরাই পেয়ে থাকেন। কিন্তু ডুয়ার্সে বেড়াতে আসা অন্য পর্যটকরা ধূপঝোরায় হাতিকে স্নান করানোর অভিজ্ঞতা থেকে বঞ্চিত হচ্ছেন। দ্রুত সাধারণ পর্যটকদের কাছে যেন এই অভিজ্ঞতা পৌঁছে দেওয়া যায়, সেই দাবি করা হয়েছিল পর্যটক মহল থেকে। ডিএফও বলেন, 'ধূপঝোরায় সাধারণ পর্যটকের জন্য হাতিকে স্নান করানোর অভিজ্ঞতা চালু করার জন্য আমরা রাজ্য থেকে অনুমতি চেয়েছিলাম। সেই অনুমতি পেয়েছি। খুব শীঘ্রই সাধারণ পর্যটকরাও এই অভিজ্ঞতার শরিক হতে পারবেন।

## বৈষ্ণোদেবীর পথে

*প্রথম পাতার পর*

জম্মু-কাশ্মীরের মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলেন তিনি। মৃতদের পরিবারকে ৯ লক্ষ টাকা ক্ষতিপূরণ ঘোষণা করা হয়েছে। প্রবল বর্ষণ, বন্যা ইত্যাদিতে বিপর্যস্ত পঞ্জাবের মাধোপুরও। সেখানে সেনার তৎপরতায় এক বহুতল থেকে হেলিকপ্টারের সাহায্যে ২২ জন সিআরপিএফ জওয়ান এবং তিন নাগরিককে উদ্ধারের কাজ শেষ হতেই প্রবল বর্ষণে হুড়মুড়িয়ে ভেঙে পড়ে বহুতলটি! বুধবার ভোরে ঘটনাটি ঘটে। ঘটনার ভিডিও ছড়িয়ে পড়ে সমাজমাধ্যমে। হিমাচলপ্রদেশ ও উত্তরাখণ্ডেও দুর্যোগ এখনও শেষ হয়নি।

## বাণিজ্যে কোপ

*প্রথম পাতার পর*

বিশ্বের মোট ২২০টি দেশে ভারতীয় পণ্য রপ্তানি হয়। যেসব দেশের সঙ্গে আলোচনা চলছে, তাদের সঙ্গে আগে থেকেই ভারতের আর্থিক লেনদেন রয়েছে। একাধিক দেশের সঙ্গে আছে মুক্ত বাণিজ্য চুক্তিও। সেইসব চুক্তি ও পরিকাঠামোকে কাজে লাগিয়েই ঘাটতি পুষিয়ে নেওয়ার পরিকল্পনা করা হয়েছে। দ্বিপাক্ষিক সম্পর্কে টানাপোড়েন রয়েছে, এমন কয়েকটি দেশের সঙ্গেও আলোচনা চালাচ্ছে কেন্দ্রীয় বাণিজ্যমন্ত্রক। তুরস্ক সেরকমই একটি দেশ।

যে দেশগুলির সঙ্গে আলোচনা চলছে, মিলিতভাবে সেই দেশগুলি এখন ৫৯ হাজার কোটি ডলারের ভারতীয় পোশাক আমদানি করে। ভারতীয় উপমহাদেশের কয়েকটি দেশেও পণ্য রপ্তানি বাড়ানোর পরিকল্পনা করছে কেন্দ্র। সংশ্লিষ্ট দেশগুলির সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্কের কথা মাথায় রেখে সেই পরিকল্পনা করা হচ্ছে। বিকল্প হিসাবে ভারতের ৩৭ বিলিয়ন ডলারের পোশাক রপ্তানির সিংহভাগ বরাত ভিয়েতনাম, বাংলাদেশ ও চিনের ঝুলিতে যেতে পারে বলে মনে করা হচ্ছে।

ভারতের বিদেশ প্রতিমন্ত্রী কীর্তিবর্ধন সিংয়ের আশ্বাস, 'আমাদের অর্থনীতি খুব শক্তিশালী। আমাদের শিল্প ক্ষেত্রও শক্তিশালী। আমরা কখনোই দেশকে সংকটে পড়তে দেব না।' দিনের শেষে আশার কথা শুনিয়েছেন আমেরিকার ট্রেজারি সচিব স্কট বেসেন্টও। তিনি বলেন, 'ভারত বিশ্বের বৃহত্তম গণতন্ত্র এবং আমেরিকা বৃহত্তম অর্থনীতি। আমার আশা, দুই দেশ আবার একজোট হবে।' যদিও ডোনাল্ড ট্রাম্পের মনোভাব আঁচ করে আমেরিকার সঙ্গে বাণিজ্য চুক্তি স্বাক্ষরে তাড়াহুড়ো করতে চাইছে না ভারত। তবে আমেরিকার রক্তচক্ষুতে রাশিয়া থেকে তেল আমদানিতে লাগাম টানা হবে না, তা ভারত বুঝিয়ে দিচ্ছে। ২০২২-'২৫-এর মধ্যে রাশিয়া থেকে সস্তায় তেল আমদানি করে ১৭ বিলিয়ন ডলার সাশ্রয় করেছে ভারত।

## হোমের মেধাবী এগারোয় কোচবিহারের ৭

**গৌরহরি দাস**

**কোচবিহার, ২৭ অগাস্ট :** গোটা রাজ্যের সরকারপোষিত হোমগুলির মধ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফলের বিচারে শীর্ষস্থান পাওয়া ১১ জন ছাত্রীর মধ্যে কোচবিহারের নিরাশ্রয় নারী ও শিশু সেবা ভবনের সাত ছাত্রী রয়েছে। আগামী ৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবসে কলকাতার নিউটাউনে উৎসারি ব্যাংকোয়েট হলে সরকারের তরফে আনুষ্ঠানিকভাবে তাদের হাতে পুরস্কার তুলে দেওয়া হবে।

কোচবিহার শহর লাগোয়া চাকির মোড় সংলগ্ন এলাকায় রয়েছে অনাথ ও দুঃস্থ মেয়েদের জন্য 'নিরাশ্রয় নারী ও শিশু সেবা ভবন হোম'। ১৯৫৬ সালে প্রতিষ্ঠিত হোমটি মেয়েদের জন্য সরকারি জনশিক্ষা প্রসার দপ্তরের অধীনস্থ। হোমটিতে প্রথম থেকে দ্বাদশ শ্রেণির পড়ুয়া, অনাথ ও দুঃস্থ মেয়েরা থাকে। বর্তমানে হোমটিতে ১২৩ জন আবাসিক রয়েছে। রাজ্যের সরকারপোষিত হোমের যেসব আবাসিকরা এ বছর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় দিয়েছে, ফলাফলের ভিত্তিতে সরকারের তরফে কৃতীদের তালিকা তৈরি করা হয়েছে। উচ্চমাধ্যমিক পরীক্ষায় কৃতীদের তালিকায় পাঁচজন মেয়েকে স্থান দেওয়া হয়েছে। দেখা গিয়েছে, শুধুমাত্র দ্বিতীয় স্থানটি বাদে বাকি চারজনই কোচবিহারের 'নিরাশ্রয় নারী ও শিশু সেবাভবন' হোমের ছাত্রী। এরা হল জয়িতা বর্মন, পিউলি কার্জি, কমলিকা বর্মন ও প্রতিমা বর্মন। এর মধ্যে জয়িতা বর্মন প্রথম হয়েছে।

মাধ্যমিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে রাজ্যের প্রথম ৬ ছাত্রীকে বেছে নেওয়া হয়েছে। এর মধ্যেও

**কোচবিহার**

প্রথম স্থান সহ মোট তিনজন কোচবিহারের এই হোমের আবাসিক। এরা হলেন অপরূপা বর্মন, জয়িতা বর্মন ও শর্মিলা দাস। প্রথম স্থান অধিকার করেছে অপরূপা।

হোমের সম্পাদক অলক রায় বলেন, 'মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফলে শীর্ষ ১১ জনের মধ্যে আমাদের হোমেরই ৭ জন মেয়ে রয়েছে। এতে আমরা খুবই খুশি এবং গর্বিত।'

## কৃষিবিজ্ঞান কর্মশালা

**কোচবিহার, ২৭ অগাস্ট :** কোচবিহারে আসছেন পশ্চিমবঙ্গ, ওড়িশা ও আন্দামান নিকোবর সহ বিভিন্ন রাজ্যের কৃষিবিজ্ঞানীরা। বৃহস্পতি ও শুক্রবার উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ে কলকাতা জোনের কৃষিবিজ্ঞান কেন্দ্রগুলির বাৎসরিক কর্মশালা রয়েছে। সেখানে কৃষি সম্প্রসারণ, বিকশিত কৃষি সংকল্প অভিযান সহ বিভিন্ন বিষয়ে আলোচনা হবে।

## চিতাবাঘের শিকার

*প্রথম পাতার পর*

ডুয়ার্সে চিতাবাঘের হামলায় মৃত্যুর ঘটনা বেড়েই চলেছে। এই নিয়ে আংরাভাসা ও লাগোয়া এলাকায় গত এক বছরে মানুষের উপর আক্রমণ করল চিতাবাঘ। গত ১৮ জুলাই কলাবাড়ি চা বাগানের হুলাশ লাইনে বাড়ির উঠোন থেকে আয়ুষ নাগার্চি নামে এক শিশুকে তুলে নিয়ে যায় একটি চিতাবাঘ। সেই শোকের ক্ষত এখনও শুকোয়নি। গত বছরের ১৯ অক্টোবর সন্ধ্যায় আংরাভাসা ১ গ্রাম পঞ্চায়েতের খেরকাটা গ্রাম থেকে সুশীলা গোয়ালা নামে চতুর্থ শ্রেণির এক ছাত্রীকে বাড়ির উঠোন থেকে তুলে নিয়ে গিয়েছিল একটি চিতাবাঘ। পরে খেরকাটার জঙ্গল থেকে তার দেহ উদ্ধার হয়। গত বছরেরই ৫ জুলাই তোতাপাড়া চা বাগানে শাক তুলতে গিয়ে চিতাবাঘের হামলায় মারা যায় ৮ বছর বয়সি একটি শিশু। নাগরাকাটা ও লাগোয়া বানারহাট ব্লকে গত এক বছরে চিতাবাঘের হামলায় জখম হওয়ার সংখ্যাও বহু। বৃহত্তর ডুয়ার্স ধরলে ২০২৩-এর ১১ সেপ্টেম্বর আলিপুরদুয়ার জেলার বীরপাড়া থানার ঢেকলাপাড়া চা বাগানের নেপানিয়া ডিভিশনে চিতাবাঘের আক্রমণে মৃত্যু হয় সানি ওরাওঁ নামে আরেক শিশুর। পরে আরও এরকম ঘটনা অনেক ঘটে গিয়েছে।

## শিবিরে অসুস্থ শিশু

**ধূপগুড়ি, ২৭ অগাস্ট :** আমাদের পাড়া আমাদের সমাধান শিবিরে মায়ের কোলে অসুস্থ হয়ে পড়ল ষোলো মাসের এক শিশু। বুধবারের এই ঘটনা ঘটে। মধ্য বোরাগাড়ি প্রাথমিক স্কুলে চলা ওই শিবিরে। তড়িঘড়ি শিশুটিকে ধূপগুড়ি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। শুরু হয় চিকিৎসা। এদিন বিকেলের খবর, চিকিৎসার পর শিশুটির অবস্থা স্থিতিশীল।

## পাহাড়ে কলেজ, বরাদ্দ ৪০ কোটি

**শিলিগুড়ি, ২৭ অগাস্ট :** এক যুগের বেশি সময় পেরিয়ে অর্থবরাদ্দ হল পাহাড়ের ইঞ্জিনিয়ারিং কলেজের। দার্জিলিং হিল ইনস্টিটিউট অফ টেকনলজি অ্যান্ড ম্যানেজমেন্টের (ডিএইচআইটিএম) জন্য ৪০ কোটি টাকা বরাদ্দ হল। ২০১২ সালে পাহাড়ে ইঞ্জিনিয়ারিং কলেজ তৈরির সিদ্ধান্ত নেয় কেন্দ্রীয় সরকার। ওই বছরই শিক্ষাপ্রতিষ্ঠানটির শিলান্যাস করেন গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের (জিটিএ) তৎকালীন চিফ এগজিকিউটিভ বিমল গুরুং। কিন্তু পরবর্তীতে রাজনৈতিক টানাপোড়েন, নতুন করে গোর্খাল্যান্ড আন্দোলনের জেরে কলেজ তৈরির আর কোনও কাজ হয়নি।

বুধবার এক প্রেস বিজ্ঞপ্তি দিয়ে দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্ট শিক্ষাপ্রতিষ্ঠানটি গড়ে তোলার ক্ষেত্রে অর্থবরাদ্দের কথা জানান। তিনি জানান, তাকদা ভ্যালিতে ইঞ্জিনিয়ারিং কলেজটি গড়ে তোলার ক্ষেত্রে ৪০ কোটি টাকা খরচ হবে। যার পুরোটাই ব্যয় করবে ন্যাশনাল হাইড্রো ডেভেলপমেন্ট কর্পোরেশন (এনএইচপিসি)। পর্যায়ক্রমে এই টাকা দেবে বিদ্যুৎ উৎপাদক সংস্থাটি। অর্থবরাদ্দ হওয়ায় কিছুদিনের মধ্যে কলেজ তৈরির কাজ শুরু হয়ে যাবে বলে সাংসদের বক্তব্য।

পাহাড়ে যাতে প্রস্তাবিত ইঞ্জিনিয়ারিং কলেজটি হয়, তার জন্য নানানভাবে সহযোগিতা করেন জিটিএ-র বর্তমান চিফ এগজিকিউটিভ অনীত থাপা। যা উল্লেখ করে তাঁকে ধন্যবাদ জানান রাজু বিস্ট।

দার্জিলিংয়ের সাংসদ বলেন, 'রাজনৈতিক কিছু কারণে সঠিক সময়ে শিক্ষাপ্রতিষ্ঠানটির কাজ শুরু করা যায়নি। তবে প্রধানমন্ত্রী উদ্যোগ নেওয়ায় এবং এনএইচপিসি সহযোগিতা করায়, এখন আর কাজ থেমে থাকবে না। দ্রুত কলেজ তৈরির কাজ শুরু হবে। পাহাড়ের পাশাপাশি তরাই ও ডুয়ার্সের যুবসমাজকে ইঞ্জিনিয়ারিং শিক্ষার জন্য আর অন্যত্র ছুটতে হবে না।'

## ডাক্তারের দেখা মিলল

*প্রথম পাতার পর*

পরিকাঠামোগত কোনও পরিবর্তন হয়নি আজও। রোগীদের সংখ্যা কয়েকগুণ বৃদ্ধি পেয়েছে। বহির্বিভাগে গড়ে প্রতিদিন রোগীর সংখ্যা কমপক্ষে ৪০০। আসলে ভৌগোলিক কারণেই এই হাসপাতালে রোগীর চাপ বেশি। পরিকাঠামোগত সমস্যায় ধুঁকছে হাসপাতাল।

সমস্যার কথা মানতে নারাজ ময়নাগুড়ি শহর লাগোয়া বাগজানের বাসিন্দা নকুল দে সরকার। তিনি এদিন এক মাসের নাতনিকে নিয়ে ইমার্জেন্সিতে এসেছিলেন চিকিৎসার জন্য। প্রায় এক ঘণ্টা অপেক্ষা করতে হয়েছে। প্রবল জ্বরে আক্রান্ত শিশুটি। নকুল বলেন, 'পরিকাঠামোগত সমস্যার কথা শুনিয়ে কোনও লাভ নেই। কোনও রোগীর অঘটন ঘটে গেলে তার দায়ভার কে নেবেন?' পুরসভার ১২ নম্বর ওয়ার্ড দেবীনগরপাড়ার বাসিন্দা পাপিয়া চৌধুরী এদিন সকাল আটটা নাগাদ তাঁর দাদা বরুণ চৌধুরীকে (৭৪) হাসপাতালে নিয়ে যান। দাদা শ্বাসকষ্টজনিত রোগে ভুগছিলেন। ফাঁকা ইমার্জেন্সিতে একটি বেডে বসে যন্ত্রণায় কাতরাচ্ছিলেন অবসরপ্রাপ্ত ওই সরকারি কর্মী। প্রায় এক ঘণ্টা অপেক্ষার পর তিনি চিকিৎসকের দেখা পান। পরে তাঁকে আশঙ্কাজনক অবস্থায় জলপাইগুড়ি সুপারস্পেশালিটি হাসপাতালে স্থানান্তরিত করা হয়। পাপিয়া বলেন, 'মৃত্যু পর্যন্ত হয়ে যেতে পারত। মুমূর্ষু রোগীকেও এক ঘণ্টা বসিয়ে রাখা হয়েছে। ডাক্তার ইন্ডোরে রাউন্ডে গিয়েছেন। অধৈর্য হয়ে পড়ছিলাম।' ৭ নম্বর ওয়ার্ডের বাসিন্দা পেশায় শিক্ষক শ্যামল বিশ্বাস। তাঁরও একই অভিযোগ। মেয়ে পঞ্চম শ্রেণির ছাত্রী সপ্তদীপা বারবার বমি করছিল। সঙ্গে অসহ্য পেটব্যথা। শ্যামল বলেন, 'হাসপাতালে মেয়েকে নিয়ে এসে হতভম্ব হয়ে গিয়েছি। আর এত সকালে যাব কোথায়?' আমগুড়ির বাসিন্দা কমল রায় বলেন, 'ছেলের ধুম জ্বর। বসে থাকতে পারছে না। পঁয়তাল্লিশ মিনিট দাঁড়িয়ে থেকে ইমার্জেন্সিতে ডাক্তার দেখানোর সুযোগ হল। কর্তৃপক্ষের কোনও খোঁজখবর নেই। এভাবেই চলছে।'

৬ এবং ৮ নম্বর ওয়ার্ডে ময়নাগুড়ি গ্রামীণ হাসপাতাল। ৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার বরুণ ঘোষ এবং ৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার প্রদ্যোৎ বিশ্বাস জানান, হাসপাতালে মাঝেমধ্যেই এই ধরনের ঘটনা ঘটছে। দু'মাস আগেও এই ধরনের ঘটনাকে কেন্দ্র করে তুমুল উত্তেজনা ছড়ায়। তাঁরা গিয়ে রোগীর পরিজনদের সঙ্গে কথাবার্তা বলায় পরিস্থিতি স্বাভাবিক হয়। এককথায় চরম চিকিৎসক সংকটে ভুগছে এই হাসপাতাল। ময়নাগুড়ি পুরসভার ভাইস চেয়ারম্যান মনোজ রায় বলেন, 'চিকিৎসকের সংখ্যা কম। সেই কারণেই মাঝেমধ্যেই এই ধরনের সমস্যা হচ্ছে। একজন ডাক্তারকেই ইমার্জেন্সি, ইন্ডোরে রাউন্ড এবং লেবার ওয়ার্ডের দিকে নজর রাখতে হচ্ছে। ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে এই সমস্যার কথা জানানো হয়েছে।'

## সংখ্যায় অশ্বীন

**১৮৭** আইপিএলে রবিচন্দ্রন অশ্বীনের উইকেট। যা টুর্নামেন্টে পঞ্চম সর্বাধিক।


**৯৭** চেন্নাই সুপার কিংসের জার্সিতে অশ্বীনের উইকেট সংখ্যা। যা সিএসকে-র তৃতীয় সর্বাধিক।

**২৫** অধিনায়ক হিসেবে অশ্বীনের উইকেট সংখ্যা। যা আইপিএলে অধিনায়কদের মধ্যে পঞ্চম সর্বাধিক।

**২২১** অশ্বীনের আইপিএলে ম্যাচের সংখ্যা। আইপিএলে যে ১০ জন ২০০-র বেশি ম্যাচ খেলেছেন অশ্বীন তাদের অন্যতম।

**১৬৬৩** আইপিএলে অশ্বীন ১৬৬৩ ডট বল করেছেন। যা টুর্নামেন্টে তৃতীয় সর্বাধিক।

**৪৭১০** অশ্বীনের আইপিএলে বলের সংখ্যা। যা প্রতিযোগিতার ইতিহাসে সর্বাধিক।



### একনজরে আইপিএল কেরিয়ার

**দল**
চেন্নাই সুপার কিংস : ২০০৮-২০১৫ ও ২০২৫
রাইজিং পুনে সুপারজায়েন্ট : ২০১৬
কিংস ইলেভেন পাঞ্জাব : ২০১৭ ও ২০১৮
দিল্লি ক্যাপিটালস : ২০২০ ও ২০২১
রাজস্থান রয়্যালস : ২০২২-২০২৪

প্রথম ম্যাচ : ১৮ এপ্রিল, ২০০৯
দল : চেন্নাই সুপার কিংস
প্রতিপক্ষ : মুম্বই ইন্ডিয়ান্স
শেষ ম্যাচ : ২৩ মার্চ, ২০২৫
দল : চেন্নাই সুপার কিংস
প্রতিপক্ষ : মুম্বই ইন্ডিয়ান্স

ম্যাচ : ২২১ । উইকেট : ১৮৭ । ম্যাচে ৪ উইকেট : ১ বার

সেরা বোলিং : ৩৪/৪ বনাম কিংস ইলেভেন পাঞ্জাব (রাইজিং পুনে সুপারজায়েন্টের জার্সিতে)

রান : ৮৩৩ । সর্বাধিক : ৫০

আইপিএল খেতাব
২০১০, ২০১১
(চেন্নাই সুপার কিংস)

# আইপিএলকেও অলবিদা অশ্বীনের

**চেন্নাই, ২৭ অগাস্ট :** ভারতীয় অবসরের মরশুম।

টেস্টের পর এবার আইপিএল থেকেও অবসর ঘোষণা রবিচন্দ্রন অশ্বীনের। ২০০৮ সালে উদ্বোধনী আইপিএল থেকে মেগা লিগের সঙ্গে জড়িয়ে ছিলেন। ১৮ বছরের দীর্ঘ সম্পর্কে আজ ইতি টেনে দিলেন ভারতের সফলতম অফস্পিনার। সমাজমাধ্যমে পোস্ট করে অশ্বীন জানিয়েছেন, মেগা লিগে তাঁর সময় শেষ। আইপিএলকে অলবিদা জানিয়ে নতুন ইনিংস শুরু করতে চান।

শুরুটা করেছিলেন চেন্নাই সুপার কিংসের হলুদ জার্সিতে। ২০০৮ থেকে ২০১৫, লম্বা সময় খেলেছিলেন নিজের শহরের ফ্র্যাঞ্চাইজির হয়ে। পরবর্তী সময়ে রাইজিং পুনে সুপারজায়েন্ট, দিল্লি ক্যাপিটালসের সাজঘরের গুরুত্বপূর্ণ সদস্য। কিংস ইলেভেন পাঞ্জাবের অধিনায়কের গুরুদায়িত্বও সামলেছেন। রাজস্থান রয়্যালস হয়ে শেষটা সেই চেন্নাই সুপার কিংসের জার্সিতেই।

আইপিএল সাফারিতে ইতি টানার জন্য বেছে নিলেন গণেশ চতুর্থীর পুণ্যদিনকে। এক্স হ্যান্ডেলে বিদায়ি বার্তায় অশ্বীন লিখেছেন, 'স্পেশাল দিন। নতুন শুরুর অপেক্ষা। প্রতিটি শেষ মানে, নতুন শুরুর হাতছানি। ক্রিকেটার হিসেবে আইপিএলে আমার সময় আজ শেষ হল। একই সঙ্গে খুলে গেল বিশ্বজুড়ে চলতে থাকা বিভিন্ন লিগের দরজাও। দীর্ঘ আইপিএলে সফরে পাশে থাকার জন্য সমস্ত ফ্র্যাঞ্চাইজিকে ধন্যবাদ। কৃতজ্ঞ আইপিএল, ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের কাছে। চিরকাল মনের মণিকোঠায় থেকে যাবে আইপিএলকে ঘিরে অসাধারণ সব মুহূর্ত, সম্পর্কের স্মৃতি।'

২০০৮ সালে চেন্নাই দলে যোগ দিলেও কোনও ম্যাচ খেলার সুযোগ পাননি প্রথম মরশুমে। ২০০৯-এ আইপিএল অভিষেক। মেগা লিগে উইকেটের খাতা খুলেছিলেন শ্রীলঙ্কান কিংবদন্তি কুমার সাঙ্গাকারার উইকেট নিয়ে। শেষ শিকার বছর ১৪-র বৈভব সূর্যবংশী। সাঙ্গাকারা থেকে সূর্যবংশী-মাঝের পর্বে অশ্বীনের স্পিনের জাদু রং ছড়িয়ে আইপিএলে। ২০১০ ও ২০১১, সিএসকে-র আইপিএল জয়ের অন্যতম কারিগরও ছিলেন।

বারবার জার্সি বদলেছেন। পাঁচটি বিভিন্ন ফ্র্যাঞ্চাইজির হয়ে খেলেছেন। কিন্তু বদলায়নি অশ্বীনের দাপট। শুধু স্পিন ম্যাজিক নয়, বিতর্কিত ঘটনায় বারবার খবরের শিরোনামে থেকেছেন। কখনও প্রতিপক্ষ ব্যাটারকে (জস বাটলার) 'মানকাড' রান আউটে বিতর্কের ঝড় বইয়ে দেওয়া তো, কখনও দলের স্বার্থে নিজেকে 'আউট' (আইপিএলে প্রথম রিটায়ার্ড আউট) করা। অশ্বীনের বিদায়ের সঙ্গে সঙ্গে আইপিএল হারাল লিগের অন্যতম সেরা বর্ণময় চরিত্রকে।

মেগা লিগে সাফল্যের পরিসংখ্যানও চোখে পড়ার মতো। মোট ২২১টি ম্যাচ খেলে ১৮৭ উইকেট নিয়েছেন। সর্বাধিক উইকেট শিকারির নিরিখে যা পঞ্চম সেরা। মারকাটারি মেগা লিগের ব্যাটিং ধারণার মাঝেও বোলিং নিয়ন্ত্রণে উজ্জ্বল হয়ে উঠেছিলেন অশ্বীন। ওভার পিছু রান দিয়েছেন আটের কম (৭.২)। একটা প্রান্তে ব্যাটারদের আটকে রেখে সতীর্থদের জন্য মঞ্চ গড়ে দিয়েছেন।



কিন্তু সব ভালোর শেষ আছে। গত কয়েক সপ্তাহ ধরে অশ্বীনের আইপিএল ভবিষ্যৎ নিয়ে টানাপোড়েন চলছিল। গতবার ৯.৭৫ কোটি টাকায় নিলাম থেকে তাঁকে দলে ফেরায় সুপার কিংস। যদিও প্রত্যাশিত সাফল্য পাননি। নিয়মিত জায়গাও মিলছিল না। ১৪ ম্যাচের মধ্যে খেলেন ৯টিতে। ওভার পিছু দিয়েছেন ৯.১২ রান। অশ্বীনের আইপিএল কেরিয়ার গড়ের চেয়ে অনেকটাই বেশি। খবর ভাসছিল, এবার অশ্বীনকে রাখতে চেন্নাই আগ্রহী নয়। সঞ্জু স্যামসনকে নেওয়ার জন্য অশ্বীনকে ছেড়ে দিতে পারে। ভারতের দ্বিতীয় সর্বাধিক টেস্ট উইকেট শিকারি যা হয়তো মানতে পারেননি।

মাথা উঁচু করে সরে দাঁড়ানোর ভাবনায় আইপিএলকেই বিদায়। যেমনটা করেছিলেন গত অস্ট্রেলিয়া সফরের মাঝে প্রিয় টেস্ট ফরম্যাটকে গুডবাই জানানোর সময়। অশ্বীনকে বসিয়ে নবাগত ওয়াশিংটন সুন্দরকে প্রাধান্য দেন হেডকোচ গৌতম গম্ভীর। মুখে কিছু না বললেও ভারতীয় ক্রিকেটের সর্বকালের সেরা অফস্পিনারের আত্মাভিমানে যা আঘাত করেছিল। নিজেকে সরিয়ে নিতে দুইবার ভাবেননি। আইপিএল অবসরেও যেন তারই পুনরাবৃত্তি।

আইপিএল অবসরের ফলে দক্ষিণ আফ্রিকা টি২০ লিগ সহ অন্যান্য বিদেশি টুর্নামেন্টের দরজা খুলে যাচ্ছে অশ্বীনের জন্য। বিগ ব্যাশ, সংযুক্ত আরব আমিরশাহি, ওয়েস্ট ইন্ডিজে অনুষ্ঠিত লিগও রয়েছে। নিজের রাজ্য তামিলনাড়ুর প্রিমিয়ার লিগ তো রয়েছেই। এদিন যার পরিষ্কার ইঙ্গিতও দিয়েছেন। এখন দেখার পরবর্তী ইনিংসে অশ্বীন কোন পথে হাঁটেন।

# এশিয়া কাপে পহলগাম ছায়া

**নয়াদিল্লি, ২৭ অগাস্ট :** দল ঘোষণা হয়ে গিয়েছে। আর কয়েকদিনের মধ্যেই চূড়ান্ত কাউন্টডাউনও শুরু হয়ে যাবে। কিন্তু তার আগে এশিয়া কাপের আসরে নয়া বিতর্ক। আর সেই বিতর্কের মধ্যে পহলগাম ছায়া।

গত ২৩ এপ্রিল জম্মু-কাশ্মীরের পহলগামে জঙ্গিহানার ঘটনা ঘটেছিল। প্রাণ হারিয়েছিলেন ২৬ জন। সেই ঘটনার পর ভারতীয় সেনার তরফে অপারেশন সিঁদুর করা হয়েছিল। আর তখনই ঠিক হয়েছিল, প্রতিবেশী পাকিস্তানের বিরুদ্ধে খেলা বন্ধ রাখার কথা। মাঝের কয়েক মাসে ছবিটা কিছুটা হলেও বদলেছে। কেন্দ্রীয় সরকারের অনুমতি নিয়েই দুবাইয়ে এশিয়া কাপ খেলতে যাচ্ছেন সূর্যকুমার যাদবরা। ১৪ সেপ্টেম্বর এশিয়া কাপের মহারণ। পরস্পরের মুখোমুখি হতে চলেছে ভারত-পাকিস্তান। তার আগে সম্প্রচারকারী চ্যানেলে একটি প্রোমো চালু করা হয়েছে। সেই প্রোমোতে ভারত অধিনায়ক সূর্যের পাশে পাকিস্তানের শাহিন শা আফ্রিদি রয়েছেন। আর রয়েছেন প্রাক্তন ক্রিকেটার বীরেন্দ্র শেহবাগ।

**বিতর্কে বীরু**

সম্প্রচারকারী চ্যানেলের প্রোমো সামনে আসতেই শুরু হয়েছে সমাজ মাধ্যমে প্রবল বিতর্ক। ভারতীয় ক্রিকেটপ্রেমীদের একটা বড় অংশ এশিয়া কাপে পাকিস্তানের বিরুদ্ধে ম্যাচ বয়কটের ডাক দিয়েছেন। পহলগাম কাণ্ডের পরও কেন হবে দুই প্রতিবেশীর ক্রিকেট ম্যাচ, সেই প্রশ্ন উঠেছে। প্রাক্তন ক্রিকেটার শেহবাগ নিজেও পহলগাম কাণ্ডের পর পাকিস্তানকে বয়কটের ডাক দিয়েছিলেন। এখন তিনি কেন তাঁর অবস্থান বদল করলেন, সেই প্রশ্নে তুলোধোনা করা হয়েছে জাতীয় দলের প্রাক্তন ওপেনিং ব্যাটারকে। পহলগাম কাণ্ড কখনও ভোলা যাবে না। অথচ, সেই ঘটনার পর কেন এশিয়া কাপে পাকিস্তানের বিরুদ্ধে খেলবেন শুভমান গিলরা, আর সেই ম্যাচের প্রোমো করবেন শেহবাগ, প্রশ্ন উঠে গিয়েছে। যদিও স্পর্শকাতর বিষয় নিয়ে শেহবাগ বা বিসিসিআইয়ের তরফে কোনও প্রতিক্রিয়া দেওয়া হয়নি। কিন্তু বিতর্ক চলছেই প্রবলভাবে।



গণেশ চতুর্থীতে বাড়িতে পুজোয় সূর্যকুমার যাদব। সঙ্গে স্ত্রী দেবিশা।

# নয়া ইনিংসে নতুন উচ্চতা, বার্তা অশ্বীনের স্ত্রীর

**চেন্নাই, ২৭ অগাস্ট :** স্বচ্ছ ক্রিকেট ভাবনা।

স্পিন বৈচিত্র্যে বর্তমান প্রজন্মে নিজেকে অন্যতম সেরা হিসেবে প্রতিষ্ঠিত করা। গুলে খেয়েছেন ক্রিকেট আইনকেও। আইনের মধ্যে থেকে কোনও কিছু করতে দুইবার ভাবতেন না। বোলিং প্রান্তে ব্যাটারদের অনৈতিক সুবিধা আটকাতে রানআউটের পথেও হেঁটেছেন। তাঁর ক্রিকেটীয় স্পিরিট নিয়ে প্রশ্ন উঠলেও কখনও সমালোচনাকে পাত্তা দেননি রবিচন্দ্রন অশ্বীন।

বাইশ গজে যে কোনও চ্যালেঞ্জ সামলাতে উদয় হয়েছেন নিত্যনতুন অস্ত্রের সম্ভার নিয়ে। মন্টি পানেসরের কাছে তিনি যথার্থ অর্থে

**স্পিন 'বিজ্ঞানী' বলছেন পানেসর**

স্পিনের বিজ্ঞানী। কারওর মতে অশ্বীনের অবসর আইপিএলের জন্য ক্ষতি। আগের মতো থাকবে না মেগা লিগ। অশ্বীনের স্ত্রী পৃথী নারায়ণ অবশ্য স্বামীর পরবর্তী ইনিংসের পথ চেয়ে। নতুনভাবে, নতুন রূপে, নতুন উচ্চতায় দেখতে চান প্রিয় মানুষটিকে।

রবিচন্দ্রন অশ্বীনের আইপিএল অবসর ঘোষণার পর প্রতিক্রিয়ায় সেই আবেগ ধরা পড়ল পৃথী নারায়ণের আবেগতাড়িত সোশ্যাল মিডিয়া পোস্টে। যেখানে অশ্বীন-ঘরনী লিখেছেন, 'আমি তোমাকে ভালোবাসি অশ্বীন। তোমাকে নতুন ভূমিকায় দেখার জন্য ছটফট করছি। মুখিয়ে আছি তোমাকে নতুন উচ্চতায় দেখার জন্য।'

সূত্রের খবর, ইংল্যান্ডের 'দ্য হান্ড্রেড' খেলার জন্য অশ্বীন নিজেও নাকি উৎসাহী। ইতিমধ্যে খোঁজখবরও নিয়েছেন। একাধিক দলও ভারতীয় অফস্পিনারকে নিয়ে আগ্রহী। সেক্ষেত্রে দুয়ে দুয়ে চার হলে, প্রথম ভারতীয় ক্রিকেটার হিসেবে 'দ্য হান্ড্রেডে' দেখা যাবে রবিচন্দ্রন অশ্বীনকে।



> আমি তোমাকে ভালোবাসি অশ্বীন। তোমাকে নতুন ভূমিকায় দেখার জন্য ছটফট করছি। মুখিয়ে আছি তোমাকে নতুন উচ্চতায় দেখার জন্য।
>
> **পৃথী নারায়ণ**
> (রবিচন্দ্রন অশ্বীনের স্ত্রী)

মন্টি পানেসরের কথায়, অশ্বীন হলেন যথার্থ অর্থে 'স্পিন বিজ্ঞানী'। ভারতীয় তারকার আইপিএল অবসর প্রসঙ্গে ইংল্যান্ডের প্রাক্তন স্পিনার বলেছেন, 'টি২০ ফরম্যাটে প্রথম ছাপ রাখে আইপিএলে। সময়ের সঙ্গে নিজেকে পরিণত, উন্নত করেছে। পরবর্তী সময়ে সমস্ত ফরম্যাটে সাফল্য পেয়েছে। ক্রিকেটের দারুণ ছাত্র। নতুন নতুন বল নিয়ে ব্যাটারদের সামনে হাজির হয়েছে। যথার্থ অর্থেই স্পিন বিজ্ঞানী।'

**চেন্নাই সুপার কিংস**
চিপকের নিজস্ব ক্যারম বল তারকা। ইয়োলো জার্সিতে প্রথমবার রানআপ থেকে বিশ্ব ক্রিকেটে দাপট দেখানো-আমাদের গর্বিত করেছ, সবকিছু দিয়েছ। আমাদের (চেন্নাই সুপার কিংস) ক্রিকেটীয় পরম্পরার অন্যতম স্তম্ভ। চিপককে দুর্গে পরিণত করার অন্যতম কারিগর।

**ইরফান পাঠান**
সাবাস দুরন্ত কেরিয়ারের জন্য। ভবিষ্যতের জন্য অনেক শুভেচ্ছা।

**মুনাফ প্যাটেল**
আগামী ইনিংসের জন্য অল দ্য বেস্ট আন্না।

**কলকাতা নাইট রাইডার্স**
তোমার অনুপস্থিতি আইপিএল আর আগের মতো থাকবে না। অ্যাশ আন্না পরবর্তী ইনিংসের জন্য তোমাকে অনেক শুভেচ্ছা।

**আজ শুরু দলীপ, ফিরছেন সামি**

# এশিয়া কাপের আগেই ফিটনেস পরীক্ষা গিলের

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৭ অগাস্ট :** তিনি এখন অনেকটা সুস্থ। সময়ের সঙ্গে তাল মিলিয়ে আরও সুস্থ হচ্ছেন শুভমান গিল।

কিন্তু তারপরও তাঁর ফিটনেস নিয়ে রয়েছে আশঙ্কা। সেই আশঙ্কা কাটানোর জন্যই ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের তরফে টেস্ট অধিনায়ক শুভমানকে বেঙ্গালুরুর সেন্টার অফ এক্সেলেন্সে (সিওএ) যোগ দিতে বলা হয়েছে। জানা গিয়েছে, আগামী রবি অথবা সোমবার বেঙ্গালুরুর সিওএ-তে হাজির হচ্ছেন শুভমান।

ইংল্যান্ড সফরে ব্যাট হাতে ৭৫৪ রানের পাশে টিম ইন্ডিয়াকে দুর্দান্ত নেতৃত্ব দিয়েছিলেন শুভমান। বিলেত থেকে দেশে ফেরার পর ছুটি কাটাচ্ছিলেন গিল। সেই সময়ই জ্বরে আক্রান্ত হন তিনি। আচমকা হওয়া ভাইরাল জ্বরে টিম ইন্ডিয়ার টেস্ট অধিনায়ক এতটাই কাবু হয়ে পড়েছিলেন যে, আগামীকাল থেকে শুরু হতে চলা দলীপ ট্রফি থেকে সরে দাঁড়াতে হয় তাঁকে। বৃহস্পতিবার বেঙ্গালুরুতেই শুরু হচ্ছে দলীপ ট্রফি। যেখানে শুভমানের অনুপস্থিতিতে উত্তরাঞ্চলের অধিনায়ক কে হবেন, তা নিয়ে রয়েছে জল্পনা। রাতের দিকের খবর, দলের সহ অধিনায়ক অঙ্কিত কুমার উত্তরাঞ্চলের অধিনায়ক হতে চলেছেন। পূর্বাঞ্চলের বিরুদ্ধে উত্তরাঞ্চলের ম্যাচ দিয়ে কাল শুরু হচ্ছে দলীপ। শুভমানের অনুপস্থিতিতে দলীপের মূল আকর্ষণ হিসেবে সামনে চলে এসেছেন মহম্মদ সামি। দীর্ঘসময় পর চোট সারিয়ে ফিট হয়ে, আগের তুলনায় ওজন কমিয়ে মাঠে ফিরছেন সামি। জানা গিয়েছে, সামির পারফরমেন্স ও ফিটনেসের দিকে বিসিসিআইয়ের পাশে জাতীয় নির্বাচকদেরও নজর থাকবে। পূর্বাঞ্চল অধিনায়ক অভিমন্যু ঈশ্বরণও সামিকে নিয়ে আশাবাদী।

বৃহস্পতিবার মাঠে নেমে সামি কেমন পারফর্ম করেন, সময় বলবে। কিন্তু তার আগে শুভমানকে নিয়ে চলছে চর্চা। ৯ সেপ্টেম্বর থেকে দুবাইয়ে শুরু হচ্ছে এশিয়া কাপের আসর। তার আগে ৪ সেপ্টেম্বর টিম ইন্ডিয়ার দুবাই পৌঁছানোর কথা। ৫ সেপ্টেম্বর থেকে দুবাইয়ে চার দিনের শিবির রয়েছে টিম ইন্ডিয়ার। তার আগে শুভমানকে নিয়ে চলছে প্রবল চর্চা। অক্ষর প্যাটেলের বদলে টিম ইন্ডিয়ার টি২০ স্কোয়াডের সহ অধিনায়কের দায়িত্ব পেয়েছেন শুভমান। এশিয়া কাপের আসরে শুভমানের দিকেও বিশেষ নজর থাকবে ক্রিকেটমহলের। কিন্তু তার আগে সবচেয়ে গুরুতর প্রশ্ন হল ভাইরাল জ্বরে আক্রান্ত গিল কি ফিট? এশিয়া কাপের আগে তিনি পুরো ফিট হয়ে যাবেন তো?

আপাতত কোনও প্রশ্নেরই জবাব নেই। বিসিসিআইয়ের একটি সূত্রের খবর, আগামী সোমবার বেঙ্গালুরুর সেন্টার অফ এক্সেলেন্সে শুভমানের ফিটনেস পরীক্ষার সম্ভাবনা রয়েছে। সেই পরীক্ষার মাধ্যমেই স্পষ্ট হয়ে যাবে শুভমানের এশিয়া কাপ সম্ভাবনা। তবে ভারতীয় ক্রিকেটপ্রেমীদের জন্য আপাতত সুখবর হল, টেস্ট অধিনায়ক গিলের ডাক্তারি পরীক্ষার যাবতীয় রিপোর্ট ভালোই।



*দলীপ ট্রফির জন্য ব্যাটিং অনুশীলনে চলেছেন মহম্মদ সামি। বেঙ্গালুরুতে।*

# কেন তাঁর নাম 'লালা', আজও জানেন না সামি

**বেঙ্গালুরু, ২৭ অগাস্ট :** তিনি ফিরছেন। মাস খানেক পর ফের বল হাতে বাইশ গজের দিকে দৌড় শুরু করতে চলেছেন মহম্মদ সামি।

বৃহস্পতিবার থেকে শুরু হতে চলা দলীপ ট্রফির আসরে পূর্বাঞ্চলের হয়ে মাঠে নামার আগে সামি অদ্ভুত পরিস্থিতিতে। ভারতীয় দলে তাঁর ডাকনাম রহস্য নিয়ে ভাবনায় ডুবে তিনি।

'লালা'। ভারতীয় ক্রিকেটমহলে সবারই জানা, লালা সামির ডাকনাম। কিন্তু কেন তাঁর নাম লালা? কবে থেকে এই নামে তাঁকে ডাকা শুরু করেছিলেন সতীর্থরা? কে তাঁর নাম দিয়েছিলেন লালা? সর্বভারতীয় এক চ্যানেলে একান্ত সাক্ষাৎকার দিতে গিয়ে আজ সেই প্রসঙ্গ টেনে এনেছেন সামি। তাঁর মনে হচ্ছে, প্রাক্তন ভারত অধিনায়ক বিরাট কোহলিই তাঁকে এমন নাম দিয়েছিলেন। কিন্তু কেন? সেটা আজও রহস্য সামির কাছে। দলীপে কামব্যাকের আগে সামি আজ বলেছেন, 'কবে থেকে লালা নামটা আমার সঙ্গে জুড়ে গেল, আজও জানি না। কে, কীভাবে নামটা দিয়েছিল, সেটাও জানি না। মনে হয় বিরাটভাই নামটা দিয়ে থাকবে। একমাত্র ওর পক্ষেই এমনটা সম্ভব।' কোহলি তাঁকে লালা নাম দিয়েছিলেন কিনা, পরের প্রশ্ন। সামির কথায়, 'এখন সবাই আমায় লালা নামেই ডাকে। এমনকি নতুন যে সব ছেলেরা দলে এসেছে, তারাও আমায় লালা নামেই ডাকে। অথচ, আমি নিজেই জানি না ঠিক কবে থেকে, কীভাবে এই নামটা আমার সঙ্গে জড়িয়ে গেল।'

> এখন সবাই আমায় লালা নামেই ডাকে। এমনকি নতুন যে সব ছেলেরা দলে এসেছে, তারাও আমায় লালা নামেই ডাকে। অথচ, আমি নিজেই জানি না ঠিক কবে থেকে, কীভাবে এই নামটা আমার সঙ্গে জড়িয়ে গেল। -মহম্মদ সামি

নিজের ডাকনাম রহস্যের কারণ না জানলেও সামি আপাতত মাঠে ফেরার জন্য মুখিয়ে রয়েছেন। ওজন কমিয়েছেন। আগের তুলনায় অনেক বেশি ফিট হয়েছেন। তাঁর ছিপছিপে চেহারা দেখে অনেকে অবাক হয়েছেন। সামি বলছেন, 'সময়ের দাবি মেনে নিজেকে আগের তুলনায় অনেক বেশি ফিট করেছি। খুব ফুরফুরে লাগছে নিজেকে। দলীপে মাঠে নামার জন্য আমি তৈরি। পূর্বাঞ্চলের হয়ে সেরাটা দিতে আমি তৈরি।'

# কমনওয়েলথ গেমসের জন্য বিড করছে ভারত

**নয়াদিল্লি, ২৭ অগাস্ট :** ২০৩০ কমনওয়েলথ গেমস আয়োজনের জন্য বিড করতে চলেছে ভারত। কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রকের এই প্রস্তাব ইতিমধ্যে অনুমোদন করেছে কেন্দ্রীয় মন্ত্রীসভা।

গুজরাটের আহমেদাবাদ শহরে কমনওয়েলথ গেমস আয়োজন করতে চায় ভারত। এখানে এর আগে ২০২৩ ক্রিকেট বিশ্বকাপের ম্যাচ সফলভাবে আয়োজন করা হয়েছিল। এমনকি এই আহমেদাবাদেই ২০৩৬ অলিম্পিক আয়োজন করার পরিকল্পনা রয়েছে ভারতের। তার আগে কমনওয়েলথ গেমস আয়োজন করে পরিকাঠামো গড়ে তুলতে চাইছে ভারত। সম্প্রতি কমনওয়েলথ স্পোর্টসের ডিরেক্টর অফ গেমস ড্যারেন হলের নেতৃত্বে এক প্রতিনিধিদল আহমেদাবাদ শহর পরিদর্শন করে গিয়েছে।

তবে ২০৩০ কমনওয়েলথ গেমস আয়োজনের জন্য ভারতকে নাইজিরিয়া সহ আরও কয়েকটি দেশের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে। আগামী নভেম্বরে কমনওয়েলথ গেমসের সাধারণ সভার পর আয়োজক দেশের নাম ঘোষণা করা হবে। এর আগে ২০১০ সালে দিল্লিতে কমনওয়েলথ গেমসের আয়োজন করেছিল ভারত।

# বুচিবাবুতে জয়ের স্বপ্ন দেখছে বাংলা

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৭ অগাস্ট :** প্রথম ইনিংসে লিড এল। সঙ্গে সরাসরি ম্যাচ জয়ের স্বপ্ন দেখাও শুরু হল বাংলা শিবিরে।

চেন্নাইয়ে আমন্ত্রণমূলক বুচিবাবু প্রতিযোগিতায় গ্রুপ পর্বের শেষ ম্যাচের দ্বিতীয় দিনের শেষে সরাসরি জয়ের স্বপ্ন দেখছে বাংলা। গতকালের ৫৭/৪ থেকে শুরু করে আজ সৌরভকুমার সিং (৭৯) ও অভিষেক পোড়েলের (৪৪) লড়াইয়ে ২৪১ রানে প্রথম ইনিংস শেষ হয় বাংলার। ৩৮ রানে পিছিয়ে দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে তামিলনাড়ুর সংগ্রহ ১৪৭/৩। ১০৯ রানে পিছিয়ে থাকা বাংলাকে বল হাতে জয়ের স্বপ্ন দেখাতে শুরু করেছেন আমির গনি ও বিশাল ভাটি। গনি নিয়েছেন দুই উইকেট। ভাটি এক। বাংলা শিবিরের আশা অন্তত ১৭০-১৮০ রানের লক্ষ্য তাড়া করা যাবে আগামীকাল ম্যাচের শেষ দিনে।

# স্কিন ক্যানসার, অস্ত্রোপচার ক্লার্কের

**সিডনি, ২৭ অগাস্ট :** স্কিন ক্যানসারে আক্রান্ত হয়ে আবার অস্ত্রোপচার করাতে হল মাইকেল ক্লার্ককে। অস্ট্রেলিয়ার প্রাক্তন অধিনায়ক নিজেই সমাজমাধ্যমে সে খবর দিয়েছেন। অস্ত্রোপচারের পর নিজের ছবি পোস্ট করে, একথা জানিয়েছেন। সমর্থকদের অবশ্য আশ্বস্ত করে অস্ট্রেলিয়ার বিশ্বজয়ী অধিনায়ক বলেছেন, নিয়মিত পর্যবেক্ষণের মধ্যে রয়েছেন। প্রয়োজনমাফিক চিকিৎসা চলছে।

ইনস্টাগ্রাম পোস্টে ক্লার্ক লিখেছেন, স্কিন ক্যানসারের সংখ্যা ক্রমশ বাড়ছে অস্ট্রেলিয়ায়। এদিন অস্ত্রোপচার করে নাকের থেকে যা (স্কিন সেলের অস্বাভাবিক বৃদ্ধি) কেটে বাদ দিতে হয়েছে। সবাইকে পরামর্শও দিয়েছেন, নিয়মিত স্কিন টেস্ট করানোর। ক্লার্কের যুক্তি, যে কোনও রোগ হওয়ার আগে, তা



প্রতিরোধ শ্রেয়। এরজন্য নিয়মিত পর্যবেক্ষণ দরকার। শুরুতে ক্যানসার ধরা পড়া গুরুত্বপূর্ণ। শুরুতেই ধরা পড়া এবং তার চিকিৎসার চন্য চিকিৎসকদের কাছে কৃতজ্ঞ ক্লার্ক।

অস্ট্রেলিয়ার প্রথমসারির এক দৈনিকের দাবি, ২০০৬ সালে প্রথমবার ক্যানসার ধরা পড়ে ক্লার্কের। সেবারও অস্ত্রোপচার করাতে হয়। পরবর্তী সময়ে একাধিকবার স্কিন ক্যানসারের জন্য একই পথে হাঁটতে হয়েছে। ক্লার্ক বলেছেন, 'প্রত্যেকবার শরীরে বাসা বাঁধা ক্যানসারের অংশ বারবার কেটে বাদ দিতে হয়েছে। বেশিরভাগই আমার মুখে। কেরিয়ারের লম্বা সময় খোলা আকাশ, সূর্যের মধ্যে কাটাতে হয়েছে। তারই কুফল এটা।'

# ফিফার সতর্কবার্তা কল্যাণকে

## অক্টোবরের মধ্যে সংবিধান কার্যকর না করলে বহিষ্কার

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৭ অগাস্ট :** অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশনকে সময়সীমা বেঁধে দিল ফিফা।

আগেই জানানো হয়েছিল, ফিফা ফের বহিষ্কারের হুমকি দিয়েছে এআইএফএফ-কে। এবার সরাসরি চিঠি এসে পৌঁছাল ফেডারেশনের সদর দপ্তরে। কল্যাণ চৌবেকে লেখা চিঠিতে পরিষ্কার সতর্ক করে লেখা হয়েছে, ৩০ অক্টোবরের মধ্যে পরিবর্তিত সংবিধান কার্যকর না করলে আবারও আন্তর্জাতিক আঙিনা থেকে এআইএফএফ-কে বহিষ্কার করা হবে। তৃতীয় পক্ষের হস্তক্ষেপ থেকে যেন বিরত রাখা হয় ফুটবলকে। এই চিঠিতে সই করেছেন ফিফার সদস্য অ্যাসোসিয়েশনের সদস্য এল্কহান মাহাদভ ও এএফসি সহ মহাসচিব ভাহিদ কারদানে। ২০১৭ সাল থেকে সুপ্রিম কোর্টের অধীনে রয়েছে ফেডারেশনের সংবিধান। ফিফার এই চিঠিতে লেখা হয়েছে 'ভারতীয় ফুটবলকে ঘিরে দীর্ঘ সময় ধরে চলা অভিযোগ-পালটা অভিযোগ এবং আইনি টানাপোড়েন চলছেই।' সুপ্রিম কোর্টের অনুমোদন নিয়ে দ্রুত সংবিধান কার্যকর করার নির্দেশ দেওয়া হয়েছে। ফিফা ও এএফসি-র সবরকম নিয়ম মেনেই যেন জেনারেল বডি তৈরি করা হয়, একথাও লেখা হয়েছে চিঠিতে। আর এগুলো ঠিকমতো মানা না হলে যে এআইএফএফ-কে বহিষ্কার করা হবে, খুব কঠোর ভাষায় এই কথা জানানো হয়েছে। ২০২২ সালেও ঠিক একইভাবে ভারতীয় ফুটবল ফিফা-ব্যানের সামনে পড়ে তৃতীয় পক্ষের হস্তক্ষেপের জন্য। কারণ সেই সময় সুপ্রিম কোর্ট একটি কমিটি গড়ে দিয়েছিল ফেডারেশনের কাজ চালানোর জন্য। তবে ফিফা-ব্যানের পরই অবশ্য দ্রুত নির্বাচন অনুষ্ঠিত হয় ও কল্যাণের নেতৃত্বে কমিটি গঠন করা হয়।

মজার কথা হল, এবার গ্রীষ্মাবকাশে যাওয়ার আগেই সুপ্রিম কোর্ট জানায়, তাদের সংবিধান তৈরি। জুলাইয়ে আদালতের কাজ শুরু হলেই যা ফেডারেশনের হাতে তুলে দেওয়া হবে। কিন্তু ফের জাতীয় ক্রীড়ানীতি নতুন করে সংসদে পাশ হওয়ায় প্রয়োজনীয় পরিবর্তনের জন্য এখনও সেই সংবিধান আদালতেই থেকে গিয়েছে। আশা করা হচ্ছে ২৮ অগাস্ট শুনানির পরই এই বিষয়ের উপর কিছুটা আলো পড়বে এবং এরই মধ্যে ফেডারেশন ও এফএসডিএল নিজেদের মধ্যে আলোচনা করে ফুটবল শুরু করার বিষয়ে অগ্রসর হওয়ার মধ্যেই এই চিঠি ফের দুশ্চিন্তার কালো মেঘ তৈরি করে দিল ভারতীয় ফুটবল আকাশে। কারণ কোনও কারণে অক্টোবরের মধ্যে নতুন কমিটি তৈরি না হলে ফের ব্যানের সম্মুখীন হয়ে এদেশের ফুটবলই থমকে যেতে পারে।




ইউএস ওপেনের দ্বিতীয় রাউন্ডে উঠে কোকো গফ (বাঁয়ে) ও জানিক সিনার। ছবি : এএফপি



ডুরান্ড কাপে চ্যাম্পিয়ন হয়েছে নর্থইস্ট ইউনাইটেড এফসি। ফ্র্যাঞ্চাইজির অন্যতম কর্ণধার জন আব্রাহামের হাতে প্রেসিডেন্টস কাপ তুলে দিলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। রাষ্ট্রপতি ভবন রাইসিনা হিলসে বুধবার।

# দুসানবেতে পৌঁছেই মাঠে ভারতীয় দল

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৭ অগাস্ট :** দুসানবেতে অনুশীলন শুরু করে দিল ভারতীয় দল।

মঙ্গলবার ভারতীয় সময় রাতের দিকে তাজিকিস্তানের রাজধানীতে পৌঁছান খালিদ জামিল ও তাঁর ছেলেরা। যদিও গোটা দল একসঙ্গে যেতে পারেনি বেঙ্গালুরু থেকে। একদল ফুটবলার নয়াদিল্লি হয়ে এবং বাকিরা দুবাই হয়ে দুসানবে পৌঁছায়। তবে লম্বা সফরের ক্লান্তি কাটাতেই গোটা দলকে এদিন সারাটাদিন বিশ্রাম দেম খালিদ। যদিও সময় নষ্ট না করে বিকেলেই অনুশীলনে নেমে পড়ে ভারতীয় দল। ২৯ অগাস্ট ভারতের প্রথম ম্যাচ আয়োজক দল তাজিকিস্তানের বিপক্ষে। পরবর্তী দুই ম্যাচ ১ ও ৪ সেপ্টেম্বর যথাক্রমে ইরান ও আফগানিস্তানের সঙ্গে খেলবে খালিদের দল। এই কাফা নেশনস কাপে এবারই প্রথম অংশ নিচ্ছে ভারত। আর জাতীয় দলের দায়িত্ব নিয়ে এই টুর্নামেন্টই প্রথম পরীক্ষা খালিদ জামিলের। বলতে গেলে এশিয়ান কাপের বাছাইপর্বে শক্তিশালী সিঙ্গাপুরের বিপক্ষে অক্টোবরে মাঠে নামার আগে ভারতীয় দলের সমস্যা ঠিক কোথায় সেইসবও এখান থেকেই বুঝে নিতে হবে সদ্য নিযুক্ত কোচকে। যদিও জাতীয় দলের জন্য এবার ফুটবলার ছাড়েনি মোহনবাগান সুপার জায়েন্ট। ফলে গত কয়েক মরশুম প্রথম একাদশে খেলা ফুটবলারদের অনেকেই নেই দলে। নতুনদের দেখে নেওয়ার জন্য সুনীল ছেত্রীকে শিবিরেই ডাকেননি খালিদ।

এই ভাঙাচোরা দল নিয়ে নয়া কোচ যদি গোটা দলকে মানসিকভাবে চাঙ্গা করতে পারেন, তাহলে সেটাই হবে তাঁর কৃতিত্ব। যা তিনি পারবেন বলেই মনে করা হচ্ছে।

# ফের হেরে বিদায়ের পথে মোহনবাগান

**মোহনবাগান সুপার জায়েন্ট-০**
**ক্যালকাটা কাস্টমস-১ (রৌনক)**

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৭ অগাস্ট :** কলকাতা ফুটবল লিগে মোহনবাগান সুপার জায়েন্টের জন্য সুপার সিক্সের দরজা কি বন্ধ হয়ে গেল? সরকারিভাবে এখনই সেই কথা বলা যায় না। তবে বুধবার ক্যালকাটা কাস্টমসের কাছে ১-০ গোলে হারের পর পরিস্থিতি যা তাতে কার্যত দৌড় থেকে ছিটকে গেল সবুজ-মেরুন।



হ্যাটট্রিক করার পরের ম্যাচেই খালি হাতে ফিরলেন শিবম মুন্ডা।

এদিন ম্যাচের সিংহভাগ সময় কাস্টমসেরই প্রাধান্য বেশি ছিল। তুলনায় মোহনবাগানকে বেশ অগোছাল দেখাল। তার মধ্যেও ১০ মিনিটে গোলমুখ প্রায় খুলে ফেলেছিলেন সবুজ-মেরুনের তুষার বিশ্বকর্মা। তাঁর শট কাস্টমস গোলরক্ষকের হাতে লেগেও গোলেই ঢুকছিল। অফসাইডে থাকা মহম্মদ বিলাল ওই বলে পা ছোঁয়ানোয় গোল বাতিল হয়ে যায়। প্রথমার্ধের শেষ মুহূর্তে কাস্টমস গোলরক্ষকের ভুলে আরও একবার বক্সে বল পান তুষার। তবে তিনি নিজে তা কাজে লাগাতে তো পারলেনই না। পাশে ফাঁকায় থাকা শিবম মুন্ডাকে পাস বাড়ালে তিনিও গোল করতে পারতেন। কিন্তু তাও করলেন না তুষার। দ্বিতীয়ার্ধেও ছবিটা বিশেষ বদলাল না। বারবারই কাস্টমস রক্ষণের জালে আটকে পড়লেন শিবম মুন্ডা, পীযূষ ঠাকুরি, থুমসল টংসিনরা। উলটোদিকে বাগান রক্ষণে ক্রমাগত চাপ বজায় রেখে গেল কাস্টমস। ১৪ মিনিটে রবি হাঁসদার ভলি কোনওমতে রুখে দেন মোহনবাগান গোলরক্ষক দীপ্রভাত ঘোষ। গোটা ম্যাচে একাধিক নিশ্চিত গোল বাঁচান তিনি। ২৭ মিনিটে রিকি ঘরামির শট কর্নারের বিনিময়ে বিপন্মুক্ত করেন। দ্বিতীয়ার্ধে ৭০ মিনিট নাগাদ বক্সের মধ্যে থেকে ঝন্টু প্রসাদের শট রুখে দেন সেই দীপ্রভাত। তবে শেষরক্ষা হল না। শেষ বাঁশি বাজার মিনিটখানেক আগে বক্সের একেবারে প্রান্ত থেকে রৌনক পালের বাঁ পায়ের শট গোলে ঢুকে যায়। দীপ্রভাত কিছুটা এগিয়ে যাওয়ায় বলের নাগাল পাননি।

এই হারের ফলে সবুজ-মেরুনের সুপার সিক্সের রাস্তা কার্যত বন্ধ হয়ে গেল। ৯ ম্যাচ খেলে মোহনবাগানের ঝুলিতে ১৪ পয়েন্ট। মাঝে মেসারার্স ম্যাচে দল না নামানোয় একটা ম্যাচ কম খেলে রয়েছে তারা। যদিও ওই ম্যাচের ভাগ্য আইএফএ লিগ সাব-কমিটির হাতে ঝুলে। এই মুহূর্তে যা পরিস্থিতি তাতে গ্রুপের শেষ ম্যাচ জিতলেও সর্বোচ্চ ১৭ পয়েন্টে পৌঁছোবে মোহনবাগান। সেখানে এদিনের জয়ের সুবাদে ১৯ পয়েন্ট নিয়ে পয়েন্ট টেবিলের তিন নম্বরে পৌঁছে গেল কাস্টমস।

**মোহনবাগান : দীপ্রভাত, পীযূষ, বিলাল, আদিত্য মণ্ডল (রোহন), মার্শাল, নিশার, মিংমা (পবিত্র), আদিত্য অধিকারী (রোহিত), টংসিন (বিভান), তুষার (সাহিল) ও শিবম।**

# খাদের কিনারা থেকে দ্বিতীয় রাউন্ডে গফ

**নিউ ইয়র্ক, ২৭ অগাস্ট :** একপেশে জয়। চ্যাম্পিয়নের মতোই ইউএস ওপেন অভিযান শুরু করলেন জানিক সিনার।

গতবারের চ্যাম্পিয়ন সিনারের বিরুদ্ধে কোনও প্রতিরোধই গড়ে তুলতে পারলেন না চেক প্রজাতন্ত্রের ভিট কপরিভা। সিনার ম্যাচ জিতলেন ৬-১, ৬-১, ৬-২ গেমে। মঙ্গলবার কয়েক মুহূর্তের জন্য ম্যাচটির সম্প্রচারে ব্যাঘাত ঘটে। আসলে এনএফএল তারকা ট্রাভিস কেলসের সঙ্গে বাগদান পর্ব সেরেছেন বিখ্যাত পপ গায়িকা টেলর সুইফট। এদিন সেই খবর সামনে আসতেই বিশ্বজুড়ে আলোড়ন পড়ে যায়। দুই ধারাভাষ্যকার কয়েক মিনিটের জন্য ম্যাচ থেকে চোখ সরিয়ে নজর দিয়েছিলেন ওই খবরে।

ইউএস ওপেন প্রথম রাউন্ডে স্ট্রেট সেটে ম্যাচ জিতলেন আলেকজান্ডার ভেরেভও। দুই ঘণ্টার লড়াইয়ে আলেজান্দ্রো টাবিলোকে ৬-২, ৭-৬, ৬-৪ গেমে হারালেন

### সহজ জয় সিনার, সোয়াতেকের

পুরুষ সিঙ্গলসের তৃতীয় বাছাই ভেরেভ। মহিলা সিঙ্গলসে প্রথম রাউন্ডে খাদের কিনারা থেকে ঘুরে দাঁড়িয়ে ম্যাচ জিতলেন কোকো গফ। আজলা টোমলানোভিচকে ৬-৪, ৬-৭ (২/৭), ৭-৫ গেমে হারালেন তিনি। এদিন শুরু থেকেই সার্ভিসে বারবার ভুল করছিলেন গফ। এমনকি দ্বিতীয় সেটে একটা সময় ৪-২ গেমে এগিয়ে গিয়েও টোমলানোভিচের কাছে সেট হাতছাড়া করেন। শেষপর্যন্ত অভিজ্ঞতা কাজে লাগিয়েই ম্যাচ জিতলেন গফ। তিনি স্বীকারও করে নিয়েছেন, ম্যাচটা স্ট্রেট সেটে জিততে পারতেন। বলেছেন, 'নিজেই ম্যাচটা কঠিন করে ফেলেছিলাম। পারফরমেন্সে একেবারেই খুশি নই।' অন্যদিকে সহজ জয়ে দ্বিতীয় রাউন্ডের ছাড়পত্র পেলেন নাওমি ওসাকা। বেলজিয়ামের গ্রিট মিনেনকে স্ট্রেট সেটে হারান তিনি। ম্যাচের ফল ৬-৩, ৬-৪। প্রথম রাউন্ডের ম্যাচে ইগা সোয়াতেকের সামনে দাঁড়াতেই পারেননি কলম্বিয়ার এমিলিয়ানা আরাঙ্গো। সোয়াতেক ম্যাচ জেতেন ৬-১, ৬-২ গেমে।

## রুপো অনীশের

**তাসখন্দ, ২৭ অগাস্ট :** এশিয়ান শুটিং চ্যাম্পিয়নশিপে অল্পের জন্য সোনা হাতছাড়া ভারতীয় শুটার অনীশ ভানওয়ালার। বুধবার পুরুষদের ২৫ মিটার র‍্যাপিড ফায়ার পিস্তলে রুপো জিতেছেন অনীশ। ফাইনালে তিনি ৩৫ স্কোর করেন। মাত্র এক পয়েন্টের জন্য সোনা জিততে ব্যর্থ ভারতীয় শুটার। সোনা জিতেছেন চিনের সু লিয়ানবোফন। মঙ্গলবার অলিম্পিয়ান শুটার সিফট কাউর সামারা মহিলাদের ব্যক্তিগত বিভাগে ৫০ মিটার রাইফেল থ্রি পজিশনে সোনা জিতেছিলেন। এখনও পর্যন্ত সিনিয়ার ও জুনিয়ার মিলিয়ে এই প্রতিযোগিতায় ভারতের সংগ্রহ মোট ৭২টি পদক। এর মধ্যে ৩৯টি সোনা রয়েছে।



# আজ ফের ৯০ পার করতে মরিয়া নীরজ

**জুরিখ, ২৭ অগাস্ট :** দোহায় ৯০ মিটার পার করেছিলেন। বৃহস্পতিবার আরও একবার সেই লক্ষ্য নিয়ে নামছেন নীরজ চোপড়া।

সুইৎজারল্যান্ডের জুরিখে ডায়মন্ড লিগের ফাইনালে নামছেন নীরজ। মেগা ইভেন্টের আগে বেশ শান্ত, একইসঙ্গে আত্মবিশ্বাসী পানিপতের জ্যাভলিন থ্রোয়ার। ফাইনালে ৭ অংশগ্রহণকারীদের মধ্যে তালিকায় রয়েছে বিশ্বসেরা জুলিয়ান ওয়েবারের নাম। তাঁকেই সবচেয়ে কঠিন প্রতিপক্ষ হিসেবে দেখছেন নীরজ। সরাসরিই বললেন, লড়াইটা সহজ হবে না। ভারতের তারকা জ্যাভলিন থ্রোয়ার বলেছেন, 'শেষ দুই বছরের পারফরমেন্স বিচার করলে এই মুহূর্তে সবচেয়ে কঠিন প্রতিপক্ষ জুলিয়ান ওয়েবার। উনি সত্যিই ভালো খেলছেন। দোহাতে ৯১ মিটার, ব্রাসেলসে ৮৯ মিটার থ্রো করেছিলেন। তবে জুলিয়ান আমার ভালো বন্ধুও। ওঁকে প্রতিপক্ষ হিসেবে পেতে ভালোই লাগে।'

**ডায়মন্ড লিগে আজ**
**পুরুষদের জ্যাভলিন থ্রো**
**সময় :** রাত ১১.১৫ মিনিট
**স্থান :** জুরিখ
**সম্প্রচার :** টুর্নামেন্টের ইউটিউব চ্যানেল ও ফেসবুক পেজ

ওয়েবার ছাড়াও প্রাক্তন বিশ্বচ্যাম্পিয়ন অ্যান্ডারসন পিটার্স ও অলিম্পিকে সোনাজয়ী জুলিয়াস ইয়েগো, কেশর্ন ওয়ালকটের মতো অ্যাথলিটদের কঠিন চ্যালেঞ্জ সামলাতে হবে নীরজকে। তবে খেতাবের পাশাপাশি আরও একটা লক্ষ্যমাত্রা নিয়ে নামছেন তিনি। দোহায় ৯০.২৩ মিটার থ্রো করেছিলেন নীরজ। এবার সেই ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্য। তবে তাঁর পাখির চোখ অক্টোবরে বিশ্বচ্যাম্পিয়নশিপে খেতাব জয়।

## ত্রিপুরার পথে বিজয় শংকর

**চেন্নাই, ২৭ অগাস্ট :** হনুমা বিহারীর পর এবার বিজয় শংকর। আসন্ন ঘরোয়া মরশুমে নিজের রাজ্য তামিলনাড়ু ছেড়ে ত্রিপুরায় যোগ দিতে চলেছেন তিনি। সম্প্রতি তাঁর নিজের রাজ্য তামিলনাড়ু ক্রিকেট সংস্থার সঙ্গে সম্পর্ক খারাপ হয়েছে। দুই পক্ষের মধ্যে মতের অমিল হওয়ার পাশে তামিলনাড়ুর হয়ে ঘরোয়া ক্রিকেটে নিয়মিত সুযোগ পাচ্ছিলেন না তিনি। তাই তামিলনাড়ু থেকে এনওসি নিয়ে ত্রিপুরায় যোগ দিতে চলেছেন তিনি। উল্লেখ্য, জাতীয় দলের হয়ে মোট ৯টি টি২০ ও ১২টি একদিনের আন্তর্জাতিক ম্যাচ খেলেছেন তিনি।

## পুরস্কার পাচ্ছে ম্যাকোর অ্যাকাডেমি

**কলকাতা, ২৭ অগাস্ট :** শনিবার সিএবি-র বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে পুরস্কার পাচ্ছে শিবশংকর পাল ক্রিকেট অ্যাকাডেমি। অম্বর রায় ট্রফি অনূর্ধ্ব-১৩ ক্রিকেটে সেরা শৃঙ্খলাপরায়ণ দলের স্বীকৃতি দেওয়া হবে ম্যাকোর অ্যাকাডেমিকে।



ম্যাচের সেরার পুরস্কার নিচ্ছেন দিনার নার্জিনারি। ছবি : অনুপ সাহা

## সেমিফাইনালে জেসন একাদশ

**ওদলাবাড়ি, ২৭ অগাস্ট :** মিলন সংঘ ক্লাবের বাইতুল আলম ও রামবাহাদুর থাপা ট্রফি ১৬ দলীয় ফুটবলে সেমিফাইনালে উঠল কামাখ্যাগুড়ির জেসন একাদশ। মঙ্গলবার তৃতীয় প্রি-কোয়ার্টার্র ফাইনালে তারা টসের মাধ্যমে রাজগঞ্জ ওয়েলফেয়ার অর্গানাইজেশনকে হারিয়েছে। দক্ষিণ ওদলাবাড়ির শান্তি কলোনি মাঠে নির্ধারিত সময়ে ম্যাচ ১-১ ছিল। জেসনের দিনার নার্জিনারি ও রাজগঞ্জ ওয়েলফেয়ারের আশিস রায় গোল করেন। পরে টাইব্রেকার ও সাডেন ডেথে ম্যাচের নিষ্পত্তি না হওয়ায় টসের মাধ্যমে জয়ী নির্ধারণ করা হয়। ম্যাচের সেরা দিনার। বৃহস্পতিবার চতুর্থ প্রি-কোয়ার্টার্র ফাইনালে খেলবে হলদিবাড়ি প্লেয়ার্স ইউনিট ও ও ওদলাবাড়ি চা বাগানের সারনা একাদশ।

## চ্যাম্পিয়ন আরজেএল হাইস্কুল

**কোচবিহার, ২৭ অগাস্ট :** প্রবীণ ক্রীড়া সংস্থার ৪ দলীয় ফুটবলে চ্যাম্পিয়ন হল পুন্ডিবাড়ি আরজেএল হাইস্কুল। বুধবার ফাইনালে তারা ২-০ গোলে জিতেছে পশ্চিম ঘুঘুমারি হাইস্কুলের বিরুদ্ধে। এমজেএন স্টেডিয়ামে গোল করে পরিমল সরকার ও অর্ঘ্য রায়। ফাইনালের সেরা পুন্ডিবাড়ির নিতাই সরকার।

## ভারতের ৫ গোল

**থিম্পু, ২৭ অগাস্ট :** অনূর্ধ্ব-১৭ মহিলা সাফ চ্যাম্পিয়নশিপে ভুটানের বিরুদ্ধে ৫-০ গোলে জয় ভারতের মেয়েদের। ম্যাচের প্রথমার্ধেই ৩ গোলে এগিয়ে যায় 'ব্লু টাইগ্রেস'। দুইটি গোল করেন অনুষ্কা কুমারী। একটি গোল শ্বেতা রানির। দ্বিতীয়ার্ধে বাকি দুইটি গোল করলেন জুলান নংমাইথেম ও নিরা চানু। এই জয়ের সুবাদে ৪ ম্যাচের ৪টিতে জিতে গ্রুপে শীর্ষস্থান মজবুত করলেন ভারতের মেয়েরা।

কমনওয়েলথ গেমসের জন্য বিড করছে ভারত
-খবর এগারোর পাতায়

# অবনমন এড়াতে জিততে হবে আজ মহমেডানকে

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৭ অগাস্ট :** বিনিয়োগকারীর কোনও দেখা নেই। কলকাতা লিগে দলের পারফরমেন্সও ভালো নয়। সব মিলিয়ে সমস্যায় জর্জরিত মহমেডান স্পোর্টিং ক্লাব।

বৃহস্পতিবার কলকাতা লিগে এরিয়ানের বিরুদ্ধে নামছে সাদা-কালো শিবির। এই মুহূর্তে ১০ ম্যাচে পয়েন্ট নিয়ে লিগ তালিকায় একাদশ স্থানে রয়েছে মেহরাজের দল। অবনমন পর্ব এড়াতে গেলে এই ম্যাচ জিততে হবে। প্রতিপক্ষ এরিয়ানের অবস্থাও খারাপ। তারা ১০ ম্যাচে ৯ পয়েন্ট নিয়ে মহমেডানের ঠিক ওপরে রয়েছে। কাজেই তাদের কাছেও জেতা ছাড়া কোনও উপায় নেই।

এখনও পর্যন্ত লিগে দশটি ম্যাচের সাতটিতেই হেরেছে মহমেডান। দলের ক্রমাগত হারে ধৈর্যচ্যুতি ঘটেছে কোচ মেহরাজউদ্দিন ওয়াডুরও। আপাতত এরিয়ানকে হারিয়ে অবনমন পর্ব এড়ানোই লক্ষ্য তাঁর। দলে উপেন টুডু ছাড়া কোনও খেলোয়াড়ের চোট নেই। ফলে পূর্ণশক্তির দল নিয়েই মাঠে নামবে মহমেডান।

বিজ্ঞাপন
ডিয়ার সাপ্তাহিক লটারির
₹১ কোটির বিজয়ী হলেন
দার্জিলিং-এর এক বাসিন্দা



পশ্চিমবঙ্গ, দার্জিলিং - এর একজন বাসিন্দা বিনয় রাজ ইয়ঞ্জন - কে 02.06.2025 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 77C 45617 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতায় অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নোডাল অফিসারের কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন "আমি যখন আমার স্বপ্ন পূরণের জন্য সঠিক সুযোগ খুঁজছিলাম, তখন ডিয়ার লটারি আমার জীবনে আশীর্বাদ স্বরূপ এসেছে এবং এক কোটি টাকার প্রথম পুরস্কার জয়লাভের মাধ্যমে আমাকে কোটিপতি বানিয়েছে। এই বিশাল জয় আমার মতো অনেক সাধারণ মানুষের কাছে সত্যিই সাহায্যকারী এবং আমি ডিয়ার লটারি এবং নাগাল্যান্ড রাজ্য লটারির কাছে কৃতজ্ঞ।" ডিয়ার লটারির প্রতিটি ড্র সরাসরি দেখানো হয় তাই এর সততা প্রমাণিত।
* বিজয়ীর তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।



ম্যাচের সেরার ট্রফি হাতে শেখ আশিক। ছবি : অভিরূপ দে

## সেমিতে হার আনন্দনগরের

**ময়নাগুড়ি, ২৭ অগাস্ট :** জরদাভ্যালি স্পোর্টিং ক্লাবের গোল্ড কাপ ফুটবলে ফাইনালে উঠল উত্তর ২৪ পরগনা জেলার নিমতার মিলন সমিতি। প্রথম সেমিফাইনালে তারা টাইব্রেকারে ৪-৩ গোলে হারিয়েছে ময়নাগুড়ি আনন্দনগর একাদশকে। নির্ধারিত সময়ে ম্যাচ গোলশূন্য ছিল। ম্যাচের সেরা শেখ আশিক। শুক্রবার দ্বিতীয় সেমিফাইনালে খেলবে শিলিগুড়ির কাঞ্চনজঙ্ঘা ফুটবল ক্লাব ও এসএসবি রানিডাঙ্গা।

## কালিম্পং পুলিশকে হারাল বাগরাকোট

**বানারহাট, ২৭ অগাস্ট :** বানারহাট তরুণ সংঘের প্ল্যাটিনাম জুবিলি ফুটবলে মঙ্গলবার বাগরাকোট ফুটবল ক্লাব ৩-২ গোলে কালিম্পং পুলিশের টিমকে হারিয়েছে। ম্যাচের সেরা জেনি মুসা।

## দ্বিতীয় রাউন্ডে কারবালা

**ধূপগুড়ি, ২৭ অগাস্ট :** এসআরএমবি ধূপগুড়ি কাপের প্রথম রাউন্ডের শেষ ম্যাচে ধূপগুড়ি এফসি-কে ২-০ গোলে হারিয়ে দ্বিতীয় রাউন্ডে উঠল কারবালা ফুটবল ক্লাব। পৌর ফুটবল ময়দানে গোল করেন সাহিল এক্কা। অন্য গোলটি আত্মঘাতী। ম্যাচের সেরা কারবালার গোলরক্ষক অভি মুন্ডা। বৃহস্পতিবার দ্বিতীয় রাউন্ডের প্রথম ম্যাচে নামবে ময়নাগুড়ি এফসি ও জলপাইগুড়ি নিধি ইলেভেন।

## শেষ চারে বেতগুড়ি

**মালবাজার, ২৭ অগাস্ট :** ডামডিম ফ্রেন্ডস ইউনিয়ন ক্লাবের ভীম বাহাদুর দার্নাল, বাঞ্ছারাম সাহা ও পবিত্রকুমার দে ট্রফি ফুটবলে সেমিফাইনালে উঠল বেতগুড়ি চা বাগান। বুধবার দ্বিতীয় কোয়ার্টার্র ফাইনালে তারা টাইব্রেকারে ৪-৩ গোলে জিতেছে বিন্নাগুড়ি এফসি-র বিরুদ্ধে। নির্ধারিত সময়ে ম্যাচ ১-১ ছিল। বেতগুড়ির পরিমল পান্না ও বিন্নাগুড়ির সুমিত কুজুর গোল করেন।

উত্তরের খেলা

## মাল জোনের দলে আদর্শর ৩

**মালবাজার, ২৭ অগাস্ট :** মৌলানি হাইস্কুলের মাঠে আয়োজিত জোনাল স্কুল খো খো-য় রানার্স হয়েছিল মাল আদর্শ বিদ্যাভবন। তাদের তিন খেলোয়াড় অভিরূপ সেন, তন্ময়কান্তি বর্মন, শিব ওরাওঁ অনূর্ধ্ব-১৪ মাল জোনের দলে সুযোগ পেয়েছে। তারা বৃহস্পতিবার জলপাইগুড়ি রথেরহাট স্কুলে জেলা পর্যায়ের প্রতিযোগিতায় মাল জোনের হয়ে মাঠে নামবে।



ম্যাচের সেরার ট্রফি নিচ্ছেন হেমন্ত চোরে । ছবি : রহিদুল ইসলাম

## সেমিতে গ্রিন, মাগুরমারি-১

**জলপাইগুড়ি ব্যুরো**

**২৭ অগাস্ট :** জেলা পুলিশের পুলিশ-পাবলিক ফ্রেন্ডশিপ কাপ ফুটবলে বুধবার মাল থানায় সেমিফাইনালে উঠল গ্রিন ওদলাবাড়ি। প্রথম কোয়ার্টার্র ফাইনালে তারা ১-০ গোলের ব্যবধানে ওদলাবাড়ি গ্রাম পঞ্চায়েত দলকে হারিয়েছে। ওদলাবাড়ি বিধানপল্লি মাঠে গোল করেন বিবেক ওরাওঁ। ময়নাগুড়ি হঠাৎ কলোনির মাঠে সেমিফাইনালে উঠল খাগড়াবাড়ি-১ গ্রাম পঞ্চায়েত। বুধবার তারা ১-০ গোলে ময়নাগুড়ি টাউন এনজেপি-র বিরুদ্ধে জয় পায়। গোল করেন মহম্মদ সায়েদ আলি। মেটেলি থানায় কলাবাড়ি জ্যোতি সংঘ মাঠে মাটিয়ালি বাতাবাড়ি-১ নং গ্রাম পঞ্চায়েত 'ডি' দল ২-০ গোলে মাটিয়ালিহাট গ্রাম পঞ্চায়েত 'সি' দলকে হারিয়েছে। ম্যাচের সেরা হেমন্ত চোরে। ধূপগুড়ি থানায় সেমিফাইনালে উঠল মাগুরমারি-১ নম্বর অঞ্চল দল। প্রথম কোয়ার্টার্র ফাইনালে তারা ৩-১ গোলে জিতেছে বারোঘড়িয়া গ্রাম পঞ্চায়েতের বিরুদ্ধে। বিদ্যাশ্রম মাঠে গোল করেন কৌশিক রায়, মহম্মদ রোহিত ও জয়েত রায়।